বেতাল পঞ্চবিংশতি।

কালেজ্ আফ্ ফোর্টউইলিয়ম্ নামক বিদ্যালয়ের

অধ্যক্ষ

শ্রীযুত মেজর জি. টি. মার্শেল মহোদয়ের

আদেশে

প্রসিদ্ধ হিন্দী পুস্তক অনুসারে

লিখিত

কলিকাতা

শ্রীযুত পি. এস. ডি. রোজারিও কোম্পানির মুদ্রাযন্ত্রে

প্রকাশিত

সংবৎ ১৯০৩

College of Fort William

গ্রহণেচ্ছু মহাশয়েরা কালেজ্ আফ্ ফোর্টউইল্লিয়মের বাঙ্গালা সেরেস্তাদার শ্রীযুত দীনবন্ধু ন্যায়রত্ন ভট্টাচার্য্যের নিকট অনুসন্ধান করিলে প্রাপ্ত হইবেন।

মূল্য তিন টাকা।।

বেতাল পঞ্চবিংশতি।

উপক্রমণিকা।

উজ্জয়িনী নগরে গন্ধর্ব্বসেন নামে রাজা ছিলেন। তাঁহার চারি মহিষী ছিল। তাহারদের গর্ভে রাজার ছয় পুত্র জন্মে। রাজকুমারেরা সকলেই সুপণ্ডিত ও অতিশয় বলবান্ ছিলেন। কালক্রমে নৃপতির লোকান্তর প্রাপ্তি হইলে পর সর্ব্বজ্যেষ্ঠ শঙ্কু সিংহাসনে আরোহণ করিলেন। তৎকনিষ্ঠ বিক্রমাদিত্য বিদ্যানুরাগ নীতিপরতা ও শাস্ত্রানুশীলন দ্বারা বিশেষ বিখ্যাত ছিলেন। তথাপি রাজ্যভোগের লোভসম্বরণে অসমর্থ হইয়া জ্যেষ্ঠের প্রাণসংহার পূর্ব্বক স্বয়ং রাজ্যেশ্বর হইলেন। এবং ক্রমে২ নিজ বাহুবলে সমস্ত দিগ্বিজয় করিয়া লক্ষযোজনবিস্তীর্ণ জম্বুদ্বীপের অধীশ্বর হইয়া আপন নামে অব্দ প্রচলিত করিলেন।

কিয়দ্দিনানন্তর রাজা মনে২ বিবেচনা করিলেন জগদীশ্বর আমাকে নানা জনপদের অধিপতি করিয়া অসংখ্য প্রজাগণের হিতাহিত চিন্তার ভার দিয়াছেন। কিন্তু আমি আত্মসুখে নির্বৃত হইয়া তাহারদের অবস্থার প্রতি ক্ষণমাত্রও দৃষ্টিপাত করি না। কেবল অধি-

কৃতেরদের বিবেচনার উপর নির্ভর করিয়া নিশ্চিন্ত রহিয়াছি। তাহারা প্রজাগণের সহিত কিরূপ ব্যবহার করিতেছে অন্ততঃ একবারও ইহার পরীক্ষা করা উচিত। অতএব আমি প্রচ্ছন্নবেশে দেশভ্রমণ করিয়া প্রজাগণের অবস্থা অবলোকন করিব। অনন্তর নিজ অনুজ ভর্তৃহরির হস্তে সমস্ত সাম্রাজ্যের ভার সমর্পণ করিয়া স্বয়ং সন্ন্যাসির বেশে দেশে দেশে ভ্রমণ করিতে লাগিলেন।

উজ্জয়িনী নগরে এক দরিদ্র ব্রাহ্মণ বহুকালাবধি তপস্যা করিতে ছিলেন। এক দিন তিনি আপন আরাধ্য দেবতার নিকট বরস্বরূপ এক অমরফল পাইয়া আনন্দিত মনে গৃহে আসিয়া ব্রাহ্মণীর নিকট কহিলেন দেখ দেবতা তপস্যায় তুষ্ট হইয়া আজি আমাকে এই ফল দিয়াছেন এবং কহিয়াছেন ইহা ভক্ষণ করিলে নর অমর হয়। ব্রাহ্মণী শুনিয়া অতিশয় খেদ করিয়া কহিলেন হায়! অমর হইয়া আর কত কাল এ যন্ত্রণা ভোগ করিব। তুমি কিসুখে অমর হইবার অভিলাষ কর বুঝিতে পারিনা। বরং এইদণ্ডে মৃত্যু হইলে সংসারের ক্লেশ হইতে পরিত্রাণ হয়।

গৃহিণীর এই রূপ বাক্যে হতবুদ্ধি হইয়া ব্রাহ্মণ কহিলেন আমি তৎকালে না বুঝিয়া দেবতার নিকট ফল লইয়াছি। কিন্তু এক্ষণে তোমার কথা শুনিয়া আমার চৈতন্য হইল। এখন তুমি যেরূপ কহিবে তাহাই করিব। ব্রাহ্মণী কহিলেন এইফল রাজা ভর্তৃহরিকে দিয়া ইহার পরিবর্ত্তে পারিতোষিকস্বরূপ কিঞ্চিৎ অর্থ লইয়া আইস। তাহা হইলে অনায়াসে সংসারযাত্রা নির্ব্বাহ করিয়া পরমার্থ সাধনে যত্ন করিতে পারিবে।

ইহা শুনিয়া ব্রাহ্মণ রাজার নিকটে উপস্থিত হইলেন। এবং যথাবিধি

আশীর্ব্বাদপ্রয়োগের পর দেবদত্ত ফলের গুণ ব্যাখ্যা ও পূর্ব্বাপর সমস্ত বৃত্তান্ত বর্ণন করিয়া বিনয়পূর্ব্বক নিবেদন করিলেন মহারাজ আপনি এই ফল লইয়া আমাকে কিঞ্চিৎ অর্থ প্রদান করুন। আপনি চিরজীবী হইলে সমস্ত রাজ্যের মঙ্গল। রাজা ফল গ্রহণ করিয়া লক্ষমুদ্রাপ্রদানপূর্ব্বক ব্রাহ্মণকে বিদায় করিলেন। এবং নিতান্ত স্ত্রৈণতাপ্রযুক্ত মনে২ বিবেচনা করিলেন যে ব্যক্তির চির জীবন ও স্থির যৌবন হইলে আমি যাবজ্জীবন সুখী হইব তাহাকেই এই ফল দেওয়া কর্ত্তব্য। অনন্তর অন্তঃপুরে প্রবেশ করিয়া প্রেয়সী মহিষীর হস্তে ফল প্রদান করিলেন। এবং কহিলেন প্রিয়ে তুমি আমার জীবন সর্ব্বস্ব এই ফল খাও অমর হইবে ও চিরকাল যুবতী থাকিবে। রাজ্ঞী ফল গ্রহণ করিলেন। রাজা প্রীত মনে সভায় প্রত্যাগমন করিয়া অমাত্যবর্গের সহিত রাজকার্য্য পর্য্যালোচনা করিতে লাগিলেন।

কোন নগরপালের প্রতি রাজমহিষীর অতিশয় আসক্তি ছিল। তিনি ঐ ফল তাহার হস্তে সমর্পণ করিলেন। নগরপালেরও এক বেশ্যার প্রতি আসক্তি থাকাতে সে ঐ ফল তাহার হস্তে দিয়া অশেষ প্রকার গুণ ব্যাখ্যা করিল। বেশ্যা ফল পাইয়া মনে২ বিবেচনা করিল আমি বেশ্যাজাতি কুক্রিয়া দ্বারা উদরপূর্ত্তি করি। আমার চিরজীবিনী হওয়া কেবল বিড়ম্বনামাত্র। অতএব এই ফল রাজাকে দেওয়া উচিত। রাজা চিরজীবী হইলে অসংখ্য লোকের মঙ্গল হইবেক। অনন্তর রাজার নিকটে গিয়া বিনয়পূর্ব্বক কহিল মহারাজ আমি এই এক অপূর্ব্ব ফল পাইয়াছি ইহা ভক্ষণ করিলে নর অমর হয়। এই ফল আপনকার যোগ্য আপনি গ্রহণ করুন।

রাজা সেই অমরফল বেশ্যার হস্তে দেখিয়া বিস্মিত হইলেন।

কিন্তু তৎকালে সে ভাব গোপনে রাখিলেন। এবং ফল লইয়া পুরস্কারপ্রদানপুরঃসর বারাঙ্গনাকে বিদায় দিয়া ভাবিতে লাগিলেন এই ফল রাজ্ঞীকে দিয়াছি ইহা কিরূপে বেশ্যার হস্তগত হইল। পরে সবিশেষ অনুসন্ধান দ্বারা পূর্ব্বাপর সমস্ত বৃত্তান্ত অবগত হইলেন এবং সংসারের প্রতি অত্যন্ত বিরক্ত হইয়া বিবেচনা করিতে লাগিলেন এই সংসার অতি অকিঞ্চিৎকর। ইহাতে সুখের লেশমাত্র নাই। প্রত্যুত পরিণামে নরকগামী হইতে হয়। অতএব বৃথা মায়ায় মুগ্ধ হইয়া আর ইহাতে লিপ্ত থাকা কোন ক্রমেই শ্রেয়স্কর নহে। বরং ইহা পরিত্যাগ করিয়া অরণ্যে গিয়া তপস্যা দ্বারা জগদীশ্বরের আরাধনা করি। চরমে পরম পুরুষার্থ মুক্তিপদার্থ লাভ করিতে পারিব।

অন্তঃকরণে এই রূপ সংকল্প করিয়া অন্তঃপুরে প্রবেশিয়া রাজা রাজ্ঞীকে জিজ্ঞাসা করিলেন তুমি সে ফল কি করিয়াছ। তিনি কহিলেন ভক্ষণ করিয়াছি। তখন রাজা সমুচিত বিরাগ প্রদর্শন পূর্ব্বক রাণীকে সেই ফল দেখাইলেন। রাণী দৃষ্টিমাত্রে হতবুদ্ধি ও স্তব্ধ হইয়া রহিলেন কিছুই উত্তর দিতে পারিলেন না। রাজা ভর্তৃহরি অবিলম্বে অন্তঃপুর হইতে বহির্গত হইয়া প্রক্ষালনপূর্ব্বক ফল ভক্ষণ করিলেন। এবং রাজ্যাধিকার পরিত্যাগ করিয়া একাকী অরণ্যপ্রবেশপুরঃসর যোগ সাধন করিতে লাগিলেন।

বিক্রমাদিত্যের সিংহাসন শূন্য রহিল। দেবরাজ উজ্জয়নীর অরাজক সংবাদ প্রাপ্তিমাত্র এক যক্ষকে রক্ষকতায় নিযুক্ত করিয়া পাঠাইলেন। যক্ষ সতর্কতাপূর্ব্বক দিবারাত্র নগরীর রক্ষণাবেক্ষণ করিতে লাগিল। অল্প দিনের মধ্যে দেশ বিদেশে প্রচার হইল রাজা

ভর্তৃহরি রাজত্ব পরিত্যাগ করিয়া বনপ্রস্থান করিয়াছেন। রাজা বিক্রমাদিত্য শ্রবণমাত্র ব্যগ্রচিত্ত হইয়া স্বদেশে প্রত্যাগমন করিলেন। অর্দ্ধরাত্র সময়ে নগরে প্রবেশ করিতেছেন এই অবসরে নগররক্ষক যক্ষ আসিয়া নিষেধ করিয়া কহিল তুই কে কোথায় যাইতেছিস্ দাঁড়া তোর নাম বল্। রাজা কহিলেন আমি বিক্রমাদিত্য আপন নগরে যাইতেছি। তুই কে কি নিমিত্তে আমাকে রোধ করিতেছিস্।

যক্ষ কহিল ত্রিদশাধিপতি ইন্দ্র আমাকে নগর রক্ষার ভার দিয়া পাঠাইয়াছেন। তাঁহার অনুমতি ব্যতিরেকে আমি তোমাকে অসময়ে নগরে প্রবেশ করিতে দিব না। অথবা যদি তুমি যথার্থ রাজা বিক্রমাদিত্য হও অগ্রে আমার সঙ্গে যুদ্ধ কর পশ্চাৎ নগরে যাইবে। রাজা শ্রবণমাত্র কটি বন্ধন করিয়া যুদ্ধার্থে প্রস্তুত হইলেন। যক্ষ ও তৎক্ষণাৎ প্রস্তুত হইয়া তাঁহার সম্মুখীন হইল। ঘোরতর সঙ্গ্রাম হইতে লাগিল। পরিশেষে রাজা যক্ষকে ভূতলে ফেলিয়া তাহার বক্ষঃস্থলে আরোহণ করিয়া বসিলেন। তখন যক্ষ কহিল মহারাজ তুমি আমাকে পরাভব করিয়াছ। তোমার প্রভাব দেখিয়া বুঝিলাম তুমি যথার্থই রাজা বিক্রমাদিত্য। এক্ষণে আমাকে ছাড়িয়া দাও আমি তোমাকে প্রাণদান দিতেছি।

রাজা শুনিয়া হাস্য করিয়া কহিলেন তুই বাতুল নতুবা কি নিমিত্ত এমত অসঙ্গত বাক্য প্রয়োগ করিবি। তুই আমাকে প্রাণদান কি দিবি আমি মনে করিলে এখনি তোর প্রাণদণ্ড করিতে পারি। যক্ষ শুনিয়া কিঞ্চিৎ হাস্য করিয়া কহিল। মহারাজ যাহা কহিতেছ যথার্থ বটে। কিন্তু আমি তোমাকে আসন্ন মৃত্যু হইতে বাঁচাইতেছি। যাহা কহি অবহিত হইয়া শ্রবণ কর। এবং তদনুসারে কার্য্য করিলে দীর্ঘ

জীবী হইয়া নিরুদ্বেগে অখণ্ড ভূমণ্ডলে একাধিপত্য করিতে পারিবে। তখন ভূপতি বিস্মিত ও ব্যগ্রচিত্ত হইয়া তাহাকে ছাড়িয়া দিলেন। যক্ষও ক্ষণ মধ্যে সমরশ্রান্তি পরিহার পূর্ব্বক বিক্রমাদিত্যকে সম্বোধন করিয়া অভিপ্রেত উপাখ্যানের উপক্রম করিল।

মহারাজ শ্রবণ কর। ভোগবতী নগরে চন্দ্রভানু নামে এক প্রতাপশালী অতি বদান্য নরপতি ছিলেন। তিনি এক দিবস মৃগয়াভিলাষে কোন অটবীতে প্রবিষ্ট হইয়া দেখিলেন এক তপস্বী অধোমুখে বৃক্ষে লম্বমান হইয়া ধূমপান করিতেছেন। অনেক অনুসন্ধানের পর তত্রত্য লোক দ্বারা অবগত হইলেন তপস্বী কদাপি কাহার সহিত আলাপ করেন না। বহুকালাবধি একাকী এই ভাবে তপস্যা করিতেছেন। ফলতঃ সন্ন্যাসির এই রূপ কঠোর ব্রত দর্শনে বিস্ময়াপন্ন হইয়া নগরে প্রত্যাবর্ত্তন করিলেন। পরদিন যথাকালে রাজসভায় অধিষ্ঠান করিয়া কহিলেন। হে অমাত্য ও সভাসদ গণ আমি গত কল্য মৃগয়ায় গিয়া বিপিনমধ্যে এক অদ্ভুত তপস্বী দেখিয়াছি। যদি কেহ তাঁহাকে রাজধানীতে আনিতে পারে তাহাকে লক্ষমুদ্রা পারিতোষিক দিব।

এই রাজবাক্য নগরমধ্যে প্রচারিত হইলে এক প্রসিদ্ধ বার বনিতা নৃপতি সমীপে আসিয়া আবেদন করিল। মহারাজ আজ্ঞা পাইলে আমি ঐ তপস্বির ঔরসে পুত্র জন্মাইয়া তাহার স্কন্ধে দিয়া আপনকার নিকট আনিতে পারি। রাজা শুনিয়া বিস্ময়াপন্ন হইলেন এবং তাপসের আনয়নের নিমিত্ত পরম সমাদর পূর্ব্বক বার নারীকে বিদায় করিলেন। বেশ্যা ভূপালের নিয়োগানুসারে যোগির আশ্রমে উপস্থিত হইয়া দেখিল যোগী যথার্থই অধোমুখে মুদ্রিত নয়নে লম্বমান হইয়া ধূমপান করিতেছেন। অত্যন্ত শীর্ণদেহ কেহ

কোন প্রশ্ন করিলেও উত্তর দেন না। পরে সেই বারযোষিৎ যুক্তি পূর্ব্বক মোহনভোগ প্রস্তুত করিয়া ধূমপায়ি তপস্বির আস্যদেশে প্রদান করিল। তপস্বী রসনাসংযোগ দ্বারা স্বাদগ্রহ করিয়া মিষ্ট বোধ হওয়াতে ক্রমেং সমুদায় ভক্ষণ করিলেন। কিয়ৎ ক্ষণ পরে বেশ্যা পুনর্ব্বার দিল। তিনিও তৎক্ষণাৎ ভক্ষণ করিলেন।

এই রূপে ক্রমাগত দুই দিবস মোহনভোগ উপযোগ করিয়া কিঞ্চিৎ সামর্থ্য বোধ হইলে পর সন্ন্যাসী নিজ নেত্রদ্বয় বিনিদ্র করিয়া তরু হইতে অবতীর্ণ হইলেন। এবং বেশ্যাকে জিজ্ঞাসিলেন তুমি কে কি অভিপ্রায়ে একাকিনী এই নির্জন বনস্থানে আগমন করিয়াছ। সে কহিল আমি দেবকন্যা দেবলোকে তপস্যা করি। এই ক্ষণে মর্ত্য লোকীয় তীর্থ ভ্রমণ প্রসঙ্গে ভাগ্যক্রমে প্রথমে আপনকার পরম পবিত্র আশ্রমে উপস্থিত হইয়াছি। তপস্বী কহিলেন আমি তোমার সুশীলতা ও সৌজন্যপ্রকাশে পরম পরিতোষ প্রাপ্ত হইয়াছি। এবং তোমার সন্দর্শনে আত্মাকে চরিতার্থ বোধ করিতেছি। যেহেতু জন্মান্তরীণ পুণ্যসঞ্চয় ব্যতিরেকে সাধুসমাগম লব্ধ হয় না। যাহা হউক এক্ষণে আমি তোমার আশ্রম দর্শনের বাসনা করি। যদি প্রতিবন্ধক না থাকে ও অতি দূরবর্ত্তী না হয় তুমি আমাকে তথায় লইয়া চল।

বারবিলাসিনী তপস্বির অভ্যর্থনা শুনিয়া কৃতার্থম্মন্য ও অতিমাত্র ব্যগ্র হইয়া তাহাকে আপন আলয়ে লইয়া গেল। এবং পরম যত্ন ও অতি সমাদর পুরঃসর নানাবিধ সুস্বাদ মিষ্টান্ন ও সুরস পানীয় প্রদান করিল। তাপস বেশ্যার কপট জালে বদ্ধ হইয়া তদ্দত্ত সমস্ত বস্তু ভক্ষণ ও পান করিলেন। এইরূপে ক্রমেং ধূমপান পরিত্যাগ

পূর্ব্বক যোগাভ্যাসে জলাঞ্জলি দিয়া বারবনিতার সহিত বিষয়বাসনায় কালযাপন করিতে লাগিলেন। বেশ্যা গর্ভবতী ও দশম মাসে পুত্রবতী হইল। এবং কিয়ৎ কাল অতীত হইলে পর সন্ন্যাসির নিকট নিবেদন করিল। মহাশয় প্রায় সংবৎসর অতিক্রান্ত হইল আমরা অনবরত কেবল বিষয়বাসনায় কাল যাপন করিলাম। এক্ষণে তীর্থযাত্রা দ্বারা দেহ পবিত্র করা উচিত।

এই রূপ নানাবিধ প্রবঞ্চনা দ্বারা তপস্বিকে সংজ্ঞাশূন্য করিয়া তাহার স্কন্ধে পুত্র প্রদান পূর্ব্বক রাজধানী লইয়া চলিল। ক্রমে২ রাজসভার সন্নিধানে উপস্থিত হইলে পর রাজা চন্দ্রভানু ঐ বেশ্যাকে দূর হইতে চিনিতে পারিয়া এবং সন্ন্যাসির স্কন্ধে পুত্র দেখিয়া সামাজিকদিগকে কহিলেন ঐ দেখ যে বেশ্যা যোগির আনয়ন বিষয়ে প্রতিজ্ঞা করিয়া গিয়াছিল সে আপন প্রতিজ্ঞা পরিপূর্ণ করিয়া আসিতেছে। যাহাহউক আমি উহার অসম্ভব বুদ্ধিকৌশলে চমৎকৃত হইয়াছি। অধিক কি কহিব এই বুদ্ধিমতী বেশ্যা চিরশুষ্ক নীরস তরুকে পল্লবিত ও ফলপুষ্পে সুশোভিত করিয়াছে। সামাজিকেরা কহিল মহারাজ যথার্থ আজ্ঞা করিতেছেন এ সেই বেশ্যাই বটে।

রাজা ও সভাসদগণের এই রূপ কথোপকথন শ্রবণে সন্ন্যাসির অকস্মাৎ বোধ সুধাকরের উদয় হওয়াতে মোহান্ধকার নিরস্ত হইল। তখন তিনি পূর্ব্বাপর পর্য্যালোচনা করিয়া যৎপরোনাস্তি ক্ষোভ প্রাপ্ত হইলেন এবং আপনাকে নানা প্রকার ধিক্কার দিয়া মনে২ কহিতে লাগিলেন। দুরাত্মা চন্দ্রভানু ঐশ্বর্য্যমদে মত্ত ও ধর্ম্মাধর্ম্মজ্ঞানশূন্য হইয়া আমার তপস্যাভ্রংশের নিমিত্ত এই দুর্ব্বিগাহ মায়াজাল বিস্তার করিয়াছিল। আমিও অতি অধম ও অবশেন্দ্রিয়

অনায়াসে স্বৈরিণীর মায়ায় মুগ্ধ হইয়া চিরসঞ্চিত কর্ম্মফলে বঞ্চিত হইলাম। অনন্তর ক্রোধে কম্পান্বিতকলেবর হইয়া স্কন্ধস্থিত পুত্রকে ভূতলে নিক্ষেপ করিয়া তৎক্ষণাৎ তথা হইতে প্রস্থান করিলেন। এবং অন্য এক অরণ্যমধ্যে প্রবেশ পূর্ব্বক পূর্ব্বাপেক্ষায় সহস্র গুণ মনোযোগ ও দৃঢ়তা সহকারে যোগ সাধন করিতে লাগিলেন। এবং কিয়ৎকাল পরে ঐ নরেশ্বরের মৃত্যু সাধন করিয়া কৃতকার্য্য হইলেন।

এই রূপে আখ্যায়িকা সমাপন করিয়া যক্ষ কহিল। মহারাজ ইহার তাৎপর্য্য এই যে তুমি ও রাজা চন্দ্রভানু এবং ঐ যোগী এই তিন জন এক নগরে এক নক্ষত্রে এক লগ্নে জন্মিয়াছিলে। তন্মধ্যে তুমি রাজবংশে জন্ম গ্রহণ করিয়া রাজত্ব করিতেছ। চন্দ্রভানু তৈলিকগৃহে জন্ম লইয়া ভোগবতী নগরীর অধিপতি হইয়াছিল। আর যোগী কুম্ভকারকুলে উৎপন্ন হইয়া যত্ন পূর্ব্বক যোগ সাধন করিয়া চন্দ্রভানুর প্রাণ বধ করিয়াছে। এবং তাহাকে বেতাল করিয়া শ্মশানবর্ত্তি শিরীষ বৃক্ষে লম্বিত করিয়া রাখিয়াছে। এক্ষণে অনন্যকর্ম্মা হইয়া কেবল তোমার প্রাণসংহারের উপায় দেখিতেছে। তাহাতে কৃতকার্য্য হইলেই উহার অভীষ্ট সিদ্ধ হয়। অতএব যদি তুমি তাহার হস্ত হইতে আত্মরক্ষা করিতে পার বহু কাল অকণ্টকে রাজ্য ভোগ করিতে পারিবে। আমি তোমাকে সকল সবিশেষ কহিয়া সতর্ক করিয়া দিলাম। তুমি এ বিষয়ে ক্ষণমাত্রের নিমিত্তেও অসাবধান থাকিবে না।

এইরূপ উপদেশ দিয়া যক্ষ স্বস্থানে প্রস্থান করিল। রাজাও শুনিয়া ত্রস্ত ও বিস্ময়গ্রস্ত হইয়া নানাপ্রকার চিন্তা করিতে২ রাজবাটীতে প্রবিষ্ট হইলেন। পরদিন প্রভাতে রাজা পুনর্ব্বার সিংহাসনোপবিষ্ট

হইলে ভৃত্যবর্গও প্রজাগণ বহুদিনের পর রাজদর্শন পাইয়া আনন্দ প্রবাহে মগ্ন হইল। রাজা বিক্রমাদিত্য রাজনীতির অনুবর্ত্তী হইয়া রাজ্যশাসন ও প্রজাপালন করিতে লাগিলেন।

কিয়দ্দিন পরে শান্তশীল নামে এক সন্ন্যাসী শ্রীফল হস্তে রাজ সভায় উপস্থিত হইলেন। এবং ফলপ্রদানপূর্ব্বক রাজাকে আশীর্ব্বাদ করিয়া কক্ষস্থিত আসন পাতিয়া তদুপরি উপবেশন করিলেন। কিয়ৎ ক্ষণ কথোপকথন করিয়া রাজার নিকট বিদায় লইয়া সন্ন্যাসী সভা হইতে প্রস্থান করিলে পর নৃপতি অন্তঃকরণে বিবেচনা করিতে লাগিলেন বোধ হয় যক্ষ যে সন্ন্যাসির কথা কহিয়াছিল এ সেই ব্যক্তিই হইবেক। যাহাহউক সহসা এই ফল ভক্ষণ করা উচিত নহে। মনে২ এই রূপ কল্পনা করিয়া কোষাধ্যক্ষের হস্তে প্রদান করিয়া কহিলেন তুমি এই ফল যত্নপূর্ব্বক রক্ষা করিবে। সন্ন্যাসী প্রত্যহ এই রূপে গমনাগমন ও ফল প্রদান করিতে লাগিলেন।

এক দিবস রাজা কতিপয় বয়স্য সমভিব্যাহারে মন্দুরা সন্দর্শনার্থ গমন করিয়াছিলেন। এই অবসরে সন্ন্যাসীও তথায় উপস্থিত হইয়া পূর্ব্ববৎ ফল দিয়া আশীর্ব্বাদ করিলেন। দৈবযোগে ঐ ফল ভূপতির করতল হইতে ভূতলে পতিত হইয়া ভগ্ন হওয়াতে তন্মধ্য হইতে এক অপূর্ব্ব রত্ন নির্গত হইল। রাজা ও রাজবয়স্যগণ তদীয় প্রভা দর্শনে চমৎকৃত হইলেন। রাজা যোগিকে জিজ্ঞাসা করিলেন মহাশয় আপনি কি নিমিত্তে আমাকে এই রত্ন দিলেন।

যোগী কহিলেন মহারাজ রাজা গুরু জ্যোতির্ব্বিদ ও বৈদ্যের নিকট রিক্তহস্তে যাইতে শাস্ত্রে নিষেধ আছে। অতএব আমি এই ফল লইয়া আসিয়াছিলাম। আর এক রত্নের কথা কি কহিতেছেন

আমি প্রতিদিন আপনাকে যে২ ফল দিয়াছি সকলের মধ্যেই এতাদৃশ এক২ রত্ন আছে। তখন রাজা কোষাধ্যক্ষকে ডাকাইয়া কহিলেন তোমাকে যত শ্রীফল রাখিতে দিয়াছি সমুদয় উপস্থিত কুর। কোষাধ্যক্ষ রাজার আদেশানুসারে সমস্ত ফল আনয়ন করিল। রাজা প্রত্যেক ফল ভাঙ্গিয়া সকলের মধ্যেই এক এক রত্ন দেখিয়া অত্যন্ত আনন্দিত হইলেন। এবং তৎক্ষণাৎ রাজসভায় আগমন পূর্ব্বক এক রত্নপরীক্ষকে ডাকাইয়া রত্নের পরীক্ষা করিতে আজ্ঞা দিয়া কহিলেন এই অসার সংসারে ধর্ম্মই পরম পদার্থ। পরলোকযাত্রা কালে তদ্ভিন্ন অন্য কোন বস্তুই সঙ্গে যায় না। অতএব তুমি ধর্ম্মপ্রমাণ প্রত্যেক রত্নের মূল্য নিরূপণ করিয়া দাও।

এইরূপ রাজবাক্য শ্রবণ করিয়া মণিকার কহিল। মহারাজ আপনি যথার্থ আজ্ঞা করিতেছেন। ধর্ম্ম রক্ষা করিলেই সকল রক্ষা হয়। আর মৃত্যু হইলে পর পরম প্রেমাস্পদ পুত্র কলত্রাদি পরিবারেও পরিত্যাগ করিয়া থাকে কেবল ধর্ম্মই একাকী সহগামী হয়েন। অতএব আমি আপন জ্ঞানানুসারে বিবেচনা করিয়া দেখিলাম প্রত্যেক মণিই সর্ব্বাঙ্গসুন্দর। কোটি মুদ্রাও ইহার প্রকৃত মূল্য নহে। ইহা অমূল্য রত্ন।

রাজা শুনিয়া হৃষ্ট হইয়া সমুচিত পারিতোষিক প্রদানপূর্ব্বক মণিকারকে বিদায় করিলেন। এবং হস্তদ্বারা সন্ন্যাসির হস্ত গ্রহণ করিয়া সিংহাসনার্দ্ধে উপবেশন করাইয়া কহিলেন মহাশয় আমার সমস্ত সাম্রাজ্যও আপনকার এক রত্নের তুল্যমূল্য হইবেক না। আপনি সন্ন্যাসী হইয়া এই সকল অমূল্য রত্ন কোথায় পাইলেন এবং কি অভিপ্রায়ে আমাকে দিলেন জানিতে ইচ্ছা করি। যোগী কহিলেন মহা-

রাজ যন্ত্র মন্ত্র ঔষধ ও গৃহচ্ছিদ্র এই সকল বিষয় সর্ব্বসমক্ষে ব্যক্ত করা যুক্তিসিদ্ধ নহে। অতএব যদি অনুমতি হয় নির্জ্জন প্রদেশে নিবেদন করি। মহারাজ নীতিজ্ঞেরা কহেন মন্ত্রণা ষট্‌কর্ণে প্রবিষ্ট হইলে অপ্রকাশিত থাকে না তাহাতে কার্য্যহানির সম্পূর্ণ সম্ভাবনা। চারিকর্ণে হইলে প্রকাশিত হয় না অথচ কার্য্য সিদ্ধি করে। আর দুই কর্ণের মন্ত্রণা মনুষ্যের কথা দূরে থাকুক ব্রহ্মাও জানিতে পারেন না।

ইহা শুনিয়া রাজা সন্ন্যাসিকে নির্জ্জনে লইয়া কহিতে লাগিলেন হে যোগীশ্বর আপনি আমাকে এত রত্ন দিলেন কিন্তু এক দিবসের নিমিত্তও আমার আলয়ে ভোজন বা জলগ্রহণ করিলেন না ইহাতে আমি আপনকার নিকট অত্যন্ত লজ্জিত হইতেছি। যদি আপনকার কোন অভিপ্রায় থাকে ব্যক্ত করুন। সন্ন্যাসী কহিলেন মহারাজ আমি গোদাবরীতীরস্থিত শ্মশানে মন্ত্রসিদ্ধি করিবার বাসনা করিয়াছি। তাহাতে অষ্টসিদ্ধি লাভ হইবেক। অতএব তোমার নিকট এই প্রার্থনা এক দিন সন্ধ্যা অবধি প্রভাত পর্য্যন্ত তুমি আমার সন্নিধানে থাকিবে। তুমি সন্নিহিত থাকিলেই আমার মন্ত্র সিদ্ধ হইবেক। রাজা কহিলেন আমি নিঃসন্দেহ যাইব আপনি দিন নির্ণয় করিয়া বলুন। সন্ন্যাসী কহিলেন তুমি ভাদ্রমাসের মঙ্গলবারযুক্ত কৃষ্ণচতুর্দ্দশী তিথিতে সন্ধ্যাসময়ে অস্ত্রধারণ করিয়া একাকী আমার নিকটে যাইবে। রাজা কহিলেন আপনি নিশ্চিন্ত থাকিবেন আমি অবশ্য যাইব।

এই রূপে রাজাকে বচনবদ্ধ করিয়া বিদায় হইয়া সন্ন্যাসী আপন আশ্রমে প্রস্থান করিলেন। পরে নির্দ্ধারিত চতুর্দ্দশীদিনে সায়ংকালে সমুদায় দ্রব্য সামগ্রী সংগ্রহ পূর্ব্বক শ্মশানে যোগাসনে বসিলেন। রাজা বিক্রমাদিত্য প্রতিশ্রুত সময় সমুপস্থিত জানিয়া সাহসে নির্ভর

করিয়া করে তরবারি ধারণ পূর্ব্বক একাকী সন্ন্যাসির নিকটে উপস্থিত হইলেন। এবং ইতস্ততঃ দৃষ্টি নিক্ষেপ করিয়া দেখিতে লাগিলেন নানাপ্রকার আকার বিশিষ্ট ভূত প্রেত পিশাচ শঙ্খিনী ডাকিনী গণ বিকট হাস্য করিয়া চতুর্দ্দিকে নৃত্য করিতেছে। এবং যোগী তাহাদিগের মধ্যে বসিয়া দুই হস্তে দুই কপাল লইয়া বাদ্য করিতেছেন। রাজা এতাদৃশ ভয়ানক ব্যাপারদর্শনে কিঞ্চিন্মাত্র ভীত হইলেন না। বরং সাষ্টাঙ্গ প্রণিপাত করিয়া কৃতাঞ্জলিপুটে নিবেদন করিলেন মহাশয় ভৃত্য উপস্থিত আদেশ দ্বারা চরিতার্থ করিতে আজ্ঞা হয়। যোগী কহিলেন এই আসনে উপবেশন কর।

রাজা যোগির আজ্ঞানুসারে আসন পরিগ্রহ করিয়া কিয়ৎক্ষণ পরে পুনর্ব্বার নিবেদন করিলেন মহাশয় আমার প্রতি কি আজ্ঞা হয়। য়োগী কহিলেন মহারাজ তোমার বাক্যনিষ্ঠায় অতিশয় সন্তুষ্ট হইয়াছি। অথবা সৎপুরুষেরা প্রাণান্তেও প্রতিজ্ঞা প্রতিপালনে পরাঙ্মুখ হয়েন না। যাহাহউক যদি অনুগ্রহ করিয়া আসিয়াছ আমার এক সাহায্য কর। ইহার দুই ক্রোশ দক্ষিণে এক শ্মশান আছে। তথায় গিয়া দেখিবে এক শিরীষবৃক্ষে এক শব ঝুলিতেছে। তুমি ঐ শব ত্বরায় আমার নিকটে লইয়া আইস। আমি ইতিমধ্যে পূজার অনুষ্ঠান করিতেছি। রাজা যথা আজ্ঞা বলিয়া তৎক্ষণাৎ প্রস্থান করিলেন।

এই রূপে রাজাকে শবানয়নে প্রেরণ করিয়া সন্ন্যাসী পূজারম্ভ করিলেন। একে কৃষ্ণচতুর্দ্দশীরাত্রি সহজেই ঘোরতর অন্ধকারে আবৃতা তাহাতে ঘনতর ঘনঘটা দ্বারা গগনমণ্ডল আচ্ছন্ন হইয়া মুষলধারায় বৃষ্টি হইতেছিল। আর ভূত প্রেতগণ চতুর্দ্দিকে ভয়ানক কোলাহল

করিতেছিল। এইরূপ সঙ্কটে কাহার হৃদয়ে না ভয়সঞ্চার হয়। কিন্তু রাজার তাহাতে ভয় বা ব্যাকুলতার লেশমাত্রও উপস্থিত হইল না। পরিশেষে এতাদৃশ নানা সঙ্কট হইতে উত্তীর্ণ হইয়া প্রেতভূমিতে উপনীত হইলেন। এবং দেখিলেন কোন স্থলে বিকটমূর্ত্তি ভূতসকল জীবিত মনুষ্য ধরিয়া প্রাণ সংহার করিতেছে। স্থলান্তরে ডাকিনীগণ ক্ষুদ্র২ বালক ধরিয়া চর্ব্বণ করিতেছে। অনন্তর ইতস্ততঃ অন্বেষণ করিয়া শিরীষবৃক্ষের নিকটে গিয়া দেখিলেন উহার মূল অবধি অগ্রভাগ পর্য্যন্ত প্রত্যেক বিটপ ও পল্লব ধগ্২ করিয়া জ্বলিতেছে। আর চারিদিকে অনবরত কেবল মার২ ধর২ ইত্যাদি ভয়ানক শব্দ হইতেছে।

এই সমস্ত দেখিয়া শুনিয়া রাজা ভয় পাইলেন না। কিন্তু মনে২ বিবেচনা করিলেন যক্ষ যে সন্ন্যাসির কথা কহিয়াছিল এ অবশ্যই সেই ব্যক্তি হইবে। পরে ক্রমে২ বৃক্ষের অত্যন্ত নিকটবর্ত্তী হইয়া দেখিলেন শব রজ্জুবদ্ধ হইয়া অধোমুখে লম্বমান আছে। শবদর্শনে শ্রম সফল বোধ করিয়া অত্যন্ত আহ্লাদিত হইলেন। এবং নির্ভয়ে বৃক্ষে আরোহণ পূর্ব্বক খড়্গাঘাত দ্বারা রশ্মিচ্ছেদন করিলেন। শব ভূতলে পতিত হইবামাত্র উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিল। রাজা তাহার কণ্ঠশব্দশ্রবণে প্রীত হইয়া তাহাকে তৎকাল পর্য্যন্ত জীবিত বলিয়া নির্দ্ধারণ করিলেন। এবং ত্বরায় তরু হইতে অবতীর্ণ হইয়া নিকটে গিয়া জিজ্ঞাসিলেন তুমি কে কি নিমিত্ত তোমার এরূপ দুরবস্থা ঘটিয়াছে। সে শুনিবামাত্র খিল্২ করিয়া হাসিয়া উঠিল। রাজা দেখিয়া শুনিয়া অত্যন্ত বিস্ময়াপন্ন ও চিন্তান্বিত হইলেন। এবং এই অদ্ভুত ব্যাপারের মর্ম্মাববোধে অসমর্থ হইয়া অশেষ প্রকার কল্পনা করিতে লাগিলেন।

এই অবসরে শব বৃক্ষে উঠিয়া পূর্ব্ববৎ লম্বমান হইয়া রহিল। রাজাও তৎক্ষণাৎ বৃক্ষে আরোহণ ও রজ্জুচ্ছেদন পুরঃসর শবকে কক্ষে নিক্ষিপ্ত করিয়া অবতীর্ণ হইলেন। এবং অতিশয় নির্ব্বন্ধ সহকারে তাহার এরূপ বিপদ প্রাপ্তির কারণ জিজ্ঞাসা করিতে লাগিলেন। সে কিছুই উত্তর দিল না। রাজা ক্ষণকাল চিন্তা করিয়া মনে২ কহিতে লাগিলেন যক্ষের নিকট যে তৈলিকের কথা শুনিয়াছিলাম সে এই ব্যক্তি। এবং যোগীও সেই কুম্ভকার আপন যোগসিদ্ধির উদ্দেশে ইহার প্রাণ সংহার করিয়া শ্মশানে রাখিয়াছে। অনন্তর তাহাকে উত্তরীয়বস্ত্রে বন্ধন করিয়া যোগির নিকট লইয়া চলিলেন।

অর্দ্ধপথে উপস্থিত হইলে শবাবিষ্ট বেতাল বিক্রমাদিত্যকে জিজ্ঞাসিল তুমি কে আমাকে কোথায় লইয়া যাও। ভূপতি কহিলেন আমি রাজা বিক্রমাদিত্য শান্তশীলনামক যোগির আজ্ঞানুসারে তোমাকে তাঁহার আশ্রমে লইয়া যাইতেছি। বেতাল কহিল মহারাজ দুর্ব্বুদ্ধি মূঢ় ও অলসেরা কেবল নিদ্রা ও কলহে কালহরণ করে। আর বুদ্ধিমান্ চতুর ও পণ্ডিত ব্যক্তিদিগের সদা সদালাপ সৎকর্ম্মের অনুষ্ঠান ও শাস্ত্রচিন্তা দ্বারা আনন্দে কালযাপন হয়। অতএব সমস্ত পথ মৌন ভাবে গমন করা অপেক্ষা সৎকথার আলোচনা শ্রেয়সী বোধ করিয়া কোন প্রসঙ্গ করিতেছি শ্রবণ কর। এবং প্রত্যেক প্রসঙ্গের পরিশেষে যে এক২ প্রশ্ন করিব যদি তুমি তাহার প্রকৃত উত্তর দিতে পার তৎক্ষণাৎ ফিরিয়া যাইব। আর যদি জানিয়াও যথার্থ উত্তর না দাও তবে অবিলম্বে তোমার বক্ষঃস্থল বিদীর্ণ হইয়া যাইবেক এবং অন্তে নরকপাত হইবেক। রাজা অগত্যা তাহার প্রস্তাবে সম্মত হইয়া তাহাকে সন্ন্যাসির আশ্রমে লইয়া চলিলেন। এবং বেতালও উপাখ্যানের আরম্ভ করিল।

প্রথম উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ শ্রবণ কর। বারাণসী নগরীতে প্রতাপমুকুট নামে এক প্রবলপ্রতাপ নরপতি ছিলেন। তাঁহার বজ্রমুকুট নামে নন্দন ও মহাদেবীনাম্নী মহিষী ছিল। এক দিবস রাজকুমার প্রাড়্বিবাকপুত্রকে সমভিব্যাহারী করিয়া মৃগয়ায় গমন করিলেন। ক্রমে২ নানাবনে ভ্রমণ করিয়া পরিশেষে কোন নিবিড় অরণ্যানী প্রবেশ পূর্ব্বক তন্মধ্যবর্ত্তি পরম রমণীয় এক সুশোভিত সরোবর সন্নিধানে উপস্থিত হইলেন। এবং দেখিলেন ঐ সরসীর তীরে হংস বক চক্রবাক সারস প্রভৃতি নানাবিধ জলচর পক্ষিগণ কলরব করিতেছে। প্রফুল্ল কমলসমূহের সৌরভে চারিদিক আমোদিত হইতেছে। মধুকরেরা মধুগন্ধে অন্ধ হইয়া গুন্২ ধ্বনি করত ইতস্ততঃ ভ্রমণ করিতেছে। তীরস্থিত তরুগণ অভিনব পল্লব ফল কুসুম সমূহে সুশোভিত আছে। তাহাদিগের ছায়া অতি স্নিগ্ধ ও সুশীতল বিশেষতঃ শীতল সুগন্ধ গন্ধবহের মন্দ২ সঞ্চার দ্বারা পরম রমণীয় হইয়াছে। তথায় শ্রান্ত ও আতপতাপিত ব্যক্তি প্রবেশমাত্রেই গতক্লম হয়। আর উহার চরিদিকে প্রস্তরময় চারি ঘাট প্রস্তুত ছিল। অন্যতম দ্বারা অবতীর্ণ হইয়া হস্ত মুখ প্রক্ষালন পূর্ব্বক শ্রান্তি দূর করিলেন।

অনতিদূরে এক মহাদেবের মন্দির ছিল। সমীপবর্ত্তি বকুলবৃক্ষের স্কন্ধে অশ্ব বন্ধন পূর্ব্বক মন্দির মধ্যে প্রবেশ ও দর্শন প্রণামাদি করিয়া কিয়ৎক্ষণ পরে বহির্গত হইলেন। সেই সময় মধ্যে এক রাজকন্যা ও নিজ সহচরী বর্গের সহিত ঐ সরোবরের অপর পারে উপস্থিত হইয়া স্নান পূজা সমাপন পূর্ব্বক বৃক্ষের ছায়াতে ভ্রমণ

করিতে লাগিলেন। দৈবযোগে তাঁহার ও নৃপতনয়ার চারি চক্ষু একত্র হইল। তদীয় নিরুপম সৌন্দর্য্য সন্দর্শনে নৃপনন্দন অত্যন্ত মোহিত ও মদনবাণে আহত হইলেন। এবং রাজপুত্রীও নৃপকুমারকে নয়নগোচর করিয়া কৃতার্থম্মন্যা হইয়া শিরঃস্থিত পদ্ম হস্তে লইলেন। পরে কর্ণসংযুক্ত করিয়া দন্তদ্বারা ছেদন পূর্ব্বক পদতলে নিক্ষেপ করিলেন। পুনর্ব্বার গ্রহণ ও হৃদয়ে স্থাপন করিয়া বারম্বার রাজ-তনয়ের প্রতি সতৃষ্ণ দৃষ্টিপাত করিতে২ স্বীয় বয়স্যাগণের সহিত স্বস্থানে প্রস্থান করিলেন।

কুমারী ক্রমে২ দৃষ্টিপথের বহির্ভূত হইলে রাজপুত্র নিতান্ত নিরাশ্বাস হইয়া বিরহবেদনায় অতিশয় ব্যাকুল হইলেন। এবং সর্ব্বা-ধিকারিপুত্রের নিকটে আসিয়া লজ্জানম্রমুখে কহিতে লাগিলেন মিত্র আজি আমি এক পরমসুন্দরী রমণী নিরীক্ষণ করিয়াছি। তাহার নাম ধাম কিছুই জানিতে পারি নাই। কিন্তু মনে২ প্রতিজ্ঞা করিয়াছি তাহাকে না পাইলে প্রাণ পরিত্যাগ করিব। অমাত্য পুত্র সমস্ত শ্রবণ করিয়া তৎক্ষণাৎ তাঁহাকে গৃহে প্রত্যানয়ন করিলেন। রাজকুমার দুঃসহ বিরহবেদনায় অধীর হইয়া শাস্ত্রচিন্তা সদালাপ রাজকার্য্যপর্য্যালোচনা ও আবশ্যক স্নান ভোজনাদি ক্রিয়া পর্য্যন্তও পরিত্যাগ করিয়া একাকী নির্জ্জনে বিষণ্ণমনে কালহরণ করিতে লাগিলেন। দিন যামিনী কেবল সেই কামিনীর স্বহস্তলিখিত প্রতি-মূর্ত্তি সন্দর্শন দ্বারা নয়নদ্বয় চরিতার্থ করেন। কাহারো সহিত বাক্যালাপ করেন না। কেহ কোন জিজ্ঞাসা করিলেও উত্তর দেন না। সর্ব্বাধিকারিপুত্র নৃপনন্দনের ঈদৃশী দশা নিরীক্ষণ করিয়া উপদেশ-চ্ছলে অশেষপ্রকার ভর্ৎসনা করিলেন।

প্রিয়বয়স্যের উপদেশবাক্য শ্রবণানন্তর রাজকুমার কহিলেন আমি যখন [illegible] করিয়াছি তখন আমার হিতাহিতচিন্তা ও সুখদুঃখবিবেচনা নাই। মনোরথ সম্পন্ন না হইলে জীবন পরিত্যাগ করিব। বন্ধুর এইরূপ বাক্য শুনিয়া অমাত্যকুমার মনে২ বিবেচনা করিতে লাগিলেন আর এখন উপদেশদ্বারা ধৈর্য্যসম্পাদনের সময় নাই এ নিতান্ত অধীর হইয়াছে। অতঃপর কোন উপায় চিন্তা করা যুক্তিসিদ্ধ বোধ হইতেছে। এইরূপ নিশ্চয় করিয়া কুমারকে জিজ্ঞাসা করিলেন বয়স্য প্রস্থান কালে সেই সীমন্তিনী তোমাকে কিছু কহিয়া ছিল অথবা তুমি তাহাকে কিছু কহিয়াছিলে কি না। রাজপুত্র কহিলেন না বয়স্য আমি তাহাকে কিছু কহি নাই এবং সেই সর্ব্বাঙ্গ সুন্দরীও আমাকে কোন কথা কহে নাই। তখন অমাত্যপুত্র কহিলেন তবে তাহার সমাগম অতি অসাধ্য বোধ হইতেছে। রাজপুত্র কহিলেন যদি সেই সুলোচনা লোচনানন্দদায়িনী না হয় তবে আমার আশা পরিত্যাগ কর। তখন তিনি অনেক ভাবিয়া চিন্তিয়া পুনরায় জিজ্ঞাসা করিলেন ভাল বয়স্য প্রস্থান সময়ে সে কোন সঙ্কেত করিয়াছিল কি না।

তদনন্তর কুমার কমলবৃত্তান্ত বর্ণন করিলে তিনি কহিলেন সখে আর চিন্তা নাই আমি তৎকৃত সঙ্কেতের সম্পূর্ণরূপে তাৎপর্য্য গ্রহ করিয়াছি তাহার নাম ধাম ও জানিতে পারিয়াছি এবং প্রতিজ্ঞা করিতেছি অল্প কাল মধ্যেই তাহার সহিত সমাগম সম্পন্ন করিয়া দিব। অধিক ব্যাকুল হইলেই অভীষ্টসিদ্ধি হয় না। ধৈর্য্য অবলম্বন কর। তখন রাজপুত্র কহিলেন যদি বুঝিয়া থাক সমুদয় বিশেষরূপে বর্ণন কর। শুনিলে ও আপাততঃ অনেক সুস্থ হইতে

পারি। তিনি কহিলেন বয়স্য শ্রবণ কর পদ্মপুষ্প মস্তক হইতে নামাইয়া কর্ণে যে সংলগ্ন করিয়াছিল তদ্দ্বারা তোমাকে কহিয়াছে যে আমি কর্ণাটনগরনিবাসিনী। দন্তদ্বারা খণ্ডন করিয়া এই ব্যক্ত করিয়াছে যে আমি দন্তবাট রাজার কন্যা। তৎপরে পদতলে নিক্ষিপ্ত করিয়া এই সঙ্কেত করিয়াছে যে আমার নাম পদ্মাবতী। আর হৃদয়ে স্থাপন করিয়া এই অভিপ্রায় প্রকাশ করিয়াছে যে তুমি আমার হৃদয়বল্লভ।

বয়স্যের এই বাক্য শ্রবণ করিয়া কুমার অপার আনন্দসাগরে মগ্ন হইলেন। এবং ব্যগ্র হইয়া বারম্বার কহিতে লাগিলেন বয়স্য ত্বরায় আমাকে কর্ণাট নগরে লইয়া চল। অনন্তর উভয়ে সমুচিত পরিচ্ছদ পরিধান ও অস্ত্র বন্ধন পূর্ব্বক অশ্বারোহণ করিলেন। এবং কতিপয় দিবসের পরে কর্ণাট নগরে উপস্থিত হইয়া রাজবাটীর নিকটে গিয়া দেখিলেন এক বৃদ্ধা আপন ভবন দ্বারে উপবিষ্টা আছে। উভয়ে অশ্ব হইতে অবতীর্ণ হইয়া তাহার নিকটে গিয়া কহিলেন মা আমরা বাণিজ্যব্যবসায়ী বিদেশীয় লোক। দ্রব্য সামগ্রী সমগ্র পশ্চাৎ আসিতেছে। বাসা অনুসন্ধান করিবার নিমিত্ত আমরা অগ্রসর হইয়াছি। যদি কৃপা করিয়া স্থান দাও তবে থাকিতে পাই। বৃদ্ধা তাহাদিগের মনোহর রূপ দর্শনে ও মধুর বাক্য শ্রবণে প্রীতা হইয়া প্রসন্নমনে কহিল এ তোমারদিগের গৃহ যত দিন ইচ্ছা স্বচ্ছন্দে অবস্থিতি কর। অনন্তর উভয়ে সেই বর্ষীয়সীর সদনে উদাসীন ভাবে উত্তীর্ণ হইলেন।

কিয়ৎক্ষণ পরে বৃদ্ধা তাহাদিগের সন্নিধানে আগমন করিয়া কথোপকথনের আরম্ভ করিলে পর সর্ব্বাধিকারিপুত্র জিজ্ঞাসা করিলেন

মা কয় জন তোমার পরিবার আর কি প্রকারে বা নির্ব্বাহ হয়। বৃদ্ধা কহিল আমার পুত্র রাজসংসারে কর্ম্ম করে রাজার অতি প্রিয়-পাত্র। আর পদ্মাবতী নামে রাজার এক কন্যা আছেন আমি তাঁহার ধাত্রী ছিলাম। এক্ষণে বৃদ্ধা হইয়াছি গৃহে থাকি। কিন্তু রাজা অনুগ্রহ করিয়া অন্ন বস্ত্র প্রদান করেন। আর রাজকন্যা অত্যন্ত স্নেহ করেন অতএব প্রতিদিন এক২ বার তাঁহাকে দেখিতে যাই। ইহা শুনিয়া রাজপুত্র কহিলেন কল্য যাইবার সময় আমাকে জিজ্ঞাসা করিয়া যাইবে আমি রাজকন্যার নিকট কোন সংবাদ পাঠাইব। বৃদ্ধা কহিল যদি প্রয়োজন থাকে বল আজি আমি রাজ-কন্যাকে জানাইয়া আসি। তখন রাজকুমার হৃষ্টমনা হইয়া কহি-লেন তুমি রাজকন্যাকে কহিবে যে জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষীয় পঞ্চমী তিথিতে সরোবরের তীরে যে রাজপুত্রকে দেখিয়াছিলে সে তোমার সঙ্কেতানুসারে উপস্থিত হইয়াছে।

এই বাক্য কর্ণগোচর হইবামাত্র বৃদ্ধা যষ্টি গ্রহণ পূর্ব্বক রাজভবনে গমন করিল। কন্যান্তঃপুরে প্রবেশ করিয়া দেখিল রাজকন্যা একা-কিনী নির্জনে উপবিষ্টা আছেন। বৃদ্ধা সম্মুখবর্ত্তিনী হইবামাত্রে রাজ কন্যা সমাদর পূর্ব্বক বসিতে আসন প্রদান করিলেন। সে উপবিষ্টা হইয়া কহিল বৎসে বাল্যকালে অনেক যত্নে তোমাকে মানুষ করি-য়াছি। এইক্ষণে ভগবানের অনুগ্রহে তুমি তরুণাবস্থা প্রাপ্ত হইয়াছ। আমার অন্তঃকরণের অভিলাষ এই উপযুক্ত পাত্রের হস্ত গতা হইয়া যৌবনকাল চরিতার্থ কর। এই রূপ আড়ম্বরের সহিত ভূমিকা করিয়া কহিতে লাগিল জ্যৈষ্ঠ শুক্লপঞ্চমী তিথিতে বাপীতটে যে রাজকুমারের মন হরণ করিয়া আনিয়া ছিলে। তিনি আমার গৃহে

উত্তীর্ণ হইয়াছেন। এবং আমার দ্বারা এই সংবাদ পাঠাইয়াছেন যে আমার নিকট যেরূপ প্রতিজ্ঞা করিয়াছিলে তাহা পরিপূর্ণ কর আমি উপস্থিত হইয়াছি। আর আমি ও কহিতেছি এই রাজপুত্র তোমার যোগ্য বর তুমি যেরূপ রূপবতী সে ব্যক্তিও তদনুরূপ বটে।

রাজকন্যা শ্রবণমাত্র কোপ প্রকাশ করিয়া হস্তে চন্দন লেপন পূর্ব্বক বৃদ্ধার উভয় গণ্ডে চপেটাঘাত করিলেন। এবং কহিলেন তুমি অবিলম্বে আমার পুরী হইতে দূরীভূতা হও। সে তাহাতে অত্যন্ত বিরক্ত হইয়া তৎক্ষণাৎ রাজকুমারের নিকটে আসিয়া পূর্ব্বাপর সমস্ত বৃত্তান্ত নিবেদন করিল। রাজকুমার শুনিয়া বিষণ্ণ ও হতবুদ্ধি হইয়া রহিলেন। তখন সর্ব্বাধিকারির পুত্র কহিলেন বয়স্য অন্যথা ভাবিয়া উৎকণ্ঠিত হও কেন। তুমি তাহার অভিপ্রায় বুঝিতে পার নাই। শ্রীখণ্ডরসাভিষিক্ত দশ করশাখাচিহ্ন দ্বারা ইহা ব্যক্ত করিয়াছে যে শুক্লপক্ষের দশ দিবস অবশিষ্ট আছে তদবসানে অন্ধকারপক্ষে তোমার সহিত সমাগম হইবেক।

শুক্লপক্ষ অতীত হইলে পর বৃদ্ধা পুনর্ব্বার রাজনন্দনের বার্ত্তা লইয়া কুমারীর নিকট নিবেদন করিল। কুমারী তৎক্ষণাৎ অঙ্গুলিত্রয় কুঙ্কুমলিপ্ত করিয়া তাহার কপোলদেশে প্রহার করিলেন এবং কহিলেন অতি ত্বরায় তুমি আমার অন্তঃপুর হইতে দূর হও। বৃদ্ধা পুনরায় এই প্রকার তিরস্কার পাইয়া অতি বিষণ্ণ বদনে সদনে প্রত্যাগমন পূর্ব্বক রাজকুমারের নিকটে পূর্ব্বাপর সমস্ত বর্ণন করিল। তিনি শ্রবণমাত্র অত্যন্ত ব্যাকুল ও হতাশ্বাস হইয়া দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক পার্শ্ববর্ত্তি প্রিয়বয়স্যের প্রতি কহিতে লাগিলেন সখে এখন কি উপায় করি নিতান্ত বুঝিলাম বিধি বাম হইয়াছে মনস্কাম সিদ্ধির

কোন সম্ভাবনা বোধ হইতেছে না। নতুবা সেই বামলোচনা কিনিমিত্ত বারম্বার তিরস্কার করিয়া বৃদ্ধাকে বিদায় করিতেছে। অন্তঃকরণে প্রণয়সঞ্চার থাকিলে দূতীর প্রতি এত অনাদর হয় না। তখন তিনি কহিলেন বয়স্য মর্ম্মগ্রহ না করিয়া কেন অকারণে এত ব্যাকুল হও। কুঙ্কুমলিপ্ত অঙ্গুলিত্রয় প্রহারের তাৎপর্য্য এই এক্ষণে তাহার অস্পৃশ্য দশা উপস্থিত হইয়াছে। এনিমিত্তে আর তিন দিন অপেক্ষা করিতে হইবেক চতুর্থ দিবসে সমাগম হইবার সন্দেহ নাই।

অনন্তর তিন দিবস অতিক্রান্ত হইলে বৃদ্ধা পুনর্ব্বার রাজকুমারীর নিকটে গিয়া কুমারের প্রার্থনা জানাইল। তিনি শুনিয়া অত্যন্ত কোপ প্রকাশ করিলেন এবং গলহস্ত প্রদান পূর্ব্বক বৃদ্ধাকে অন্তঃপুরের খটক্কীদ্বার দিয়া বাহির করিয়া দিলেন। সে তৎক্ষণাৎ রাজকুমারের নিকট আসিয়া এই বৃত্তান্ত জানাইল। তিনি শুনিয়া নিরাশ্বাস হইয়া দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক অধোমুখে চিন্তা করিতে লাগিলেন। তখন সর্ব্বাধিকারির পুত্র কহিলেন বয়স্য কেন উৎকণ্ঠিত হইতেছ আর ভাবনা নাই এ অনুকূল গলহস্ত অপ্রশস্ত নহে। তুমি পূর্ণমনোরথ হইয়াছ অদ্য রজনীযোগে তোমাকে সেই দ্বার দিয়া তাহার অন্তঃপুরে যাইতে সঙ্কেত করিয়াছে। রাজপুত্র আনন্দপ্রবাহে মগ্ন হইয়া দিবসাবসানপ্রতীক্ষায় কালক্ষেপ করিতে লাগিলেন।

প্রদোষ কাল উপস্থিত হইলেপর রাজকুমার বিহারযোগ্য বেশ ভূষা সমাধান করিয়া প্রিয়বয়স্যের সহিত অর্দ্ধরাত্র সময়ে নির্দ্ধারিত দ্বারদেশে উপস্থিত হইলেন। সর্ব্বাধিকারির পুত্র দ্বারের বহির্ভাগে দণ্ডায়মান রহিলেন। তিনি তন্মধ্য দিয়া অন্তঃপুর প্রবেশ করিলেন এবং দেখিলেন রাজকুমারী তাঁহার প্রতীক্ষা করিতেছেন। নয়নে

নয়নে সঙ্গতি হওয়াতে উভয়ে চরিতার্থতা প্রাপ্ত হইলেন। রাজকন্যা পার্শ্ববর্ত্তিনী বয়স্যার প্রতি দ্বাররোধের আদেশ করিয়া রাজকুমারের কর গ্রহণ পূর্ব্বক বিলাসভবনে প্রবেশ করিলেন। এবং সুশোভিত স্বর্ণময় সিংহাসনে উপবেশনানন্তর বল্লভের কণ্ঠদেশে স্বহস্ত গ্রথিত ললিত মালতীমালা সমর্পণ করিয়া স্বয়ং তালবৃন্ত সঞ্চালন করিতে লাগিলেন।

তখন রাজকুমার কহিলেন প্রিয়ে তোমার বদন সুধাকর সন্দর্শনেই আমার চিত্তচকোর চরিতার্থ হইয়াছে আর এরূপ পরিশ্রম স্বীকারের প্রয়োজন নাই। বিশেষতঃ তোমার কোমল করপল্লব শিরীষ কুসুমাপেক্ষাও সুকুমার কোন প্রকারেই তালবৃন্ত ধারণের যোগ্য নহে। আমার হস্তে প্রদান কর আমি তোমার সেবা দ্বারা শ্রম সফল ও আত্মাকে চরিতার্থ করি। পদ্মাবতী কহিলেন নাথ আমার নিমিত্তে তোমার অনেক পরিশ্রম ও ক্লেশ হইয়াছে। অতএব তোমার সেবা করা আমার উচিত হয়। উভয়ের এইরূপ বচনবৈদগ্ধী শ্রবণ করিয়া পার্শ্ববর্ত্তিনী সখী পদ্মাবতীর করতল হইতে তালবৃন্ত গ্রহণ পূর্ব্বক বায়ু সঞ্চালন করিতে লাগিল। এবং কিয়ংক্ষণ পরে ক্রমেং উভয়ের সাত্ত্বিক ভাবের আবির্ভাব দেখিয়া কার্য্যান্তরব্যপদেশে গৃহ হইতে বহির্গতা হইলে পর কান্ত ও কামিনী কৌতুকে যামিনী যাপন করিলেন।

রজনী অবসন্না হইলে রাজকুমার অন্তঃপুর হইতে বহির্গত হইবার মানস প্রকাশ করাতে কুমারী কহিলেন নাথ আমার এই অন্তঃপুরে সখীগণ ব্যতিরেকে অন্যের প্রবেশাধিকার নাই তুমি নির্ভয়ে অবস্থিতি কর। আমি তোমাকে বিদায় দিয়া ক্ষণমাত্রও প্রাণধারণ করিতে

পারিব না। রাজকুমার প্রিয়তমার এই প্রকার প্রণয়রসাভিষিক্ত মৃদু মধুর বচনপরম্পরা শ্রবণে শ্রবণেন্দ্রিয় সফল বোধকরিয়া তাহাতে সম্মত হইলেন। এবং তাহার সহচর হইয়া নানা কৌতুকে বিহার সুখে সময় যাপন করিতে লাগিলেন।

এই রূপে কতিপয় দিবস অতীত হইলে রাজকুমার নিজ রাজধানী গমনের অভিপ্রায় প্রকাশ করিলেন। রাজকন্যা কোন ক্রমেই সম্মত হইলেন না। ক্রমে২ প্রায় এক মাস অতীত হইল তথাপি অনুমতি লইতে পারিলেন না। এখানে রাজা প্রতাপমুকুট এতাবদ্দিবস পর্য্যন্ত প্রাণাধিক প্রিয়পুত্রের কোন উদ্দেশ না পাইয়া শোকাকুল হইয়া দেশ বিদেশে অন্বেষণ করিতে দূত প্রেরণ করিলেন। রাজপুত্র গমন বিষয়ে নিতান্ত নিরুপায় হইয়া অত্যন্ত চিন্তাকুল হইলেন। এবং এক দিবস নির্জ্জনে বসিয়া ভাবিতে লাগিলেন আমি অকিঞ্চিৎকর ইন্দ্রিয় সুখের পরতন্ত্র হইয়া পিতা মাতা আত্মীয়গণ জন্মভূমি প্রভৃতি সকল পরিত্যাগ করিলাম। আর যে হৃদয়াধিক বান্ধবের বুদ্ধিকৌশলে এই প্রকার অসুলভ সুখসম্ভোগ করিতেছি মাসাবধি তাঁহারও কোন সংবাদ লইলাম না। বোধ করি বন্ধু আমারে অকৃতজ্ঞ ও স্বার্থপর ভাবিতেছেন।

রাজকুমার একাকী এইরূপ চিন্তা করিতেছেন এই অবসরে রাজকন্যা অকস্মাৎ উপস্থিত হইয়া তাঁহাকে উৎকণ্ঠাকুণ্ঠিত দেখিয়া জিজ্ঞাসিলেন নাথ আজি কি নিমিত্ত তুমি এমন বিমনা হইয়াছ তোমার চন্দ্রবদন বিষণ্ণ দেখিলে দশ দিক্ শূন্য দেখি। সবিশেষ কহ আমি ত্বরায় তাহার প্রতীকার করিতেছি। বজ্রমুকুট কহিলেন পিতার সর্ব্বাধিকারির পুত্র আমার সহচর হইয়া আসিয়াছেন তিনি আমার পরম

মিত্র মাসাবধি তাঁহার সহিত আমার সাক্ষাৎ নাই এবং তৎসম্পর্কীয় কোন বার্ত্তা ও শুনিতে পাই নাই জানিনা কিপ্রকার আছেন। তিনি অতিচতুর পণ্ডিত ও নানা গুণরত্নে মণ্ডিত। তাঁহার বুদ্ধিপ্রভাবেই তোমার সমাগম লাভ করিয়াছি এবং এতাবদ্দিবস পর্য্যন্ত এই বাক্পথাতীত সুখসম্ভোগে কালক্ষেপণ করিতেছি। তিনিই তোমার সমুদায় সঙ্কেতের মর্ম্মোদ্ভেদ করিয়াছেন।

পদ্মাবতী কহিলেন অয়ি নাথ এরূপ বন্ধুর অদর্শনে চিত্ত অবশ্যই উৎকণ্ঠিত হইতে পারে। আর এতাবৎ কাল পর্য্যন্ত তাঁহার কোন সংবাদ না লওয়ায় অতি অভদ্রতা প্রকাশ হইয়াছে। রহস্যবিদ বন্ধু প্রাণ অপেক্ষাও প্রণয়ের আস্পদ হয়। অতএব বিবেচনা করিয়া দেখিলে তুমি তাঁহার নিকট অত্যন্ত অপরাধী হইয়াছ ও অকৃতজ্ঞতা প্রকাশ করিয়াছ। যাহা হউক এক্ষণে কর্ত্তব্য এই তাঁহার পরিতোষ জন্য আমি নানাবিধ সুস্বাদ মিষ্টান্ন প্রস্তুত করিয়া পাঠাই এবং তুমিও কিয়ৎক্ষণের নিমিত্ত তথায় গিয়া সমুচিত সদ্ভাব প্রকাশ করিয়া আইস। রাজপুত্র তৎক্ষণাৎ সেই গুপ্তদ্বার দিয়া অন্তঃপুর হইতে বহির্গত হইয়া বৃদ্ধার ভবনে উপস্থিত হইলেন। এবং বহু দিবসের পর অকপটপ্রণয়পবিত্র মিত্র সহ সাক্ষাৎকারলাভে অশ্রুপূর্ণলোচন হইয়া তাঁহার নিকট অদর্শনদিনাবধি পূর্ব্বাপর সমস্ত বৃত্তান্ত বর্ণন করিলেন।

রাজপুত্রকে বন্ধুদর্শনে প্রেরণ করিয়া রাজকন্যা মনে২ বিবেচনা করিতে লাগিলেন এ কেবল বন্ধুর বুদ্ধিপ্রভাবেই কৃতকার্য্য হইয়াছে অতএব অবশ্যই এ সকল কথা তাহার নিকট ব্যক্ত করিবেক। আর সে ব্যক্তিও তাহার অন্যান্য বান্ধবের নিকট প্রকাশ করিবেক সন্দেহ নাই।

এইরূপে আমার এই অযশঃ ক্রমে২ জগদ্বিখ্যাত হইবার সম্ভাবনা। অতএব এমত ব্যক্তিকে জীবিত রাখা কোন ক্রমেই উপযুক্ত নহে। এইরূপ ভাবিয়া তৎক্ষণাৎ নানাবিধ বিষমিশ্রিত মিষ্টান্ন প্রস্তুত করিয়া সখীদ্বারা পাঠাইয়া দিলেন।

মিষ্টান্ন উপনীত হইলে মন্ত্রিপুত্র জিজ্ঞাসা করিলেন বয়স্য এ সকল কি। রাজপুত্র কহিলেন মিত্র অদ্য আমি তোমার নিমিত্ত অতিশয় উৎকলিকাকুল হইয়াছিলাম। রাজকন্যা আমারদিকে দৃষ্টিপাত করিয়া কারণ জিজ্ঞাসু হইলে আমি তোমার নানাবিধ প্রশংসা করিয়া কহিলাম প্রিয়ে আমি এই বন্ধুর অদর্শনে বিষণ্ণ হইতেছি। রাজকন্যা তোমার কথা শুনিয়া অত্যন্ত সন্তুষ্টা হইয়াছেন এবং আমাকে অগ্রে পাঠাইয়া দিয়া অতি ত্বরায় স্বহস্তে এই সমস্ত প্রস্তুত করিয়া তোমার আহারের নিমিত্ত প্রেরণ করিয়াছেন। এবং আমাকে কহিয়া দিয়াছেন তুমি আপন সমক্ষে তাঁহাকে ভোজন করাইয়া আসিবে। অতএব বয়স্য কিছু ভক্ষণ কর তাহা হইলে পরম সন্তোষ পাই এবং যাইয়া তাহার নিকট কহিতে চাই আমার বন্ধু মিষ্টান্ন আহার করিয়া তোমার শিল্পনৈপুণ্যের অশেষ প্রকার প্রশংসা করিয়াছেন।

তখন রাজপুত্রের নিকট পুনর্ব্বার মনোযোগ পূর্ব্বক পূর্ব্বাপর সমস্ত অবগত হইয়া কহিলেন বয়স্য তুমি আমার নিমিত্ত কালকূট আনিয়াছ। এ মিষ্টান্ন নহে সাক্ষাৎ কৃতান্ত জিহ্বাস্পর্শমাত্রেই প্রাণসংহার করিবেক। যাহাহউক আমার পরম ভাগ্য এই যে তুমি খাও নাই। তুমি ঋজুস্বভাব কাহার কি ভাব কিছুই বুঝিতে চেষ্টা করনা। তোমাকে এক সার কথা কহি পুংশ্চলীরা স্বভাবতঃ আপন প্রিয়ের প্রিয়পাত্রের প্রতি অতিশয় বিষদৃষ্টি হয়। অতএব তুমি তাহার সমক্ষে আমার নাম গ্রহণ করিয়া বুদ্ধির কর্ম্ম কর নাই।

কুমার কহিলেন বয়স্য আমি এ কথায় বিশ্বাস করিতে পারি না। তুমি তাহার স্বভাব জাননা এই নিমিত্ত এরূপ কহিতেছ। এমন সদাশয় স্ত্রীলোক আমি কখন দেখি নাই। তাহার নাম করিলে আমার রোমাঞ্চ হয়। বলিতে কি তুমি আর বার এপ্রকার কহিলে আমি তোমার প্রতি বিরক্ত হইব। ভাল কথায় প্রয়োজন নাই আমি তোমার সন্দেহ দূর করিতেছি। এই বলিয়া এক লাড়ু লইয়া বিড়ালকে ভক্ষণ করাইলেন। বিড়াল তৎক্ষণাৎ পঞ্চত্ব প্রাপ্ত হইল। তখন রাজপুত্র চমৎকৃত হইয়া কহিতে লাগিলেন এরূপ দুর্বৃত্তার সহিত পরিচয় রাখা বিহিত নহে। আর আমি জন্মাবচ্ছিন্নে সেই পাপীয়সীর মুখ দর্শন করিব না। মন্ত্রিপুত্র কহিলেন না বয়স্য তাহাকে একেবারে পরিত্যাগ করা হইবেক না রাজধানীতে লইয়া যাইবার সুযোগ দেখিতে হইবেক। রাজপুত্র কহিলেন তাহাও তোমার বুদ্ধিসাধ্য।

অমাত্যপুত্র কহিলেন বয়স্য এক পরামর্শ বলি শুন অদ্য তুমি পদ্মাবতীর নিকটে গিয়া পূর্ব্বাপেক্ষায় অধিক প্রণয় প্রকাশ করিবে। এবং কহিবে বন্ধু অভ্যবহারের অব্যবহিত পরক্ষণেই অচেতনপ্রায় হইয়া নিদ্রাগত হইলেন। আমি তোমার দর্শনের নিমিত্ত উৎসুক হইয়া তাঁহার নিদ্রাভঙ্গ পর্য্যন্ত অপেক্ষা করিতে না পারিয়া তাঁহাকে না বলিয়াই আসিয়াছি। আমি এখন তোমাকে এক ক্ষণ নিরীক্ষণ না করিলে দশ দিক শূন্য দেখি। ফলতঃ আর আমি বন্ধুর অনুরোধে তোমাকে পরিত্যাগ করিয়া যাইতে পারিব না। ইত্যাদি নানাবিধ কপটবাক্য দ্বারা তাহার বিশ্বাস জন্মাইয়া দিবা যাপন করিবে। পরে সে নিদ্রাগতা হইলে তদীয় সমস্ত আভরণ হরণ পূর্ব্বক তাহার বামজঙ্ঘাতে এই ত্রিশূলের চিহ্ন দিয়া পলাইয়া আসিবে। রাজপুত্র

শুনিয়া সম্মত হইলেন। এবং পদ্মাবতীর নিকটে গিয়া পূর্ব্বাপেক্ষায় সমধিক প্রীতি প্রকাশ করিলেন। পরে উভয়ে শয়ন করিলে রাজকন্যা ত্বরায় নিদ্রাভিভূতা হইলেন। কুমার দেখিলেন পদ্মাবতী সুষুপ্তি প্রাপ্তা হইয়াছেন। তখন মন্ত্রিপুত্রের উপদেশানুরূপ সমস্ত সম্পাদন করিয়া বৃদ্ধার আবাসে উপস্থিত হইলেন।

পরদিন প্রভাতে মন্ত্রিপুত্র সন্ন্যাসির বেশ ধারণ পূর্ব্বক এক শ্মশানে উপস্থিত হইলেন। এবং স্বয়ং গুরু হইয়া রাজপুত্রকে শিষ্য করিয়া কহিলেন তুমি নগরে গিয়া এই অলঙ্কার বিক্রয় কর। যদি কেহ তোমাকে চোর বলিয়া ধরে তাহাকে আমার নিকটে লইয়া আসিবে। রাজপুত্র তাহার বচনানুসারে ভূষণ গ্রহণ পুরঃসর নগর প্রবেশ করিয়া রাজসদনের সমীপস্থিত স্বর্ণকারের নিকট বিক্রয়ার্থ উপস্থিত হইলেন। সে দর্শনমাত্র বিস্ময়াপন্ন হইয়া মনেং চিন্তা করিতে লাগিল কিয়দ্দিবস হইল আমি রাজকন্যার নিমিত্ত এই অলঙ্কার নির্ম্মাণ করিয়া দিয়াছি। কিন্তু এ ব্যক্তিকে বিদেশীয় দেখিতেছি ইহার হস্তে কিপ্রকারে আইল। অনন্তর সন্দিহান হইয়া কারিকর-দিগকে জিজ্ঞাসা করাতে তাহারা কহিল এ রাজকন্যার সেই অলঙ্কার বটে। তখন স্বর্ণকার রাজকুমারকে চোর নিশ্চয় করিয়া কহিল এ রাজকন্যার অলঙ্কার দেখিতেছি তুমি কোথায় পাইলে যথার্থ বল।

স্বর্ণকার ভয়প্রদর্শন পূর্ব্বক বারম্বার এই প্রকার কহিবাতে রাজপথবাহী দশ দ্বাদশ উদাসীন ব্যক্তি ও কৌতূহলাক্রান্ত হইয়া তথায় উপস্থিত হইল। ফলতঃ অল্পকাল মধ্যেই ঐ অলঙ্কার লইয়া অত্যন্ত আন্দোলন হইতে লাগিল। পরিশেষে নগররক্ষক এই সংবাদ পাইয়া রাজকুমার ও স্বর্ণকার উভয়কে রুদ্ধ করিল। পরে

সে অলঙ্কারের প্রাপ্তিবৃত্তান্ত জিজ্ঞাসা করিলে কুমার কহিলেন শ্মশানবাসী গুরুদেব আমাকে এই অলঙ্কার বিক্রয় করিতে পাঠাইয়াছেন। তিনি কোথায় পাইয়াছেন আমি তাহার কিছুই জনিনা। যদি তোমারদের কোন সন্দেহ হয় তাঁহাকে গিয়া জিজ্ঞাসা কর। পরিশেষে পুররক্ষী গুরুশিষ্য উভয়কে অলঙ্কারসমেত রাজসমক্ষে লইয়া গিয়া পূর্ব্বাপর সমস্ত বিজ্ঞাপন করিল।

তদনন্তর রাজা নানা প্রকারে সন্দিহান হইয়া যোগিকে নির্জ্জনে আনিয়া বিনয়বাক্যে জিজ্ঞাসা করিলেন মহাশয় আপনি এই সমস্ত অলঙ্কার কোথায় পাইলেন। যোগী কহিলেন মহারাজ কৃষ্ণচতুর্দ্দশী রজনীযোগে আমি নগরপ্রান্তবর্ত্তি শ্মশানে ডাকিনীমন্ত্র সিদ্ধ করিয়াছিলাম। মন্ত্রপ্রভাবে ডাকিনী স্বয়ং উপস্থিত হইয়া প্রসাদস্বরূপ স্বীয় অলঙ্কার ও পরিধান বসন উন্মোচন করিয়া দিয়াছেন। এবং আমিও তাঁহার বামজঙ্ঘাতে যোগসিদ্ধির প্রমাণস্বরূপ এক ত্রিশূলের চিহ্ন দিয়াছি। এই সমুদায় সেই অলঙ্কার। রাজা শুনিয়া বিস্ময়াপন্ন হইয়া অবিলম্বে অন্তঃপুরে প্রবেশ করিলেন। এবং নিজ মহিষীকে কহিলেন দেখ দেখি পদ্মাবতীর বামজঙ্ঘাতে কোন চিহ্ন আছে কি না। রাজ্ঞী তৎপ্রদেশের বসনোদ্ঘাটন করিয়া দেখিলেন এবং রাজার নিকটে আসিয়া কহিলেন এক ত্রিশূলের চিহ্ন আছে।

রাজা এই প্রকার অঘটনঘটনা শ্রবণে হতবুদ্ধি ও লজ্জায় অধোমুখ হইয়া ভাবিতে লাগিলেন এ প্রকার স্বৈরিণীকে গৃহে রাখা উচিত কর্ম্ম নহে ইহাতে অধর্ম্ম আছে। অতএব এখন কি কর্ত্তব্য। অথবা পণ্ডিতমণ্ডলী একত্র করিয়া সবিশেষ কহিয়া জিজ্ঞাসা করি তাঁহারা

ধর্ম্মশাস্ত্রানুসারে যেরূপ ব্যবস্থা দিবেন তদনুরূপ কার্য্য করিব। কিন্তু গৃহচ্ছিদ্র প্রকাশ করিতে শাস্ত্রে নিষেধ আছে। পণ্ডিতমণ্ডলী সংগ্রহ করিয়া জিজ্ঞাসিলে আমার এই অপযশঃ ক্রমেং দেশ বিদেশে প্রচার হইবেক। তদপেক্ষায় উত্তম কল্প এই সেই সন্ন্যাসিকেই ইহার পরামর্শ জিজ্ঞাসা করি। সন্ন্যাসী সবিশেষ অবগত আছেন শাস্ত্রজ্ঞও বটেন ধর্ম্মতঃ প্রশ্ন করিলে অবশ্যই যথাশাস্ত্র ব্যবস্থা দিবেন। তদনন্তর রাজসভায় আসিয়া বিজন প্রদেশে বসিয়া সন্ন্যাসিকে জিজ্ঞাসা করিলেন মহাশয় ধর্ম্মসংহিতাতে দুশ্চরিত্রা স্ত্রীর বিষয়ে কিরূপ দণ্ড নিরূপিত আছে। সন্ন্যাসী কহিলেন মহারাজ ধর্ম্মশাস্ত্রে লিখিত আছে। ব্রাহ্মণ স্ত্রী ও বালক ইহারা অত্যন্ত অপরাধী হইলেও বধার্হ নহে। রাজা ইহারদিগের নির্ব্বাসন করিবেন।

তখন রাজা অন্তঃপুরে গিয়া রাজ্ঞীকে কহিলেন পদ্মাবতী অতি দুশ্চরিত্রা এ জন্য শাস্ত্রপ্রমাণানুসারে আমি ইহাকে দেশবহিষ্কৃতা করিব। রাজ্ঞী কন্যার প্রতি অত্যন্ত স্নেহবতী ছিলেন কিন্তু পতিব্রতাত্ব প্রযুক্ত রাজার মতেই সম্মত হইলেন। অনন্তর নৃপতি কন্যাকে শিবিকারোহণের আদেশ দিয়া তাহার অগোচরে বাহকদিগকে আজ্ঞা দিলেন তোমরা পদ্মাবতীকে কোন অরণ্যানীতে পরিত্যাগ করিয়া ত্বরায় আমাকে সংবাদ দাও। বাহকেরা রাজাজ্ঞা সম্পাদন করিল। অমাত্যপুত্রও তৎক্ষণাৎ রাজকুমারকে সঙ্গে লইয়া রাজকুমারীর উদ্দেশে চলিলেন। এবং ইতস্ততঃ অনেক অন্বেষণ করিয়া পরিশেষে সেই অরণ্যে প্রবেশিয়া দেখিলেন পদ্মাবতী একাকিনী বৃক্ষমূলে বসিয়া যূথভ্রষ্টা হরিণীর ন্যায় বিষাদ করিতেছেন। পরে নানা কৌশলে তাহাকে সঙ্গে লইয়া উভয়ে স্বদেশাভিমুখে প্রস্থান করিলেন। রাজ-

ধানীতে উপস্থিত হইলে প্রজাগণ অতিশয় আনন্দিত হইল। এবং রাজা প্রতাপমুকুট বধূসহিত পুত্র পাইয়া আনন্দপ্রবাহে মগ্ন হইয়া নগরে মহোৎসবের আদেশ করিলেন।

এইরূপে আখ্যায়িকা সমাপন করিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ রাজা ও মন্ত্রিপুত্র এই উভয়ের মধ্যে কোন ব্যক্তি নির-পরাধে রাজকুমারীর বনপ্রেষণ জন্য দুরদৃষ্টভাগী হইবেন। বিক্রমাদিত্য কহিলেন আমার মতে রাজা। বেতাল কহিল কি নিমিত্তে। রাজা কহিলেন শাস্ত্রকারেরা আততায়ি ব্যক্তির বধ ও বিদ্রোহাচরণে দোষাভাব লিখিয়াছেন। অতএব বিষপ্রদায়িনী রাজ কন্যার প্রতি এরূপ প্রতিকূলতাচরণে মন্ত্রিপুত্রকে দোষী বলিতে পারা যায় না। কিন্তু রাজা যে অজ্ঞাতকুলশীল ব্যক্তির বাক্যে বিশ্বাসবন্ধ করিয়া প্রমাণান্তরনিরপেক্ষ ও বিচারবিমুখ হইয়া অপত্য-স্নেহ বিস্মরণ পূর্ব্বক অকৃতাপরাধে কন্যাকে বনবাস দিলেন ইহাতে তাঁহার রাজধর্ম্মবিরুদ্ধ কর্ম্মেরঅনুষ্ঠানজন্য পাপস্পর্শ হইতে পারে।

ইহা শুনিয়া বেতাল আত্মকৃতপ্রতিজ্ঞানুসারে শ্মশানে গিয়া পূর্ব্ববৎ বৃক্ষে লম্বমান হইল। এবং রাজাও তাহার পশ্চাৎ২ ধাবমান হইয়া পূর্ব্ববৎ বৃক্ষ হইতে অবতারণ পূর্ব্বক স্কন্ধে করিয়া সন্ন্যাসির আশ্রমাভি-মুখে চলিলেন।

দ্বিতীয় উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ দ্বিতীয় উপাখ্যানের আরম্ভ করি অবধান কর।

যমুনাতীরে ধর্ম্মস্থল নামে এক নগর আছে। তথায় কেশব নামে এক পরম ধার্ম্মিক ব্রাহ্মণ ছিলেন। ঐ ব্রাহ্মণের মধুমালতী নামে এক পরম সুন্দরী দুহিতা ছিল। কালক্রমে সেই কন্যা বিবাহযোগ্যা হইলে তাহার পিতা ও ভ্রাতা উভয়ে উপযুক্ত পাত্র অন্বেষণে নিয়ত তৎপর রহিলেন। কিয়দ্দিন পরে ব্রাহ্মণ যজমানপুত্রের বিবাহোপলক্ষে গ্রামান্তরে গমন করিলেন। এবং ব্রাহ্মণের পুত্রও অধ্যয়নের নিমিত্ত গুরুগৃহে প্রস্থান করিলেন। দৈবযোগে এই অবসরে এক সুকুমার ব্রাহ্মণকুমার কেশবের গৃহে অতিথি হইলেন। ব্রাহ্মণী তাহাকে রূপে রতিপতিও গুণে বৃহস্পতি দেখিয়া মনে২ বাসনা করিলেন যদি সৎকুলোদ্ভব হয় ও অঙ্গীকার করে তবে ইহাকেই জামাতা করিব। অনন্তর যথোচিত অতিথিসৎকার করিয়া তাহার কুলের পরিচয় লইলেন। এবং সৎকুলজাত জানিয়া আনন্দিত হইয়া কহিলেন বৎস যদি তুমি স্বীকার কর আমার এই মধুমালতীর সহিত তোমার বিবাহ দি। বিপ্রতনয় মধুমালতীর লোকাতীত লাবণ্যদর্শনে সম্মত হইয়া ব্রাহ্মণের প্রত্যাগমনপ্রতীক্ষায় তদীয় আবাসে বাস করিতে লাগিলেন।

কতিপয়দিবসানন্তর ব্রাহ্মণ এবং তাঁহার পুত্র উভয়ে মধুমালতী প্রদানে সত্যবদ্ধ করিয়া একে২ পাত্র লইয়া প্রবাস হইতে প্রত্যাগমন করিলেন। তিন পাত্র একত্র হইল। একের নাম ত্রিবিক্রম দ্বিতীয়ের

নাম বামন তৃতীয়ের নাম মধুসূদন। তিন জনই রূপ গুণ বিদ্যা বয়ঃক্রমে তুল্য কোন প্রকারেই ইতর বিশেষ করিতে পারা যায় না। তখন ব্রাহ্মণ অত্যন্ত বিপদ্‌গ্রস্ত হইয়া চিন্তা করিতে লাগিলেন এক কন্যা তিন বর উপস্থিত কি উপায় করি। তিন জনেই তিন জনের নিকট প্রতিশ্রুত হইয়াছি। এক্ষণকার কর্ত্তব্য কি।

ব্রাহ্মণ এই প্রকার চিন্তা করিতেছেন এই অবসরে ব্রাহ্মণী আসিয়া কহিলেন তুমি এখানে নিশ্চিন্ত বসিয়া কি ভাবিতেছ সর্পাঘাতে মধুমালতী প্রাণত্যাগ করিল। তখন কেশবশর্ম্মা ব্যস্ত সমস্ত হইয়া চারি পাঁচ জন বিষবৈদ্য আনাইয়া অশেষ প্রকার চিকিৎসা করাইলেন কিন্তু কোন প্রকারেই প্রতীকার দর্শিল না। বিষবৈদ্যেরা কহিল মহাশয় আপনকার কন্যাকে কালে দংশন করিয়াছে এবং বার তিথি নক্ষত্র সমুদায়ের দোষ পাইয়াছে। অতএব ব্রহ্মা স্বয়ং উপস্থিত হইলেও ইহাকে বাঁচাইতে পারিবেন না। এক্ষণকার যাহা কর্ত্তব্য থাকে করুন আমরা বিদায় হইলাম। এই বলিয়া প্রণাম করিয়া বিষবৈদ্যেরা প্রস্থান করিল।

অনন্তর ব্রাহ্মণ ব্রাহ্মণেরপুত্র এবং তিন বর পাঁচজন একত্র হইয়া মধুমালতীর মৃত দেহ শ্মশানে লইয়া যথাবিধি দাহক্রিয়া করিলেন। ব্রাহ্মণ পুত্রসহিত গৃহে আসিয়া নানাবিধ বিলাপ ও পরিতাপ করিতে লাগিলেন। বরেরা তিন জনেই এইরূপ অসুলভ রূপনিধান কন্যানিধান লাভে হতাশ হইয়া বৈরাগ্য লইলেন। তন্মধ্যে ত্রিবিক্রম চিতা হইতে সমুদয় অস্থি সঞ্চয়ন করিলেন এবং বস্ত্রখণ্ডে বন্ধন পূর্ব্বক কক্ষে নিক্ষিপ্ত করিয়া দেশে২ ভ্রমণ করিতে লাগিলেন। বামন সন্ন্যাসী হইয়া তীর্থযাত্রা করিলেন। তৃতীয়

মধুসূদন সেই শ্মশানের প্রান্তভাগে এক পর্ণশালা নির্ম্মাণ করিয়া তাহার এক কোণে মধুমালতীর রাশীকৃত দেহভস্ম রাখিয়া যোগ সাধন করিতে লাগিলেন।

এক দিবস বামন ভ্রমণ করিতে২ মধ্যাহ্নকালে এক ব্রাহ্মণের আলয়ে উপস্থিত হইলেন। ব্রাহ্মণ ভোজনকালে সন্ন্যাসী উপস্থিত দেখিয়া কৃতাঞ্জলি হইয়া কহিলেন মহাশয় যদি কৃপা করিয়া দীনের ভবনে পাদার্পণ করিয়াছেন তবে অনুগ্রহ পূর্ব্বক ভিক্ষা স্বীকার করিলে চরিতার্থ হই পাকের অধিক বিলম্ব নাই। সন্ন্যাসী সম্মত হইলেন এবং পাকান্তে ভোজনে বসিলেন। ব্রাহ্মণী পরিবেশন করিতে লাগিলেন। এই অবসরে ব্রাহ্মণের পঞ্চমবর্ষীয় পুত্র নিতান্ত অশান্ত ভাবে উৎপাত আরম্ভ করিয়া পরিবেশনের ব্যাঘাত জন্মাইতে লাগিল। ব্রাহ্মণী নানাপ্রকারে সান্ত্বনা করিলেন কোন ক্রমেই প্রবোধ মানিলেক না। তখন তিনি ক্রোধভরে অধীরা হইলেন এবং প্রজ্বলিতহুতাশনপূর্ণ চুল্লীতে পুত্রকে নিক্ষেপ করিয়া নিশ্চিন্ত হইয়া পরিবেশন করিতে লাগিলেন।

সন্ন্যাসী ব্রাহ্মণীর এইরূপ বিরূপ আচরণ দেখিয়া নারায়ণ বলিয়া তৎক্ষণাৎ ভোজনপাত্র হইতে হস্ত উত্তোলন করিলেন। ব্রাহ্মণ কহিলেন মহাশয় অকস্মাৎ ভোজনে বিরত হইলেন কেন। সন্ন্যাসী কহিলেন যে স্থানে এরূপ রাক্ষসের ব্যবহার প্রচলিত তথায় কিপ্রকারে ভোজন করিতে প্রবৃত্তি হয়। ব্রাহ্মণ কিঞ্চিৎ হাস্য করিয়া তৎক্ষণাৎ গৃহে প্রবেশ করিলেন। এবং সঞ্জীবনী বিদ্যার পুস্তক বহির্গত করিয়া তন্মধ্য হইতে এক মন্ত্র লইয়া কিয়ৎক্ষণ জপ করিতে২ পুত্র প্রাণদান পাইয়া পূর্ব্ববৎ উৎপাতের আরম্ভ করিল। তখন সন্ন্যাসী চমৎকৃত

হইয়া ভোজন সমাপন করিলেন। এবং মনে২ চিন্তা করিতে লাগিলেন যদি কোন উপায়ে এই পুস্তক হস্তগত হয় তবে প্রিয়াকে পুনর্জ্জীবিত করিতে পারি যাহা হউক এতদ্বিষয়ে সাধ্যানুরূপ চেষ্টা করিতে হইবেক।

মনে২ এই রূপ কল্পনা করিয়া ব্রাহ্মণকে কহিলেন অদ্য অপরাহ্ন হইল অতএব আর স্থানান্তরে না গিয়া তোমার ভবনেই রাত্রি-কাল অবস্থান করিব। গৃহস্থ ব্রাহ্মণ সমাদর পূর্ব্বক এক স্বতন্ত্র স্থান নির্দ্দিষ্ট করিয়া দিলেন। রজনী উপস্থিত হইলে পর সমুদায় গৃহস্থ ভোজনাবসানে স্ব স্ব নির্দ্দিষ্ট স্থানে শয়ন করিল। বামন দেখিলেন সকলে নিদ্রাভিভূত হইয়াছে তখন নিঃশব্দ পদসঞ্চারে গৃহপ্রবেশ পূর্ব্বক সঞ্জীবনী বিদ্যার পুস্তক হস্তগত করিয়া প্রস্থান করিলেন। এবং কএক দিবসের মধ্যে সেই শ্মশানে উপস্থিত হইয়া দেখিলেন মধুসূদন স্বহস্তনির্ম্মিত পর্ণকুটীরে যোগসাধন করিতেছেন। এই অবসরে দৈবযোগে ত্রিবিক্রমও তথায় উপস্থিত হইলেন।

এইরূপে সুযোগক্রমে তিন জন একত্র হইলে পর বামন প্রস্তাব করিলেন কএক দিবস হইল আমি মৃতসঞ্জীবনী বিদ্যা শিক্ষিয়াছি। তোমরা অস্থি ও ভস্ম একত্র কর প্রিয়াকে প্রাণদান দিব। তখন তাহারা মহাব্যস্ত হইয়া অস্থি ও ভস্ম একত্র করিলে বামন পুস্তক হইতে মৃতসঞ্জীবন মন্ত্র বহির্গত করিয়া জপ করিতে আরম্ভ করিলেন। মন্ত্রপ্রভাবে কন্যা তৎক্ষণাৎ প্রাণদান পাইল। তখন তাহারা মধুমালতীর রূপ লাবণ্যের মাধুরী দর্শনে স্মরান্ধ হইয়া পরস্পর বিরোধ করিতে লাগিলেন।

ইহা কহিয়া বেতাল বিক্রমাদিত্যকে জিজ্ঞাসা করিল মহারাজ

তিনের মধ্যে কোন ব্যক্তি মধুমালতীর পাণিগ্রহণে যথার্থ অধিকারী হইতে পারে। রাজা কহিলেন যে ব্যক্তি কুটীর নির্ম্মাণ করিয়া এতাবৎ কাল পর্য্যন্ত শ্মশানবাসী হইয়াছিল সেই শাস্ত্রানুসারে এই কামিনীর পাণিগ্রহণাধিকারী হইতে পারে। বেতাল কহিল যদি ত্রিবিক্রম অস্থি সঞ্চয়ন না করিত এবং বামন নানাদেশে ভ্রমণ করিয়া সঞ্জীবনী বিদ্যা সংগ্রহ করিতে না পারিত তবে কিপ্রকারে ঐ কন্যা জীবনদান পাইত। রাজা কহিলেন যথার্থ বটে কিন্তু ত্রিবিক্রম অস্থি সঞ্চয়ন দ্বারা ঐ কন্যার পুত্রস্থানীয় হইয়াছে। আর বামন জীবন দান দ্বারা তাহার পিতৃকল্প হইয়াছে। তাহারা এই কন্যার প্রণয় ভাজন হইতে পারেনা। কিন্তু মধুসূদন ভস্মরাশি সংগ্রহ ও উটজ নির্ম্মাণ পূর্ব্বক শ্মসানবাসী হইয়া যথার্থ প্রণয়ির কর্ম্ম করিয়াছে। অতএব সেই ব্যক্তিই যুক্তিমার্গানুসারে ঐ প্রমদার পতি হইতে পারে। ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

তৃতীয় উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ শ্রবণ কর।

বর্দ্ধমান নগরে রূপসেন নামে এক অত্যন্ত বিজ্ঞ গুণগ্রাহী ও দয়ালু রাজা ছিলেন। এক দিবস বীরবরনামা দক্ষিণদেশনিবাসী কোন রাজপুত কর্ম্ম প্রাপ্তির আশয়ে রাজদ্বারে উপস্থিত হইল। দ্বারবান্ তাহার প্রমুখাৎ সবিশেষ সমস্ত অবগত হইয়া রাজসমীপে বিজ্ঞাপন করিল মহারাজ বীরবর নামে এক অস্ত্রধারী পুরুষ কর্ম্মের প্রার্থনায় আসিয়া দ্বারদেশে দণ্ডায়মান আছে। আজ্ঞা পাইলে সাক্ষাৎকারে আসিয়া বিশেষরূপে আপন অভিপ্রায় ব্যক্ত করে। রাজা আজ্ঞা করিলেন অবিলম্বে লইয়া আইস।

অনন্তর রাজাজ্ঞানুসারে দ্বারী বীরবরকে নরপতিগোচরে উপস্থিত করিলে পর রাজা তাহার আকার প্রকার দর্শনে কর্ম্মঠ বোধ করিয়া জিজ্ঞাসা করিলেন বীরবর কত বেতন পাইলে তোমার অনায়াসে নির্ব্বাহ হইতে পারে। বীরবর নিবেদন করিল মহারাজ প্রত্যহ সহস্র স্বর্ণমুদ্রা প্রদানের আদেশ হইলেই আমার চলিতে পারে। রাজা জিজ্ঞাসিলেন তোমার পরিবার কত। সে কহিল মহারাজ এক স্ত্রী এক পুত্র ও এক কন্যা আর স্বয়ং এই চারি। এতদ্ব্যতিরিক্ত আর আমার পরিবার নাই। তখন সভাস্থ সমস্ত লোক মুখ ফিরাইয়া হাসিতে লাগিল। রাজা মনে২ বিবেচনা করিতে লাগিলেন ইহার পরিজন অতি অল্প তথাপি কি নিমিত্ত এত অধিক প্রার্থনা করে। যাহা হউক এক ভৃত্যের নিমিত্ত নিত্য২ এতাদৃশ ব্যয় যুক্তিসিদ্ধ নহে। অথবা এ অর্থব্যয় ব্যর্থ হইবেক না অবশ্যই ইহার কোন বিশেষ গুণ থাকিবেক। অতএব কিয়ৎকালের নিমিত্তে রাখিয়া ইহার পরীক্ষা

করা উচিত। অনন্তর কোষাধ্যক্ষকে আহ্বান করিয়া আজ্ঞা দিলেন তুমি প্রতিদিন প্রাতঃকালে বীরবরকে সহস্র সুবর্ণ দিবে কোন মতে অন্যথা না হয়।

বীরবর রাজাজ্ঞাশ্রবণে পরম সন্তোষ প্রাপ্ত হইয়া তদীয় ধন্যবাদ করিতে লাগিল। এবং কোষাধ্যক্ষের নিকট হইতে তদ্দিবসপ্রাপ্য নির্দ্ধারিত সুবর্ণ গ্রহণ পূর্ব্বক নৃপনির্দ্দিষ্ট বাসস্থানে গমন করিল। অনন্তর প্রথমতঃ সেই স্বর্ণকে ভাগদ্বয়ে বিভক্ত করিয়া এক ভাগ বিপ্রসাৎ করিল। অবশিষ্ট ভাগ পুনর্ব্বার দ্বিভাগ করিয়া এক অর্দ্ধ বৈরাগি বৈষ্ণব সন্ন্যাসি প্রভৃতিকে দিল। এবং অন্য অর্দ্ধ দ্বারা নানাবিধ খাদ্য দ্রব্য সংগ্রহ করিয়া সহস্রং দীন দুঃখি অনাথ ও অতিথি প্রভৃতিকে যথোচিত ভোজন করাইয়া অবশিষ্ট যৎকিঞ্চিৎ স্বয়ং পুত্র কলত্র ও দুহিতার সহিত অভ্যবহার করিল।

প্রতিদিন এইরূপে দিনপাত করিয়া সায়ংকালে খড়্গ চর্ম্ম ধারণ পূর্ব্বক সমস্ত রজনী রাজদ্বারে উপস্থিত থাকে। রাজা তাহার প্রভু-ভক্তি ও শক্তি পরীক্ষার্থে কি দ্বিপ্রহর কি তৃতীয় প্রহর রাত্রি যখন যাহা আজ্ঞা করেন অতি দুঃসাধ্য হইলেও সে তৎক্ষণাৎ তাহা সম্পন্ন করিয়া আইসে।

এক দিবস নিশীথ সময়ে অকস্মাৎ স্ত্রীলোকের রোদনধ্বনি শুনিয়া রাজা বীরবরকে অহ্বান করিলে পর সে তৎক্ষণাৎ সম্মুখবর্ত্তী হইয়া কহিল মহারাজ কি আজ্ঞা হয়। রাজা কহিলেন দক্ষিণ দিকে স্ত্রীলোকের ক্রন্দনশব্দ শুনিতেছি তুমি ত্বরায় ইহার তথ্যানুসন্ধান করিয়া আমাকে সংবাদ দাও। বীরবর যে আজ্ঞা মহারাজ বলিয়া তৎক্ষণাৎ প্রস্থান করিল। রাজা বীরবরকে এক মুহূর্ত্তের নিমিত্তেও

আজ্ঞাপ্রতিপালনে অপরাঙ্মুখ দেখিয়া অত্যন্ত সন্তুষ্ট হইলেন। এবং তাহার সাহস দেখিবার নিমিত্ত আপনিও গুপ্তভাবে পশ্চাৎ২ চলিলেন।

বীরবর সেই রোদনশব্দ লক্ষ্য করিয়া অতিপ্রসিদ্ধ এক ভয়ঙ্কর শ্মশানে উপস্থিত হইল। এবং দেখিল এক সর্ব্বালঙ্কারভূষিতা পরমসুন্দরী স্ত্রী শিরে করাঘাত ও হাহাকার করিয়া উচ্চৈঃস্বরে রোদন করিতেছে। কিন্তু আশ্চর্য্য এই চক্ষুতে অশ্রুর লেশমাত্র নাই। বীরবর এইরূপ অদ্ভুত ঘটনা দেখিয়া অতিশয় চমৎকৃত হইল। এবং সাহস পূর্ব্বক সম্মুখবর্ত্তী হইয়া জিজ্ঞাসিল তুমি কে কি দুঃখে এই ঘোর রজনীতে একাকিনী শ্মশানবাসিনী হইয়া বিলাপ ও পরিতাপ করিতেছ। সে কিছুই উত্তর দিল না। বরং পূর্ব্বাপেক্ষায় অধিক রোদন করিতে লাগিল। অনন্তর বীরবর বিশেষ ব্যগ্রতা প্রদর্শন পূর্ব্বক বারম্বার জিজ্ঞাসিতে লাগিলে সে আপন অবস্থা ব্যক্ত করিতে আরম্ভ করিল আমি রাজা রূপসেনের রাজ্যলক্ষ্মী। রাজার গৃহে নানা অন্যায় ও অধর্ম্মাচরণ হইতেছে তৎপ্রযুক্ত তদীয় আবাসে অচিরাৎ অলক্ষ্মীর প্রবেশ হইবেক। সুতরাং আমি রাজার রাজ্য পরিত্যাগ করিয়া যাইব। এবং আমি প্রস্থান করিলে পর অল্প দিনের মধ্যেই রাজার প্রাণবিয়োগ হইবেক। এই দুঃখে দুঃখিতা হইয়া রোদন করিতেছি।

এইরূপ স্বামির অসম্ভাবিত ভাবি অমঙ্গল শ্রবণে বিষাদসমুদ্রে মগ্ন হইয়া বীরবর কহিল দেবি আপনি যাহা আজ্ঞা করিলেন ইহাতে কোন রূপেই সন্দেহ করিতে পারি না। কিন্তু যদি কোন উপায় থাকে আজ্ঞা করুন। আমি রাজার মঙ্গলের নিমিত্ত প্রাণান্ত পর্য্যন্ত

স্বীকার করিতে প্রস্তুত আছি। রাজলক্ষ্মী কহিলেন পূর্ব্বদিকে যোজনান্তে এক দেবী আছেন। যদি কেহ ঐ দেবীর নিকট আপন পুত্রকে স্বহস্তে বলিদান দেয়। তবে তিনি প্রসন্না হইয়া রাজার সমস্ত বিঘ্ন বিনাশ করিতে পারেন।

রাজলক্ষ্মীর এইরূপ বাক্য শুনিয়া বীরবর সত্বর হইয়া গৃহাভিমুখে গমন করিল। রাজাও কৌতুকাবিষ্ট হইয়া পশ্চাৎ২ চলিলেন। কিয়ৎক্ষণ পরে গৃহে উপস্থিত হইয়া আপন পত্নীকে জাগরিত করিয়া সবিশেষ সমস্ত জ্ঞাত করিলে পর সে তৎক্ষণাৎ পুত্রের নিদ্রাভঙ্গ করিয়া কহিল বৎস তোমার মস্তক দিলে রাজার অচল রাজ্য হয়। তখন পুত্র কহিল হে মাতঃ প্রথমতঃ আপনকার আজ্ঞা দ্বিতীয়তঃ স্বামিকার্য্য তৃতীয়তঃ এই পাঞ্চভৌতিক বিনশ্বর দেহ দেবতার আরাধনায় নিয়োজিত হইবেক। ইহা অপেক্ষা আমার পক্ষে প্রাণ-ত্যাগের উত্তম সময় আর ঘটিবেক না। অতএব শুভ কর্ম্মে বিলম্ব করা কর্ত্তব্য নহে। আপনারা সত্বর হইয়া কার্য্য সম্পাদন করুন।

বীরবর পুত্রের এইরূপ পরমাদ্ভুত বাক্য শ্রবণ করিয়া বিস্ময়াপন্ন হইয়া অশ্রুমুখে সহধর্ম্মিণীকে কহিল যদি তুমি স্বচ্ছন্দ ও সন্তুষ্ট চিত্তে পুত্র প্রদান কর তবেই আমি দেবীর নিকট বলিদান দিয়া রাজকার্য্য নিষ্পাদন করি। এইরূপ স্বামিবাক্য শ্রবণানন্তর বীরবরের ভার্য্যা আবেদন করিল নাথ ধর্ম্মশাস্ত্রে কহে স্বামী মূক বধির অন্ধ পঙ্গু কাণ খঞ্জ কুব্জ ও কুষ্ঠী যেরূপ হউন শুশ্রূষা দ্বারা তাঁহাকে সন্তুষ্ট রাখিতে পারিলে নারী যেরূপ চরিতার্থতা প্রাপ্ত হয় শাস্ত্রবিহিত দান ধ্যান ব্রত তপস্যাদি দ্বারা তাদৃশ হয় না। আর যদি স্বামির প্রতি অনাদর করিয়া পারলৌকিক সুখসম্ভোগ লোভে নানাবিধ ধর্ম্ম কর্ম্মের অনু-

ষ্ঠান করে তবে তাহার সে সকল নিষ্ফল ও অন্তে অধোগতির কারণ হয়। অতএব আমার পুত্র পৌত্রের প্রয়োজন কি তোমার চরণশুশ্রূষা করিলেই উভয় লোকে নিস্তার পাইব। তাহার পুত্র কহিল হে পিতঃ যে ব্যক্তি স্বামিকার্য্য সম্পাদনে সমর্থ তাহারি জন্ম সার্থক এবং সেই জনই স্বর্গলোকে অনন্তকাল সুখসম্ভোগ করে। অতএব আর কি নিমিত্তে সংশয়ে কাল হরণ করিতেছেন। কার্য্যসাধনে তৎপর হউন, বিলম্বে কার্য্যহানি সম্ভাবনা।

ইত্যাকার নানাপ্রকার কথোপকথনান্তে বীরবর সপরিবারে দেবীর মন্দিরোদ্দেশে গমন করিল। রাজা এইরূপে বীরবরের সপরিবারের প্রভুভক্তির প্রবলতা ও অচলতা দেখিয়া অত্যন্ত চমৎকৃত ও আহ্লাদিত হইলেন। এবং মনে২ অগণ্য ধন্যবাদ প্রদান পূর্ব্বক গুপ্ত ভাবে তাহার পশ্চাৎ২ চলিলেন। কিয়ৎক্ষণ পরে বীরবর দেবীর মন্দিরে উপস্থিত হইল। এবং গন্ধ পুষ্প ধূপ দীপ নৈবেদ্য আদি নানা উপচার দ্বারা যথাবিধি পূজা করিয়া অষ্টাঙ্গ প্রণিপাত পূর্ব্বক দেবীর সম্মুখে কৃতাঞ্জলি হইয়া কহিল হে জগদীশ্বরি তোমাকে প্রসন্ন করিবার নিমিত্ত আমি আপন প্রাণাধিক প্রিয়তম পুত্রকে স্বহস্তে বলিদান দিতেছি। কৃপাকর যেন আমার প্রভুর দীর্ঘ আয়ুঃ ও অচল রাজ্য হয়।

এই বলিয়া খড়্গ গ্রহণ পূর্ব্বক অকাতরে পুত্রের মস্তকচ্ছেদন করিল। বীরবরের কন্যা এইরূপে জীবিতাধিক সহোদরের প্রাণবিয়োগ দেখিয়া খড়্গপ্রহার দ্বারা প্রাণত্যাগ করিল। তাহার পত্নীও শোকে অধীরা হইয়া তৎক্ষণাৎ তনয় তনয়ার অনুগামিনী হইল। অনন্তর বীরবর বিবেচনা করিল প্রভুকার্য্য সম্পন্ন করিলাম এক্ষণে আর কি নিমিত্ত দাসত্বশৃঙ্খলে বদ্ধ থাকি আর কি সুখেই বা জীবন ধারণ করি। এই বলিয়া সেই বিষম খড়্গ দ্বারা স্বীয় শিরশ্ছেদন করিল।

এইরূপে ক্রমে২ চারি জনের অদ্ভুত মরণ দেখিয়া রাজার অন্তঃকরণে অত্যন্ত বৈরাগ্য উদয় হইল। তখন তিনি কহিতে লাগিলেন যে রাজ্যের নিমিত্ত এতাদৃশ প্রভুভক্ত সেবকের সর্ব্বনাশ হইল আমি আর সেই বিষম রাজ্যের ভোগে প্রবৃত্ত হইব না। আমি অতিশয় স্বার্থপর। নতুবা কি নিমিত্ত তৎকালে বীরবরকে পুত্রহত্যা হইতে নিবৃত্ত করিলাম না। কি নিমিত্তেই বা তাহাকে আত্মঘাতী হইতে দিলাম। উপক্রমেই এই ঘোরতর অধ্যবসায় হইতে বীরবরকে বিরত করা আমার উচিত কর্ম্ম ছিল। সর্ব্বথা আমি অতি অসৎ কর্ম্ম করিয়াছি। এক্ষণে আত্ম-হত্যারূপ প্রায়শ্চিত্ত ব্যতীত চিত্তসন্তোষ জন্মিবেক না।

এই বলিয়া খড়্গ লইয়া মস্তকচ্ছেদনে উদ্যত হইবামাত্র ভগবতী কাত্যায়নী তৎক্ষণাৎ আবির্ভূতা হইয়া হস্ত ধারণ পূর্ব্বক রাজাকে মরণ ব্যবসায় হইতে নিবারণ করিলেন। এবং কহিলেন বৎস তোমার সাহস দেখিয়া প্রসন্ন হইয়াছি অভিপ্রেত বর প্রার্থনা কর। রাজা কহিলেন হে মাতঃ যদি প্রসন্না হইয়া থাক এই চারি জনের জীবন দান কর ইহা অপেক্ষা এক্ষণে আমার আর গুরুতর প্রার্থয়িতব্য নাই। দেবী তথাস্তু বলিয়া পাতাল হইতে অমৃত আনয়ন করিয়া তাহাদের গাত্রে সেচন করিবামাত্রে চারিজনেই তৎক্ষণাৎ সুপ্তোত্থিতের ন্যায় গাত্রো-ত্থান করিল। রাজা যথার্থ প্রভুভক্ত বীরবরকে অপত্য কলত্রের সহিত পুনর্জ্জীবিত দেখিয়া অপরিসীম হর্ষ প্রাপ্ত হইলেন। এবং দেবীর চরণারবিন্দে সাষ্টাঙ্গ প্রণিপাত করিয়া কৃতাঞ্জলি হইয়া নানাবিধ স্তুতি ও বিনতি করিতে লাগিলেন। দেবী রাজাকে অন্যান্য নানা অভি-লষিত বর প্রদান দ্বারা চরিতার্থ করিয়া অন্তর্হিতা হইলেন। অনন্তর তাহারা সকলেই স্বস্বস্থানে প্রস্থান করিলেন।

পর দিন প্রভাত হইবা মাত্র গাত্রোত্থান করিয়া রাজা রূপসেন সভা সমারোহণ পূর্ব্বক সর্ব্ব সভাজন সমক্ষে ধর্ম্ম সাক্ষী করিয়া প্রভুপরায়ণ বীরবরকে অর্দ্ধরাজ্যেশ্বর করিলেন। দেশ বিদেশে রাজা ও বীরবরের নির্ব্বিবাদ ধন্যবাদ হইল।

এইরূপে কথা সমাপ্ত করিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ পূর্ব্বাপর সমস্ত শ্রবণ করিলে। এক্ষণে জিজ্ঞাসা করি এই পাঁচ জনের মধ্যে কাহার সততা অধিক হইল। বিক্রমাদিত্য উত্তর দিলেন আমার বোধে রাজার সততা সর্ব্বাপেক্ষা অধিক। বেতাল কহিল কেন। রাজা বলিলেন স্বামির নিমিত্ত সর্ব্বনাশ স্বীকার ও প্রাণদান করা সেবকের উচিত কর্ম্ম অতএব বীরবর রাজকার্য্যার্থে ঈদৃশ সাহস প্রকাশ করিয়া আত্মধর্ম্ম প্রতিপালন করিয়াছে। কিন্তু রাজা যে সেবকের নিমিত্ত রাজ্যাধিকার তৃণতুল্য বোধ করিয়া অনায়াসে প্রাণ পরিত্যাগে উদ্যত হইলেন ইহা কেবল দয়ার্দ্রচিত্ততা ও সততার কর্ম্ম।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি

চতুর্থ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

ভোগবতী নগরীতে অনঙ্গসেন নামে এক অতি প্রসিদ্ধ মহীপাল ছিলেন। চূড়ামণি নামে এক সর্ব্বগুণাকর শুকপক্ষী সর্ব্বকাল তাঁহার সন্নিহিত থাকিত। এক দিবস রাজা প্রসঙ্গক্রমে চূড়ামণিকে জিজ্ঞাসিলেন শুক তুমি কি কি জান। সে কহিল মহারাজ আমি ভূত ভবিষ্যৎ বর্ত্তমান কালত্রয়ের বৃত্তান্ত জানি। তখন রাজা কহিলেন যদি তুমি ত্রিকালজ্ঞ হও বল কোন স্থানে আমার উপযুক্ত রমণী আছে। চূড়ামণি নিবেদন করিল মহারাজ মগধদেশাধিপতি রাজা বীরসেনের চন্দ্রাবতী নামে এক কন্যা আছে। সে পরম সুন্দরী ও অতি পণ্ডিতা। তাহার সহিত মহারাজের বিবাহ হইবেক।

রাজা অনঙ্গসেন শুকের সর্ব্বজ্ঞত্ব পরীক্ষার্থে চন্দ্রকান্তনামক এক সুপ্রসিদ্ধ দৈবজ্ঞকে ডাকাইয়া জিজ্ঞাসিলেন মহাশয় কোন কামিনীর সহিত আমার বিবাহ হইবেক আপনি গণনাদ্বারা নির্দ্ধারিত করিয়া বলুন। তিনি জ্যোতির্বিদ্যার প্রভাবে অবগত হইয়া কহিলেন মহারাজ চন্দ্রাবতী নামে এক অতি রূপবতী রমণী আছে। গণনাদ্বারা দৃষ্ট হইতেছে তাহার সহিত আপনকার পরিণয় হইবেক। রাজা শুনিয়া শুকের প্রতি অত্যন্ত সন্তুষ্ট হইলেন। পরে এক সদ্বক্তা চতুর বুদ্ধিমান্ ও কার্য্যসাধক ব্রাহ্মণকে আনাইয়া নানা উপদেশ দিয়া শুভ সম্বন্ধ স্থিরীকরণার্থে মগধেশ্বরের নিকট পাঠাইলেন।

চন্দ্রাবতীর নিকটেও মদনমঞ্জরী নামে এক শারিকা থাকে। তাহারও সর্ব্বজ্ঞতা খ্যাতি ছিল। তিনি এক দিবস তাহাকে জিজ্ঞাসিলেন হে

শারিকে যদি তুমি ভূত ভবিষ্যৎ বর্ত্তমান সমুদায় বলিতে পার আমার যোগ্য পতি কোথায় আছেন বল। শারিকা কহিল রাজকন্যে আমি দেখিতেছি ভোগবতী নগরীর অধিপতি রাজা অনঙ্গসেন তোমার পতি হইবেন। ফলতঃ অনঙ্গসেন ও চন্দ্রাবতী উভয়েরি এইরূপে শ্রবণ দ্বারা অন্তরে অনুরাগ সঞ্চার হইল। এবং সমাগমাভাব প্রযুক্ত উভয়েরি ক্রমে২ পূর্ব্বরাগসম্ভব সমস্ত স্মরদশা উদয় হইতে লাগিল।

কিয়দ্দিন পরে অনঙ্গসেনের প্রেরিত ব্রাহ্মণ মগধেশ্বরের নিকট উপস্থিত হইয়া স্বীয় রাজার অভিপ্রায় ব্যক্ত করিলে পর তিনি তৎক্ষণাৎ সম্মত হইলেন। এবং বাগদানের দ্রব্যসমুদায় সমভিব্যাহারে দিয়া এক ব্রাহ্মণকে ঐ ব্রাহ্মণের সহিত পাঠাইলেন। এবং কহিয়া দিলেন তুমি তথা হইতে প্রত্যাগমন না করিলে আমি কোন উদ্যোগ করিতে পারিব না। বাগ্দানের দ্রব্যসামগ্রী লইয়া ব্রাহ্মণেরা অনঙ্গসেনের নিকট উপস্থিত হইয়া সবিশেষ সমস্ত বিজ্ঞাপন করিলেপর তিনি বাক্‌পথাতীত আনন্দপ্রবাহে মগ্ন হইলেন। এবং সুবিজ্ঞ দৈবজ্ঞ দ্বারা বিবাহের দিন নির্দ্দিষ্ট করিয়া মগধেশ্বরপ্রেরিত ব্রাহ্মণ দ্বারা তাঁহার নিকট সংবাদ পাঠাইলেন। অনন্তর নির্দ্ধারিত দিবসে যথাসময়ে মগধেশ্বরের আলয়ে উপস্থিত হইয়া চন্দ্রাবতীর পাণি গ্রহণ পূর্ব্বক নিজ রাজধানীতে প্রত্যাগমন করিয়া পরম সুখে কালক্ষেপণ করিতে লাগিলেন।

চন্দ্রাবতী শ্বশুরালয়ে আগমন কালে মদনমঞ্জরী শারিকারে নিজসমভিব্যাহারে আনিয়াছিলেন। তাহাকে সর্ব্বদা আপন সমক্ষে রাখিতেন। রাজাও ক্ষণকালের নিমিত্ত চূড়ামণিকে দৃষ্টিপথের বহির্ভূত

করিতেন না। এক দিবস রাজা ও রাজমহিষী অন্তঃপুরে একাসনে উপবিষ্ট আছেন। এবং পিঞ্জরস্থ শুক শারিকাও তাঁহাদের সম্মুখে আছে। এই সময়ে রাজা রাজ্ঞীকে কহিলেন দেখ একাকী থাকিলে অতি কষ্টে কালযাপন হয়। অতএব আমার অভিলাষ শুকের সহিত তোমার শারিকার বিবাহ দিয়া উভয়কে এক পিঞ্জরে রাখি। তাহা হইলে ইহারা পরস্পর নানা সুখসম্ভোগ দ্বারা কালযাপন করিতে পারিবেক। এই বলিয়া পরম সমাদরে শুক শারিকার বিবাহ নির্ব্বাহ করিয়া উভয়কে এক পিঞ্জরে স্থাপিত করিলেন।

এক দিবস রাজা নির্জনে রাজমহিষীর সহিত রসপ্রসঙ্গে কালযাপন করিতেছেন। এই অবসরে শুক শারিকাকে কহিতে লাগিল দেখ এই অসার সংসার মধ্যে ভোগ অতি সার পদার্থ। যে ব্যক্তি এই জগতে জন্মগ্রহণ করিয়া ভোগবিষয়ে পরাঙমুখ থাকে তাহার বৃথা জন্ম। অতএব কি নিমিত্ত তুমি ভোগবিষয়ে নিরুৎসাহিনী হইতেছ। শারিকা কহিল পুরুষ অত্যন্ত পাপী অধর্ম্মী শঠ ও স্ত্রীহত্যাকারী হয় অতএব পুরুষসংসর্গে আমার রুচি হয় না। শুক কহিল নারীও অতিশয় শঠ মিথ্যাবাদিনী চপলা নির্ব্বুদ্ধি ও হত্যাকারিণী হয়। উভয়ের এইরূপ বিবাদারম্ভ দেখিয়া রাজা জিজ্ঞাসা করিলেন হে শুক হে শারিকে কেন তোমরা অকারণে পরস্পর কলহ করিতেছ। তখন শারিকা কহিল মহারাজ পুরুষ অতিশয় অধর্ম্মী ও স্ত্রীঘাতক হয় এই নিমিত্তে পুরুষজাতির প্রতি আমার অনুরাগ নাই। আমি পুরুষের ব্যবহার ও চরিত্রের বিষয়ে এক উপাখ্যান কহিতেছি শ্রবণ করুন।

ইলাপুরে মহাধন নামে অতি ঐশ্বর্য্যশালী এক শেঠ ছিলেন।

বহুকাল অতীত হইল তথাপি তাহার পুত্র হয় না। এ নিমিত্ত তিনি সর্ব্বদাই স্নাতক ব্রাহ্মণে ধনদান তীর্থযাত্রা বিবিধব্রতানুষ্ঠান ও অষ্টাদশ পুরাণ উপপুরাণ ও ইতিহাস শ্রবণ করেন। কিয়দ্দিন পরে জগদীশ্বরের কৃপায় তাঁহার সহধর্ম্মিণী এক কুমার প্রসব করিলেন। শ্রেষ্ঠী অধিক বয়সে পুত্রের মুখ নিরীক্ষণ করিয়া আপনাকে কৃতার্থ বোধ করিলেন। এবং পরম যত্ন পূর্ব্বক লালন পালন করিতে লাগিলেন। বালক পঞ্চমবর্ষীয় হইলে তাহাকে বিদ্যাভ্যাসের নিমিত্ত উপযুক্ত শিক্ষকের হস্তে সমর্পণ করিলেন। সে স্বভাবদোষ বশতঃ বিদ্যালয়ে প্রবেশ করিয়া কেবল দুর্বৃত্ত বালক গণের সহিত কুৎসিত ক্রীড়ায় আবিষ্ট হইয়া কালযাপন করে। ক্ষণমাত্রও অধ্যয়নে মনোনিবেশ করে না। ফলতঃ ক্রমে২ যত বয়োবৃদ্ধি হইতে লাগিল ততই তাহার কুক্রিয়াসক্তিও বৃদ্ধি পাইতে লাগিল।

কিয়ৎকাল পরে শ্রেষ্ঠী পরলোক প্রাপ্ত হইলে পর সেই দুশ্চরিত্র বালক সমস্ত পৈতৃক ধনের উত্তরাধিকারী হইয়া দ্যূতক্রীড়া সুরাপান বেশ্যাবিহার আদি ব্যসনে আসক্ত হইল। এবং কএক বৎসরের মধ্যে দুষ্ক্রিয়া দ্বারা সমস্ত ধন নষ্ট করিয়া অত্যন্ত দুর্দ্দশায় পড়িল। পরে ইতস্ততঃ নানা দেশে ভ্রমণ পূর্ব্বক পরিশেষে চন্দ্রপুরনিবাসি হেমগুপ্ত শেঠের নিকট উপস্থিত হইয়া পিতৃনাম উল্লেখ পূর্ব্বক আত্মপরিচয় প্রদান করিল। হেমগুপ্ত তাহার পিতার পরম বন্ধু ছিলেন শুনিয়া অত্যন্ত আহ্লাদিত হইলেন। এবং যথোচিত সমাদর ও প্রীতিপ্রকাশ পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন বৎস তুমি কি সংযোগে এস্থলে উপস্থিত হইলে।

মহাধনাত্মজ কহিল আমি কএক অর্ণবপোত লইয়া সিংহলদ্বীপে

বাণিজ্য ব্যবসায়ে যাইতে ছিলাম। দৈবের প্রতিকূলতা প্রযুক্ত অকস্মাৎ এক প্রবল বাত্যা উপস্থিত হওয়াতে সমস্ত অর্ণবপোত জলমগ্ন হইল। আমি ভাগ্যবলে কেবল এক ফলক মাত্র অবলম্বন করিয়া বহুকষ্টে প্রাণরক্ষা করিয়াছি। এ পর্য্যন্ত আসিয়া আপনকার সহিত সাক্ষাৎ করিব এমত আশা ছিল না। আমার সমভিব্যাহারের লোকসকল কে কোন দিকে গেল বাঁচিয়া আছে কি মরিয়াছে কিছুই অনুসন্ধান করিতে পারি নাই। দ্রব্য সামগ্রী সমুদয় জলমগ্ন হইয়াছে। এই অবস্থায় দেশে প্রবেশ করিতে অত্যন্ত লজ্জা হইতেছে। কি করি কোথায় যাই কোন উপায় ভাবিয়া পাই না। পরিশেষে আপনকার নিকট উপস্থিত হইয়াছি।

তদীয়বাক্যাবসানে হেমগুপ্ত মনে২ বিবেচনা করিতে লাগিলেন আমি আপন কন্যার উপযুক্ত বরের নিমিত্ত নানা স্থানে অন্বেষণ করিতেছি কোথাও মনোনীত হইতেছে না। কিন্তু ভগবান কৃপা করিয়া গৃহে উপস্থিত করিয়া দিলেন। এ অতি সদ্বংশজাত পৈতৃক অতুল অর্থসম্পত্তির ন্যায় পৈতৃক অতুল গুণসম্পত্তিরও উত্তরাধিকারী হইয়াছে সন্দেহ নাই। অতএব বিলম্বের প্রয়োজন কি। ত্বরায় স্থির করিয়া ইহার সহিত কন্যার বিবাহ দি। মনেং এই প্রকার কল্পনা করিয়া শ্রেষ্ঠিনীর নিকটে গিয়া কহিলেন দেখ এক শ্রেষ্ঠির পুত্র উপস্থিত হইয়াছে। সে অতি সৎকুলোদ্ভব ও সৎপাত্র। বিশেষতঃ তাহার পিতার সহিত আমার অতি আত্মীয়তা ছিল। যদি তোমার মত হয় তাহার সহিত রত্নাবতীর বিবাহ দেওয়া যায়।

শ্রেষ্ঠিনী শুনিয়া সন্তুষ্ট হইয়া কহিলেন ভগবানের ইচ্ছা না হইলে এরূপ ঘটে না। বিনা চেষ্টায় মনস্কাম সিদ্ধ হওয়া অতি ভাগ্যের

কথা। অতএব বিলম্বের প্রয়োজন নাই ত্বরায় পুরোহিত ডাকাইয়া লগ্ন স্থির করিয়া শুভ কর্ম্ম সম্পন্ন কর। শ্রেষ্ঠী এইরূপে ভার্য্যার সম্মতি বুঝিয়া মহাধননন্দনের নিকটে গিয়া আপন অভিপ্রায় ব্যক্ত করিল। সে তৎক্ষণাৎ সম্মত হইল। তখন তিনি পুরোহিত ডাকাইয়া শুভ লগ্ন নির্দ্ধারিত করিয়া মহাসমারোহে কন্যার বিবাহ দিলেন। সমনন্তর বর কন্যা পরম কৌতুকে কালযাপন করিতে লাগিল।

কিয়দ্দিন পরে মহাধনাত্মজ মনোমধ্যে কোন অভিসন্ধি করিয়া আপন পত্নীর নিকট কহিল দেখ অনেক কাল হইল আমি স্বদেশে যাই নাই এবং পরিবারেরও কোন সংবাদ জানিতে পারি নাই। তাহাতে অন্তঃকরণে কি পর্য্যন্ত উৎকণ্ঠা জন্মিয়াছে বলিতে পারি না। অতএব তোমার পিতা মাতার মত করিয়া আমারে বিদায় করিয়া দাও। আর যদি ইচ্ছা হয় তুমিও সমভিব্যাহারে চল। পতিব্রতা রত্নাবতী আপন জননীর নিকটে গিয়া স্বামির অভিপ্রায় ব্যক্ত করিয়া তদ্বিষয়ের সিদ্ধির নিমিত্ত অনেক অনুরোধ করিল।

শ্রেষ্ঠিনী শুনিয়া স্বামির সন্নিধানে গিয়া কহিলেন তোমার জামাতা গৃহে যাইতে উদ্যত হইয়াছেন অতএব কি কর্ত্তব্য। শ্রেষ্ঠী কহিলেন ভাল ভাবনা কি বিদায় করিয়া দিব। তুমি কি জান না জন জামাতা ও ভাগিনেয় এই তিন জন কোন কালে আপন হয় না ও তাহাদের উপরি বলপ্রকাশ চলে না। অতএব তিনি যাহাতে সন্তুষ্ট থাকেন তাহাই কর্ত্তব্য। তাঁহাকে বল ইতিমধ্যে ভাল দিন দেখিয়া বিদায় করিয়া দিতেছি। অনন্তর আপন তনয়াকে আহ্বান করিয়া হাস্যমুখে জিজ্ঞাসিলেন বৎসে তোমার অভিপ্রায় কি শ্বশুরালয়ে যাইবে কি পিতৃগৃহে থাকিবে।

রত্নাবতী লজ্জায় নম্রমুখী ও নিরুত্তরা হইয়া রহিল। এবং কার্য্যান্তর ব্যপদেশে তৎক্ষণাৎ তথা হইতে অপসৃতা হইয়া স্বামির নিকটে গিয়া নিবেদন করিল দেখ আমার পিতা মাতা সম্মত হইয়াছেন। কহিলেন তুমি যাহাতে সন্তুষ্ট হও তাহাই করিবেন। অতএব আমি তোমাকে অনুরোধ করিতেছি তুমি কোন প্রকারে আমাকে ছাড়িয়া যাইও না। আমি তোমার অদর্শনে প্রাণধারণ করিতে পারিব না।

পরিশেষে শ্রেষ্ঠী জামাতাকে অনেক ঐশ্বর্য্য দিয়া মহাসমাদর পূর্ব্বক বিদায় করিলেন। এবং কন্যাকেও সর্ব্বালঙ্কারভূষিতা করিয়া তাহার সমভিব্যাহারিণী করিয়া দিলেন। মহাধনাত্মজ মহানন্দিত হইয়া শ্বশ্রূ ও শ্বশুরের পাদবন্দন পূর্ব্বক বিদায় লইয়া প্রস্থান করিল। এবং রত্নাবতীও শিবিকারোহণ করিয়া অতি আনন্দিত মনে তাহার সঙ্গে চলিল।

অনন্তর মহাধনপুত্র এক অতি নিবিড় জঙ্গলে উপস্থিত হইয়া শ্রেষ্ঠিকন্যাকে কহিল প্রিয়ে এই অরণ্যে অত্যন্ত দস্যুভয় আছে। শিবিকায় আরোহণ ও অঙ্গে অলঙ্কার পরিধান করিয়া যাওয়া উচিত নহে। খুলিয়া আমার হস্তে দাও আমি বস্ত্রাবৃত করিয়া রাখি। বরং নগর নিকটবর্ত্তি হইলে পুনর্ব্বার পরিধান করিবে। আর বাহকেরাও শিবিকা লইয়া এই স্থান হইতে ফিরিয়া যাউক। কেবল আমরা দুই জনে দরিদ্রবেশে গমন করি। তাহা হইলে নিরুপদ্রবে এই দুর্গম বর্ত্ম অতিক্রম করিতে পারিব।

রত্নাবতী তৎক্ষণাৎ অঙ্গ হইতে উন্মোচন করিয়া স্বামিহস্তে সমস্ত আভরণ সমর্পণ করিল। এবং দাস দাসী ও বাহক দিগকে বিদায় করিয়া দিয়া একাকিনী সেই শঠের সমভিব্যাহারিণী হইয়া চলিল।

মহাধনসুত এইরূপে মহামূল্য অলঙ্কারসমূহ হস্তগত করিয়া ক্রমে২ অরণ্যের অতিনিবিড় ও অগম্য অংশে প্রবেশ করিল। এবং তাদৃশ পতিপরায়ণা হিতাকাঙ্ক্ষিণী প্রণয়িনীকে এক অন্ধকূপে নিক্ষেপ পূর্ব্বক পলায়ন করিয়া আপন দেশে উপস্থিত হইল। রত্নাবতী কূপে পতিত হইয়া হা তাত হা মাতঃ বলিয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিল।

দৈবযোগে এক পথিক তথায় উপস্থিত হইয়া তাদৃশ নিবিড় অরণ্য মধ্যে অসম্ভাবিত রোদনশব্দ শ্রবণ করিয়া অতিশয় বিস্ময়াপন্ন হইল। এবং শব্দানুসারে গমন করিয়া কূপের সমীপবর্ত্তী হইয়া তন্মধ্যে দৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক অবলোকন করিল এক পরমসুন্দরী নারী অশ্রুমুখী নানাপ্রকার বিলাপ করিতেছে। পথিক দর্শনমাত্র অতিমাত্র ব্যাকুল হইয়া সেই স্ত্রীরত্নকে পরম যত্নে কূপহইতে উদ্ধার করিয়া জিজ্ঞাসিতে লাগিল তুমি কে কি নিমিত্ত একাকিনী এই ভয়ঙ্কর কাননে আসিয়াছিলে। কি প্রকারেই বা তোমার এতাদৃশী দুর্দ্দশা ঘটিল।

রত্নাবতী পতিনিন্দা অতিগর্হিত বুঝিয়া প্রকৃত ব্যাপার গোপনে রাখিয়া কহিল আমি চন্দ্রপুরনিবাসি হেমগুপ্ত শেঠের কন্যা আমার নাম রত্নাবতী। আপন পতির সহিত শ্বশুরালয়ে যাইতে ছিলাম। এই স্থানে উপস্থিত হইবামাত্র অকস্মাৎ কএক জন দস্যু আসিয়া প্রথমতঃ অঙ্গ হইতে সমস্ত ভূষণ গ্রহণ পূর্ব্বক আমাকে এই কূপে ফেলিয়া দিল। পরে আমার পতিকে প্রহার করিতে২ লইয়া গেল। এক্ষণে তাঁহার কি দশা ঘটিয়াছে কিছুই জানি না। পান্থ শুনিয়া অতিশয় বিষাদ করিতে লাগিল। এবং পরিশেষে অশেষ প্রকারে আশ্বাস প্রদান পূর্ব্বক তাহাকে সঙ্গে লইয়া তাহার পিত্রালয়ে পহুছাইয়া দিল।

রত্নাবতী পিতা মাতার অত্যন্ত স্নেহপাত্র ছিল। তাঁহারা তাহার

ঈদৃশ অসম্ভাবিত দুরবস্থা দর্শনে বিস্ময়াপন্ন হইয়া জিজ্ঞাসিলেন তোমার এ কি দশা ঘটিল। সে কহিল এক অরণ্য মধ্যে অকস্মাৎ চারি দিক্ হইতে অস্ত্রধারি পুরুষেরা আসিয়া বলপূর্ব্বক আমার অঙ্গ হইতে সমুদায় অলঙ্কার খুলিয়া লইল। এবং তাঁহাকে যত সম্পত্তি দিয়া বিদায় করিয়াছিলে সে সমুদায়ও অপহরণ করিল। অনন্তর আমাকে এক অন্ধকূপে ফেলিয়া দিয়া তাঁহার পৃষ্ঠে যষ্টি প্রহার পূর্ব্বক কহিতে লাগিল আর কোথা কি গোপন করিয়া রাখিয়াছিস বাহির করিয়া দে। তখন তিনি কাতর হইয়া বিনয় করিয়া কহিলেন আমাদের নিকট যাহা ছিল সমস্ত তোমাদের হস্তগত হইয়াছে। আর কিছু মাত্র নাই। তোমাদের প্রহারে প্রাণ ওষ্ঠাগত হইতেছে। চরণে ধরিতেছি ও কৃতাঞ্জলি হইয়া ভিক্ষা করিতেছি ছাড়িয়া দাও।

বারম্বার এই প্রকার কাতরোক্তি প্রয়োগ করিতে লাগিলেন। নির্দ্দয় দস্যুরা তথাপি তাঁহাকে বন্ধন করিয়া লইয়া গেল। তৎপরে ছাড়িয়া দিল কি মারিয়া ফেলিল কিছুই জানিতে পারি নাই। তখন তাহার পিতা কহিলেন বৎসে তুমি উৎকণ্ঠিত হইও না। আমার অন্তঃকরণে লইতেছে তোমার পতি জীবিত আছেন। যদি জগদীশ্বর কৃপা করেন অল্প দিনের মধ্যেই উপস্থিত হইবেন। যেহেতু চোরেরা অর্থপিশাচ অর্থ হস্তগত হইলে আর অকারণে প্রাণ নাশ করে না। এইরূপে অশেষ প্রকারে আশ্বাস ও প্রবোধ দিয়া অবিলম্বে আর এক প্রস্থ অলঙ্কার প্রস্তুত করিয়া দিলেন।

এ দিকে মহাধননন্দন আপন ভুবনে উপস্থিত হইয়া অলঙ্কার বিক্রয় দ্বারা অর্থ সংগ্রহ করিয়া দিবারাত্র দ্যূতক্রীড়া ও বেশ্যা বিহার দ্বারা কালক্ষেপ করিতে লাগিল। এবং কিয়দ্দিনের মধ্যেই

নিঃস্বভাবাপন্ন ও অন্নবস্ত্রবিহীন হইয়া মনেং বিবেচনা করিল আমি যে কুব্যবহার করিয়াছি বোধ করি তাহা শ্বশুরালয়ে কোন প্রকারেই প্রকাশ পায় নাই। অতএব তথায় গিয়া শ্বশুর শ্বাশুড়ীর নিকট এই ছল করি যে তোমাদের দৌহিত্র হইয়াছে। অন্য কেহ উপস্থিত না থাকাতে স্বয়ং সংবাদ দিতে আসিয়াছি। অনন্তর তথায় দুই চারি দিন অবস্থিতি করিয়া সুযোগক্রমে কিঞ্চিৎ অপহরণ করিয়া পলাইয়া আসিব। মনেং এই দুষ্ট সংকল্প করিয়া কিয়দ্দিন পরে শ্বশুরালয়ে উপস্থিত হইয়া প্রবেশ করিবামাত্র সর্ব্বাগ্রে তাহার পত্নী রত্নাবতীর দৃষ্টিপথে পতিত হইল।

পতিপ্রাণা রত্নাবতী পতিকে সমাগত দেখিয়া অন্তঃকরণে চিন্তা করিল পতি অতি দুরাচার হইলেও নারীর পরম গুরু। তাঁহাকে সন্তুষ্ট রাখিতে পারিলেই নারী ইহ লোকে ও পরলোকে কৃতার্থতা প্রাপ্ত হয়। আর যে নারী দুর্ব্বুদ্ধির অধীন হইয়া পরমগুরু স্বামির কাদাচিৎক কুব্যবহারকে অপরাধ গণ্য করিয়া তাহার প্রতি কোন প্রকারে অশ্রদ্ধা বা অনাদর প্রকাশ করে। সে আপন ঐহিক ও পারলৌকিক সকল সুখে জলাঞ্জলি দেয়। আর ইনি কেবল ভ্রান্তি ক্রমেই সেরূপ ব্যবহার করিয়াছিলেন সন্দেহ নাই। অতএব আমি সেই সামান্য দোষ ধরিয়া অপরাধিনী হইব না। যাহা হউক ইনি এক্ষণে বিশেষ না জানিয়াই এথানে আসিয়াছেন। আমাকে দেখিতে পাইলেই নিঃসন্দেহ পলায়ন করিবেন। অতএব অগ্রে ভয় ভঞ্জন করিয়া দেওয়া উচিত।

রত্নাবতী অন্তঃকরণে এই সকল আলোচনা করিয়া ত্বরায় নিকট-বর্ত্তিনী হইয়া কহিল হে নাথ তুমি অন্তঃকরণমধ্যে কোন শঙ্কা

করিও না। আমি পিতা মাতার নিকট কহিয়াছি চোরেরা অলঙ্কার গ্রহণ পূর্ব্বক আমাকে কূপে নিক্ষিপ্ত করিয়া তোমাকে বন্ধন করিয়া লইয়া গিয়াছে। অতএব সে সকল দৈবঘটনা স্মরণ করিয়া ভীত হইবার আবশ্যকতা নাই। আমার পিতা মাতা তোমার নিমিত্ত অত্যন্ত উৎকণ্ঠিত আছেন। তোমাকে দেখিলে অতিশয় অহ্লাদিত হইবেন। আর তোমার স্থানান্তরে যাইবার প্রয়োজন নাই। এই স্থানেই অবস্থিতি কর আমি চির কাল তোমার চরণ সেবা করিব।

এইরূপ উপদেশ দিয়া রত্নাবতী প্রস্থান করিলে পর সেই ধূর্ত্ত তৎক্ষণাৎ শ্বশুরের নিকটে গিয়া প্রণাম করিল। শ্রেষ্ঠী আলিঙ্গন পূর্ব্বক আশীর্ব্বাদ করিয়া অশ্রুপূর্ণ লোচনে জামাতাকে সবিশেষ সমস্ত জিজ্ঞাসিতে লাগিলেন। তখন সে স্বীয় সহধর্ম্মিণীর উপদেশানুসারে পূর্ব্বাপর বৃত্তান্ত বর্ণন করিয়া পরিশেষে কহিল মহাশয় যে রূপ বিপদে পড়িয়াছিলাম তাহাতে কোন প্রকারেই প্রাণরক্ষার সম্ভাবনা ছিল না। কেবল জগদীশ্বরের কৃপায় ও আপনাদিগের শ্রীচরণারবিন্দের অকৃত্রিমস্নেহসম্বলিত আশীর্ব্বাদ প্রভাবে এ যাত্রা পরিত্রাণ পাইয়াছি। যন্ত্রণার পরিসীমা নাই। অধিক কি কহিব শক্ররাও যেন কখন এরূপ দস্যুহস্তে পতিত না হয়। ইহা কহিয়া যেন যথার্থই পূর্ব্বাবস্থা স্মরণ হইল এই প্রকার ভাব প্রকাশ করিয়া রোদন করিতে লাগিল। তদ্দর্শনে হেমগুপ্তের অন্তঃকরণে অত্যন্ত অনুকম্পা জন্মিল।

রজনী উপস্থিতা হইল। পতিপ্রাণা রত্নাবতী স্বামিসমাগম সৌভাগ্যমদে মত্তা হইয়া পূর্ব্বকৃত তদীয় নৃশংস ব্যবহার বিস্মরণ পূর্ব্বক তৎসহবাসসুখ সম্ভোগাভিলাষে মনের উল্লাসে সর্ব্বাঙ্গে

সর্ব্বপ্রকার অলঙ্কার পরিধান করিয়া শয়নাগারে প্রবেশ করিল। মহাধনাত্মজ কিয়ৎক্ষণ কৃত্রিম কৌতুকের পর নিদ্রাবেশ প্রকাশ করিতে লাগিল। তখন রত্নাবতী কহিল আজি তুমি পথশ্রান্ত আছ। আর অধিক ক্ষণ জাগরণক্লেশ সহ্য করিবার প্রয়োজন কি। শয়ন কর আমি চরণ সেবা করি। সে কহিল তুমিও শয়ন কর চরণ সেবা করিতে হইবেক না।

অনন্তর উভয়ে শয়ন করিলে পর ধূর্ত্ত তৎক্ষণাৎ কপট নিদ্রার আশ্রয় লইয়া নাসিকাধ্বনি করিতে আরম্ভ করিল। রত্নাবতীও পতিকে নিদ্রাভিভূত জানিয়া অনতিবিলম্বে নিদ্রায় অচেতনা হইল। পরে সেই দুরাত্মা অবসর বুঝিয়া গাত্রোত্থান পূর্ব্বক আপন কটিদেশ হইতে এক তীক্ষ্ণধার ছুরিকা বহিষ্কৃত করিল। এবং অনায়াসে সেই স্ত্রীরত্ন রত্নাবতীর কণ্ঠচ্ছেদন পূর্ব্বক সমস্ত আভরণ লইয়া পলাইল।

ইহা কহিয়া শারিকা কহিল মহারাজ যাহা বর্ণনা করিলাম সমুদায় স্বচক্ষে দেখিয়াছি। তদবধি আমার পুরুষের প্রতি অত্যন্ত অবিশ্বাস ও অশ্রদ্ধা জন্মিয়াছে। প্রতিজ্ঞা করিয়াছি পুরুষের সহিত বাক্যালাপ করিব না। এবং সাধ্যানুসারে পুরুষের সংসর্গপরিত্যাগে যত্নবতী থাকিব। পুরুষেরা অতি ধূর্ত্ত স্বার্থপর ও নৃশংস হয়। মহারাজ অধিক কি কহিব পুরুষের সংসর্গ সসর্প গৃহে বাস অপেক্ষাও ভয়ানক। এই নিমিত্ত আর আমার পুরুষের মুখাবলোকন করিতে ইচ্ছা নাই।

রাজা শুনিয়া কিঞ্চিৎ হাস্য করিয়া শুককে কহিলেন কেমন হে চূড়ামণি তুমি স্ত্রীলোককে কি নিমিত্তে ঘৃণা কর তাহার সবিশেষ বর্ণন কর। তখন শুক কহিল মহারাজ শ্রবণ করুন।

কাঞ্চনপুরনাম নগরে সাগরদত্ত নামে এক শ্রেষ্ঠী ছিলেন। তাঁহার শ্রীদত্ত নামে সুশীল শান্তস্বভাব এবং রূপবান এক পুত্র ছিল। অনঙ্গপুরনিবাসি সোমদত্ত শ্রেষ্ঠির কন্যা জয়শ্রীর সহিত তাহার বিবাহ হয়। কিয়দ্দিন পরে শ্রীদত্ত বাণিজ্যার্থে দেশান্তর প্রস্থান করিল। জয়শ্রী আপন পিত্রালয়ে বাস করিতে লাগিল। প্রায় দ্বাদশ বৎসর অতীত হইল তথাপি শ্রীদত্ত প্রত্যাগমন করিল না। এখানে জয়শ্রী যৌবনবতী হইয়া দিনে দিনে মদন বেদনায় অধীর হইতে লাগিল।

এক দিবস সে আপন প্রিয়বয়স্যার নিকট কহিল দেখ সখি আমার যৌবন বৃথা হইল। আজি পর্য্যন্ত সংসারের সুখ কিছুমাত্র জানিতে পারিলাম না। বলিতে কি এরূপে একাকিনী কালহরণ করা কঠিন হইয়া উঠিয়াছে। তুমি কোন উপায় চিন্তা কর। তখন সখী কহিল প্রিয়সখি ধৈর্য্য ধর ভগবানের ইচ্ছা হয়তো অবিলম্বে তোমার প্রিয় সমাগম হইবেক। জয়শ্রী ইচ্ছানুরূপ উত্তর না পাইয়া অসন্তোষ প্রকাশ করিল এবং তৎক্ষণাৎ অট্টালিকায় আরোহণ করিয়া গবাক্ষদ্বার দিয়া রাজপথ নিরীক্ষণ করিতে লাগিল।

দৈবযোগে সেই স্থান দিয়া এক পরমসুন্দর যুবা পুরুষ গমন করিতেছিল। ঘটনাক্রমে তাহার ও জয়শ্রীর চারি চক্ষুঃ একত্র হইবাতে উভয়েই উভয়ের মন হরণ করিল। জয়শ্রী তৎক্ষণাৎ আপন সখীকে আহ্বান করিয়া কহিল দেখ যে রূপে পার ঐ হৃদয়চোর ব্যক্তির সহিত সংঘটন করিয়া দাও। তদনন্তর জয়শ্রীর সখী তাহার নিকটে গিয়া কথাচ্ছলে তাহার অভিপ্রায় বুঝিয়া কহিল সোমদত্তের কন্যা জয়শ্রী তোমার সহিত সাক্ষাৎ করিতে অভিলাষিণী হইয়াছেন।

অতএব সন্ধ্যার পর তুমি আমার বাটীতে উপস্থিত হইবে। এই বলিয়া তাহাকে আপন গৃহ দেখাইয়া দিল। তখন সে কহিল তোমার সখীর নিকটে কহ আমি অত্যন্ত অনুগৃহীত হইলাম। অবশ্যই সায়ংকালে তোমার আবাসে আসিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিব।

তদনন্তর সখী জয়শ্রীর নিকটে আসিয়া বিশেষরূপে সমুদায় নিবেদন করিলে পর সে অত্যন্ত আহ্লাদিতা হইল। এবং তাহাকে পারিতোষিক দিয়া প্রশংসা করিয়া কহিল যদি তুমি আমাকে তাহার সহিত মিলাইয়া দিতে পার তবে আমাকে চির কালের নিমিত্তে কিনিয়া রাখ। আমি কোন কালে কোন ক্রমে তোমার এ ধার পরিশোধ করিতে পারিব না। এক্ষণে তুমি আপন আলয়ে গিয়া অবস্থিতি কর। সে আসিবামাত্র আমাকে সংবাদ দিবে। এই বলিয়া সখীকে বিদায় করিয়া স্বয়ং প্রিয়সমাগমোচিত বেশ ভূষা করিতে লাগিল।

শুভ সন্ধ্যাকাল উপস্থিত হইলে সেই যুবা রতিপতির আদেশানুরূপ বেশ পরিগ্রহ করিয়া সখীর আলয়ে উপস্থিত হইল। সে পরম সমাদর পূর্ব্বক বসিতে আসন দিয়া জয়শ্রীর নিকটে গিয়া প্রিয়তমের উপস্থিতি সংবাদ দিল। জয়শ্রী শুনিয়া আনন্দসাগরে মগ্ন হইয়া কহিল সখি কিঞ্চিৎ বিলম্ব কর গৃহজন নিদ্রিত হইলেই তোমার সহিত গিয়া প্রাণনাথের হস্তে যৌবনসম্পত্তি সমর্পণ করিয়া জন্ম সার্থক করিব। অনন্তর পরিবারস্থ সমস্ত লোক নিদ্রাভিভূত হইলে জয়শ্রী সখীর সহিত তদীয় আবাসে উপস্থিত হইয়া অননুভূতপূর্ব্ব চিরাকাঙ্ক্ষিত রসাস্বাদ দ্বারা যৌবনের চরিতার্থতা লাভ করিয়া নিশাবসান সময়ে স্বীয় আবাসে প্রত্যাগমন করিল। জয়শ্রী এইরূপে প্রত্যহ প্রিয়সমাগমসুখে কাল যাপন করিতে লাগিল।

কিয়দ্দিন পরে তাহার স্বামীও বিদেশ হইতে প্রত্যাগত হইয়া প্রথমতঃ শ্বশুরালয়ে উপস্থিত হইল। জয়শ্রী শ্রীদত্তের সমাগমনে মনে২ চিন্তা করিতে লাগিল এ আপদ আবার এত দিনের পর কোথা হইতে উপস্থিত হইল। কি করি কোথায় যাই। প্রাণনাথের নিকটে যাইবার ব্যাঘাত জন্মিল। কত দিন থাকিবেক কত জ্বলাইবেক তাহাও জানি না। এইরূপ চিন্তায় পড়িয়া স্নান ভোজনাদি সমস্ত পরিত্যাগ পূর্ব্বক বিষণ্ণ মনে সখী সহিত নানাপ্রকার পরামর্শ করিতে লাগিল।

রজনী উপস্থিতা হইলে জয়শ্রীর মাতা জামাতাকে পরম সমাদর ও যত্ন পূর্ব্বক ভোজন করাইয়া দাসীদ্বারা শয়নাগারে গিয়া বিশ্রাম করিতে কহিলেন। এবং আপন কন্যাকেও পতিশুশ্রূষার্থে গমন করিতে আদেশ দিলেন। জয়শ্রী প্রথমতঃ অসম্মত হওয়াতে তাহার মাতা নানাবিধ প্রবোধবাক্য ও ভর্ৎসনা দ্বারা নিরুত্তরা করিয়া পরিশেষে বল পূর্ব্বক গৃহপ্রবেশ করাইলেন। তখন সে বিবশা হইয়া গৃহপ্রবেশপূর্ব্বক পর্য্যঙ্কে আরোহণ করিয়া বিবৃত্তমুখে শয়ন করিয়া রহিল। শ্রীদত্ত প্রণয়িনীকে সপ্রেম আলিঙ্গন করিয়া প্রীতিবাক্য প্রয়োগ করিতে লাগিল। সে তাহাতে অত্যন্ত বিরক্তিপ্রকাশ করিতে লাগিল। তখন শ্রীদত্ত তাহার সন্তোষ জন্মাইবার নিমিত্ত নিজানীত নানাবিধ বহুমূল্য অলঙ্কার ও পট্টশাটী প্রভৃতি কামিনী জনকমনীয় দ্রব্য প্রদান করিলে জয়শ্রী অত্যন্ত কোপপ্রকাশ পূর্ব্বক তদ্দত্ত সমস্ত বস্তু দূরে নিক্ষেপ করিল। তখন শ্রীদত্ত নিতান্ত নিরুপায় ভাবিয়া ক্ষান্ত হইল। এবং অত্যন্ত পথশ্রান্ত ছিল তৎক্ষণাৎ নিদ্রাগত হইল।

জয়শ্রী পতিকে নিদ্রায় অচেতন দেখিয়া মনে২ আহ্লাদিতা হইল।

এবং পতিদত্ত বস্ত্র ও অলঙ্কারাদি পরিধান করিয়া সেই গাঢ়তর অন্ধকারাচ্ছন্ন রজনীতে একাকিনী নির্ভয়ে প্রিয়তমের উদ্দেশে চলিল। সেই সময়ে এক তস্কর ঐ পথে গমন করিতেছিল। সে সর্ব্বালঙ্কার ভূষিতা কামিনীকে অর্দ্ধরাত্র সময়ে একাকিনী গমন করিতে দেখিয়া বিবেচনা করিতে লাগিল এই যুবতী অসহায়িনী হইয়া নিশীথ সময়ে নির্ভয়ে কোথায় যাইতেছে। ইহার কারণ কি সবিশেষ অনুসন্ধান করিতে হইল। এই বলিয়া তাহার পশ্চাৎ২ চলিল।

এ দিকে জয়শ্রীর উপপতি কুট্টিনীর আলয়ে একাকী শয়ন করিয়া তাহার আগমনপ্রতীক্ষায় কালক্ষেপ করিতেছিল। এই অবসরে এক কালসর্প আসিয়া দংশন দ্বারা তাহার প্রাণসংহার করিয়া গেল। সে মৃত পতিত রহিল। জয়শ্রী তথায় উপস্থিত হইয়া মৃত পতিত উপপতিকে কপটনিদ্রিত বোধ করিয়া নামগ্রহণ পুরঃসর আহ্বান করিতে লাগিল। কোন প্রকার উত্তর না পাইয়া মনে২ বিবেচনা করিল আমার আসিবার বিলম্ব হওয়াতে অভিমানে উত্তর দিতেছেন না। অনন্তর তাহার পার্শ্বে শয়ন করিয়া প্রিয়সম্ভাষণ পূর্ব্বক গাঢ় আলিঙ্গন করিতে আরম্ভ করিল। এবং চোরও কিঞ্চিদ্দূরে দণ্ডায়মান হইয়া সহাস্য আস্যে এই রহস্য দর্শন করিতে লাগিল।

নিকটবর্ত্তিবটবৃক্ষবাসী এক পিশাচও ঐ কৌতুক দেখিতেছিল। সে মনে২ কল্পনা করিল এই সুযোগে এই কামুকীকে উপভোগ করিতে হইবেক। অনন্তর তাহার উপপতির মৃত শরীরে আবির্ভূত হইয়া যথেপ্সিত সম্ভোগ করিয়া পরিশেষে দন্তদ্বারা জয়শ্রীর নাসিকা চ্ছেদন পূর্ব্বক আপন আবাসবৃক্ষে আরোহণ করিল। চোর এই সমস্ত অবলোকন করিয়া চমৎকৃত হইতে লাগিল।

তখন জয়শ্রীর জ্ঞানোদয় হইল। এবং তৎক্ষণাৎ প্রিয়তমকে মৃত নিশ্চয় করিয়া আপন সখীর নিকটে আসিয়া পূর্ব্বাপর সমস্ত বর্ণন করিয়া কহিল সখি আমি অকস্মাৎ এই আপদে পড়িয়াছি কি উপায় করি বল। গৃহে গিয়া পিতা মাতার নিকট মুখ দেখাইতে পারিব না। তাঁহারা কারণ জিজ্ঞাসিলে কি উত্তর দিব। বিশেষতঃ আজি আবার সেই সর্ব্বনাশিয়া আসিয়াছে। সেই বা দেখিয়া শুনিয়া কি মনে করিবেক। অতএব তুমি আমাকে বিষ আনিয়া দাও ভক্ষণ করিয়া প্রাণত্যাগ করি। তাহা হইলেই সকল আপদ্ ঘুচিয়া যায়। এই বলিয়া শিরে করাঘাত করিতে লাগিল। সখী শুনিয়া বিস্ময়াপন্না ও নিরুত্তরা হইয়া রহিল।

তৎপরে জয়শ্রী আপন উৎপন্নমতিত্ববলে এক উপায় স্থির করিয়া কহিল সখি আর চিন্তা নাই। উত্তম উপায় স্থির করিয়াছি। শুন দেখি সংলগ্ন হয় কি না। আমি এই অবস্থায় গৃহে গিয়া শয়নমন্দিরে প্রবেশ পূর্ব্বক চীৎকার করিয়া রোদন করিতে আরম্ভ করি। রোদনশব্দে জাগরিত হইয়া গৃহজন কারণ জিজ্ঞাসার্থ উপস্থিত হইলে কহিব আমার স্বামী ক্রোধে অন্ধ হইয়া বিনা অপরাধে বহুপ্রকার প্রহার করিয়া পরিশেষে নাসিকা চ্ছেদন করিয়া দিলেন। সখী কহিল উত্তম যুক্তি হইয়াছে। ইহাতে সকল দিক্ রক্ষা পাইবেক। অতএব অবিলম্বেই গৃহে গিয়া এইরূপ কর।

জয়শ্রী সত্বর হইয়া গৃহে গিয়া শয়নাগারে প্রবেশ পূর্ব্বক উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিল। গৃহজন ক্রন্দনধ্বনিশ্রবণে ব্যাকুল হইয়া জয়শ্রীর শয়নগৃহে প্রবেশ করিয়া দেখিল তাহার নাসিকা নাই। সমস্ত গাত্র ও বস্ত্র শোণিতে অভিষিক্ত হইয়াছে। এবং সে নিজে

ভূতলে পতিত হইয়া রোদন করিতেছে। অনন্তর বারম্বার হেতু জিজ্ঞাসা করাতে জয়শ্রী আপন স্বামির দিকে অঙ্গুলি নির্দ্দেশ করিয়া কহিল ঐ দুর্ব্বৃত্ত দস্যু আমার এই দুর্দ্দশা ঘটাইয়াছে।তখন সমস্ত পরিবার একবাক্য হইয়া শ্রীদত্তের অশেষ প্রকার তিরস্কার করিতে আরম্ভ করিল।

সুশীল শ্রীদত্ত পূর্ব্বাপর কিছুই জানে না। অকস্মাৎ এতাদৃশ বিরুদ্ধ বাক্য শুনিয়া চমৎকৃত হইয়া মনে২ বিবেচনা করিতে লাগিল আমি সবিশেষ না জানিয়া শ্বশুরালয়ে আসিয়া অতি গর্হিত কর্ম্ম করিয়াছি। ইহাকে অতিদুশ্চরিত্রা দেখিতেছি। যে হেতু প্রথমতঃ শত২ চাটু বচনেও যে ব্যক্তি আলাপ করে নাই। সে এক্ষণে অনায়াসে মিথ্যাপবাদ দিতেছে। এই নিমিত্তেই নীতিজ্ঞেরা কহিয়াছেন যে মনুষ্যের কথা দূরে থাকুক দেবতারাও স্ত্রীলোকের চরিত্র ও পুরুষের ভাগ্যের কথা বুঝিতে পারেন না। জানি না পরিশেষে কি বিপদ্ ঘটিবেক। ইত্যাদি নানাবিধ চিন্তা করিয়া মৌনাবলম্বনপূর্ব্বক অধোমুখ হইয়া রহিল।

পর দিন প্রভাত হইবামাত্র জয়শ্রীর পিতা রাজদ্বারে সংবাদ দিয়া জামাতাকে বিচারালয়ে নীত করিল। রাজা বাদী ও প্রতিবাদী উভয় পক্ষকে পরস্পর সম্মুখবর্ত্তি করিয়া প্রথমতঃ জয়শ্রীকে জিজ্ঞাসিলেন কে তোমার এ দুর্দ্দশা করিয়াছে বল বল কে তোমার এ দুর্দ্দশা করিয়াছে। আমি তাহার সমুচিত দণ্ডবিধান করিতেছি। তখন জয়শ্রী পতি প্রতি দৃষ্টিপাত করিয়া কহিল মহারাজ ইনি আমার স্বামী ইহা হইতেই আমার এই দুর্দ্দশা ঘটিয়াছে। অনন্তর রাজা শ্রীদত্তকে জিজ্ঞাসা করিলেন তুমি কি নিমিত্ত এমত দুষ্কর্ম্ম করিলে।

সে কহিল মহারাজ আমি এ বিষয়ের বিন্দু বিসর্গও জানি না। ইহাতে আপনকার বিচারে যে রূপ ব্যবস্থা হয় করুন। এই বলিয়া কৃতাঞ্জলি হইয়া অধোমুখে দণ্ডায়মান রহিল।

রাজা বাদিপ্রতিবাদির বাক্য পর্য্যালোচনা করিয়া পরিশেষে ঘাতকদিগকে ডাকাইয়া শ্রীদত্তকে শূলে দিতে আদেশ করিলেন। চোর পূর্ব্বাপর সমস্ত বৃত্তান্ত অত্যন্ত সতর্কতা পূর্ব্বক দেখিতেছিল। সে অকারণে এক ব্যক্তির প্রাণবধের উপক্রম দেখিয়া রাজার সম্মুখে গিয়া নিবেদন করিল মহারাজ সবিশেষ অনুসন্ধান না করিয়া বিনা-পরাধে এক ব্যক্তির প্রাণদণ্ড করিতেছেন। আপনি যথার্থ বিচার করুন। ব্যভিচারিণীর বাক্যে বিশ্বাস করিবেন না।

রাজা শুনিয়া চমৎকৃত হইলেন এবং সবিশেষ জিজ্ঞাসা পূর্ব্বক তথ্যানুসন্ধান করিয়া লোক দ্বারা মৃত পতিত উপপতির বক্ত্রমধ্য হইতে জয়শ্রীর ছিন্ন নাসিকা আনাইয়া দেখিলেন। তখন চোরকে যথার্থবাদী ও শ্রীদত্তকে নিরপরাধী বোধ করিয়া উভয়কে পারিতোষিক প্রদান পূর্ব্বক বিদায় করিলেন। এবং জয়শ্রীর মস্তকমুণ্ডন ও তাহাতে তক্রসেচন তৎপরে তাহাকে গর্দ্দভে আরোহণ ও নগরে ভ্রমণ করাইয়া আপন অধিকার হইতে বহিষ্কৃত করিয়া দিলেন। এই বলিয়া চূড়ামণি কহিল মহারাজ নারী এইরূপ গুণে পরিপূর্ণা হয়।

অভিপ্রেত উপাখ্যান সমাপন করিয়া বেতাল জিজ্ঞাসিল মহারাজ মহাধনের পুত্র ও জয়শ্রী এই উভয়ের মধ্যে কোন ব্যক্তি অধিক পাপী। রাজা কহিলেন জয়শ্রী। বেতাল কহিল কারণ কি। তিনি কহিলেন পুরুষ অত্যন্ত দুশ্চরিত্র হইলেও তাহার ধর্ম্মজ্ঞান থাকে। কিন্তু স্ত্রীলোক দুশ্চরিত্র হইলে ধর্ম্মাধর্ম্ম বিষয়ে তাহার কোন অনু-

শোচনা থাকে না। এই নিমিত্ত আমার বিবেচনায় জয়শ্রীর পাপ অধিক হইতেছে।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

পঞ্চম উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ।

ধারানাম নগরীতে মহাবল নামে এক মহাবল পরাক্রান্ত নরপতি ছিলেন। তাঁহার দূতের নাম হরিদাস। ঐ দূতের মহাদেবী নামে এক পরমসুন্দরী কন্যা ছিল। কালসহকারে কন্যা যৌবনসীমায় উত্তীর্ণ হইলে পর হরিদাস মনে২ বিবেচনা করিতে লাগিল কন্যা বিবাহযোগ্যা হইল অতঃপর বর অন্বেষণ করিয়া ইহার বিবাহ সংস্কার নির্ব্বাহ করা উচিত। অনন্তর পরিবারের মধ্যে মহাদেবীর বিবাহের কথার আন্দোলন হইতে আরম্ভ হইলে সে আপন পিতার নিকট উপস্থিত হইয়া নিবেদন করিল হে পিতঃ যে ব্যক্তি সর্ব্বগুণা- লঙ্কৃত হইবেক তাহার সহিত বিবাহ না হইলে আমি আত্মহত্যা করিব। হরিদাস কন্যার এই প্রশংসিত প্রার্থনায় সম্মত হইয়া নানা স্থানে উপযুক্ত পাত্র অনুসন্ধান করিতে লাগিল।

এক দিবস রাজা মহাবল হরিদাসকে আজ্ঞা দিলেন দক্ষিণ দেশে হরিশ্চন্দ্র নামে এক রাজা আছেন। তিনি আমার পরম বন্ধু। বহু- দিনাবধি তাঁহার শারীরিক ও রাজ্যবিষয়ক কোন সংবাদ না পাইয়া অত্যন্ত উৎকণ্ঠিত আছি। অতএব তুমি তথায় গিয়া আমার কুশল সংবাদ দিয়া ত্বরায় তাঁহার সংবাদ লইয়া আইস। হরিদাস রাজকীয় আজ্ঞা- নুসারে কিয়দ্দিবসের মধ্যে রাজা হরিশ্চন্দ্রের রাজধানীতে উপস্থিত হইয়া তাঁহার নিকট নিজ প্রভুর আদেশ জানাইল। হরিশ্চন্দ্র দূত মুখে মিত্রের মঙ্গলবার্ত্তা শ্রবণ করিয়া আনন্দসাগরে মগ্ন হইলেন। এবং সমুচিত পুরস্কার প্রদান পূর্ব্বক হরিদাসকে কিয়দ্দিবস তথায় অবস্থিতি করিতে অনুরোধ করিলেন।

এক দিন রাজা হরিশ্চন্দ্র সভামধ্যে হরিদাসকে জিজ্ঞাসা করিলেন হরিদাস তুমি কি বোধ কর কলিযুগের আরম্ভ হইয়াছে কি না। তখন সে কৃতাঞ্জলি হইয়া কহিল হাঁ মহারাজ কলিকাল উপস্থিত হইয়াছে। এবং তাহার অধিকারের প্রভাবেই সংসারে মিথ্যা প্রপঞ্চ প্রবল হইয়া উঠিতেছে। সত্যের হ্রাস হইতেছে। পৃথিবী অল্প ফল দিতেছেন। লোক মুখে মিষ্ট বাক্য ব্যবহার করে কিন্তু অন্তরে সম্পূর্ণ কপটতা। রাজারা প্রজার সুখ সমৃদ্ধির প্রতি দৃষ্টি না রাখিয়া কেবল কোষপরিপূরণে যত্নবান হইয়াছেন। ব্রাহ্মণেরা সৎ কর্ম্মের অনুষ্ঠান পরিত্যাগ করিয়াছেন এবং লোভী হইয়াছেন। স্ত্রীলোক লজ্জা পরিত্যাগ এবং স্বাতন্ত্র্য অবলম্বন করিয়াছে। পুত্র পরমগুরু পিতা মাতার শুশ্রূষা ও আজ্ঞাপ্রতিপালনে পরাঙমুখ এবং ভ্রাতা ভ্রাতার প্রতি স্নেহশূন্য দৃষ্ট হইতেছে। মিত্রতানিবন্ধন অকৃত্রিমপ্রণয়সম্বলিত ব্যবহার আর দৃষ্টিগোচর হয় না। নিত্য নৈমিত্তিক প্রায়শ্চিত্ত উপাসনাদি কর্ম্মে কাহারো আস্থা নাই। পামরেরা বিরোধি তর্ক দ্বারা ধর্ম্মমূল সনাতন বেদশাস্ত্রের বিপ্লাবনে উদ্যত হইয়াছে। মহারাজ এইরূপ অশেষপ্রকারে কেবল অধর্ম্মের সঞ্চার নেত্রগোচর হইতেছে। রাজা শুনিয়া সন্তুষ্ট হইয়া হরিদাসকে ধন্যবাদ প্রদান করিলেন।

সভাভঙ্গান্তে রাজা অন্তঃপুরে প্রবেশ করিলেন। হরিদাস আপন বাসস্থানে উপস্থিত হইয়া এক অপরিচিত ব্রাহ্মণকুমারকে উপবিষ্ট দেখিয়া জিজ্ঞাসা করিলেন তুমি কে কি নিমিত্ত আসিয়াছ। সে কহিল আমি তোমার নিকটে কিছু প্রার্থনা করিতে আসিয়াছি। হরিদাস কহিল কি প্রার্থনা ব্যক্ত কর আমার সামর্থ্য হয় অবশ্যই

সম্পন্ন করিব। সে কহিল তোমার এক পরমসুন্দরী গুণবতী কন্যা আছে। তাহার সহিত আমার বিবাহ দাও। হরিদাস কহিল আমি কন্যার প্রার্থনানুসারে প্রতিজ্ঞা করিয়াছি যে ব্যক্তি সমস্ত বিদ্যায় পারদর্শী ও অসাধারণগুণসম্পন্ন হইবেক তাহাকে কন্যা প্রদান করিব। সে কহিল আমি বাল্যকালাবধি পরম যত্নে সমস্ত বিদ্যা অভ্যাস করিয়াছি। আর আমার অসাধারণ গুণ এই যে এক অদ্ভুত রথ নির্ম্মাণ করিয়াছি। তাহাতে আরোহণ করিলে ক্ষণমধ্যে বর্ষগম্য দেশেও উপস্থিত হওয়া যায়।

হরিদাস শুনিয়া সন্তুষ্ট হইল। এবং কন্যাদান স্বীকার করিয়া কহিল কল্য প্রাতঃকালে তুমি আমার নিকটে রথ লইয়া আসিবে। এই বলিয়া ব্রাহ্মণতনয়কে বিদায় করিয়া স্নান আহ্নিক ভোজন সমাপন করিল। এবং অপরাহ্ণে রাজার সহিত সাক্ষাৎ করিয়া বিদায় লইয়া স্বদেশগমনার্থে প্রস্তুত হইয়া রহিল।

পর দিন প্রভাত হইবামাত্র ব্রাহ্মণকুমার হরিদাসের নিকট উপস্থিত হইলে উভয়ে রথারোহণ করিয়া ক্ষণমধ্যে ধারানগরে উত্তীর্ণ হইল। কিন্তু হরিদাসের আগমনের পূর্ব্বে তাহার পত্নী ও পুত্র পৃথক২ এক২ ব্রাহ্মণতনয়ের নিকট অঙ্গীকার করিয়াছিল যে মহাদেবীর সহিত বিবাহ দিব। তাহাতে কেবল হরিদাসের প্রত্যাগমনপ্রতীক্ষাই প্রতিবন্ধক ছিল। এক্ষণে সেই পূর্ব্বাশ্বাসিত বরেরাও হরিদাসকে গৃহাগত শুনিয়া বিবাহের নিমিত্ত তদীয় আলয়ে উপস্থিত হইল।

এইরূপে তিন বর একত্র দেখিয়া হরিদাস অত্যন্ত ব্যাকুল হইয়া মনে২ চিন্তা করিতে লাগিল তিন জনে তিন জনের নিকট অঙ্গীকার করিয়াছি। তিন জনেই বিদ্যাবান ও এক২ অসাধারণ গুণ সম্পন্ন

কাহাকেই নিরাশ করি। অনন্তর তাহাদিগকে কহিল অদ্য তোমরা আমার আলয়ে অবস্থিতি কর। আমি পুত্র ও গৃহিণীর সহিত পরামর্শ করিয়া কর্ত্তব্য স্থির করিব। তাহারা অগত্যা সম্মত হইয়া সে দিবস তাহার আবাসে অবস্থিতি করিল। দৈবযোগে সেই রজনীতে বিন্ধ্যাচলবাসী এক রাক্ষস আসিয়া সেই কন্যাকে হরণ করিয়া আপন আলয়ে পলায়ন করিল।

গৃহজন প্রভাতে গাত্রোত্থান করিয়া দেখিল মহাদেবী গৃহে নাই। তখন সকলে একত্র হইয়া নানাপ্রকার কল্পনা করিতে লাগিল। বিবাহার্থি ব্রাহ্মণকুমারেরাও ভাবিভার্য্যার অদর্শনব্যাপার শ্রবণ করিয়া ম্লানবদনে তথায় উপস্থিত হইল। তন্মধ্যে এক ব্যক্তি সমাধিবলে ভূত ভবিষ্যৎ বর্ত্তমান সমুদায় প্রত্যক্ষবৎ দেখিত। সে সকলকে বিষণ্ণ দেখিয়া হরিদাসকে কহিল মহাশয় উৎকণ্ঠিত হইবেন না। আমি দেখিতেছি এক রাক্ষস আপনকার কন্যার রূপলাবণ্যে মোহিত হইয়া তাহাকে হরণ করিয়া বিন্ধ্যপর্ব্বতে রাখিয়াছে। যদি তথা হইতে প্রত্যাহরণ করিবার কোন উপায় থাকে চেষ্টা দেখুন। দ্বিতীয় কহিল আমি শব্দবেধি শর নিক্ষেপ দ্বারা বিপক্ষের প্রাণদণ্ড করিতে পারি। অতএব কোন ক্রমে তথায় উপস্থিত হইতে পারিলে রাক্ষসের বিনাশ সম্পাদন করিতে পারিব। তখন তৃতীয় কহিল আমার এই রথে আরোহণ করিয়া প্রস্থান কর ক্ষণমধ্যে তথায় উপস্থিত হইতে পারিবে।

অনন্তর সে রথারোহণপূর্ব্বক নিমিষমধ্যে তথায় উপস্থিত হইয়া শব্দবেধি শর দ্বারা ক্রব্যাদের প্রাণদণ্ড করিয়া মহাদেবীসমভিব্যাহারে পুনরায় নিমিষমধ্যে ধারানগরে প্রত্যাগমন করিল। অনন্তর তিন বর

একত্র হইয়া পরস্পর বিবাদ করিয়া কহিতে লাগিল আমিই ইহার পাণিগ্রহণাধিকারী। আমি না হইলে ইহার উদ্ধার হইবার সম্ভাবনা ছিল না। হরিদাস কর্ত্তব্যাবধারণে বিমূঢ় হইয়া অত্যন্ত ব্যাকুল হইল।

এইরূপে উপাখ্যান সমাপন করিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ এই তিন জনের মধ্যে কোন ব্যক্তি মহাদেবীর বিবাহাধিকারী হইতে পারে। বিক্রমাদিত্য কহিলেন যে ব্যক্তি রাক্ষসের প্রাণসংহার করিয়া প্রত্যানয়ন সাধন করিয়াছে। বেতাল কহিল তিন জনই সমান বিদ্বান এবং তিন জনই প্রত্যানয়ন বিষয়ে সমান সাহায্য করিয়াছে। তবে কি নিমিত্ত এই কন্যা কেবল প্রত্যাহর্ত্তারি কামিনী হইল। রাজা কহিলেন তিন জনই অসাধারণ গুণ প্রকাশ করিয়াছে যথার্থ বটে। কিন্তু সূক্ষ্ম বিবেচনা করিলে প্রত্যাহর্ত্তার গুণেই প্রকৃত কার্য্য নির্ব্বাহ হইয়াছে। অতএব তাহারি প্রাধান্য যুক্তিযুক্ত বোধ হইতেছে।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

ষষ্ঠ উপাখ্যান।

পুনর্ব্বার বেতাল কহিতে লাগিল মহারাজ।

ধর্ম্মপুর নামে এক অতিপ্রসিদ্ধ নগর আছে। তথায় ধর্ম্মশীল নামে এক সুশীল রাজা ছিলেন। তাঁহার অন্ধক নামে এক মন্ত্রী ছিলেন। তিনি এক দিবস রাজাকে পরামর্শ দিলেন মহারাজ নব মন্দির নির্ম্মাণ পূর্ব্বক তন্মধ্যে কাত্যায়নীর প্রতিমা প্রতিষ্ঠা করিয়া প্রতিদিন যথা বিধানে পূজা করিতে আরম্ভ করুন। শাস্ত্রে ইহার বিশেষ ফলশ্রুতি আছে। রাজা মন্ত্রির পরামর্শে পরম পরিতুষ্ট হইলেন। এবং নূতন মন্দির নির্ম্মাণ করিয়া তন্মধ্যে ভগবতী কাত্যায়নীর কাঞ্চনময়ী প্রতিমূর্ত্তি সংস্থাপন পূর্ব্বক প্রতিদিন সমারোহে পূজা করিতে লাগিলেন। বিনা পূজায় প্রাণান্তেও জল গ্রহণ করিতেন না।

রাজা এই রূপে গো ব্রাহ্মণে ভক্তিমান ও দেবতারাধনে যত্নবান্ ছিলেন। তথাপি সংসারাশ্রমসারভূত তনয়ের মুখচন্দ্র নিরীক্ষণে অধিকারী হইলেন না। সর্ব্বদাই মনে২ চিন্তা করেন শাস্ত্রে ও লোকাচারে প্রসিদ্ধ আছে অপুত্র ব্যক্তির সংসারাশ্রম ধনজনপরিপূর্ণ হইলেও শূন্যপ্রায় এবং তাহার পর কালে সদ্গতিলাভ হয় না। অতএব কি কর্ত্তব্য।

এক দিবস মন্ত্রিপ্রবর অন্ধকের পরামর্শানুসারে প্রতিষ্ঠাপিত দেবীর মন্দিরে প্রবেশপূর্ব্বক সাষ্টাঙ্গ প্রণিপাত করিয়া কৃতাঞ্জলি পুটে স্তব করিতে লাগিলেন হে দেবি তুমি ত্রিলোকের জননী। ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর প্রভৃতি সমস্ত দেবগণ অষ্ট প্রহর তোমার আরাধনা করেন। তুমি কালে২ ত্রিভুবনের মহানর্থহেতু উৎপাতধূমকেতুপ্রায়

মহিষাসুর চণ্ড মুণ্ড শুম্ভ নিশুম্ভ রক্তবীজ প্রভৃতি দুর্ব্বৃত্ত দৈত্যগণের প্রাণসংহার করিয়া ভূমির ভার হরিয়াছ। আর যে যে স্থানে তোমার ভক্তেরা বিপদ্‌গ্রস্ত হইয়াছে তুমি তৎক্ষণাৎ তথায় উপস্থিত হইয়া তাহাদের পরিত্রাণ করিয়াছ। তুমি শরণাপন্ন ভক্তগণের সর্ব্বদা মনোবাঞ্ছা পরিপূর্ণ করিয়া থাক এই আশয়ে আমি তোমার দ্বারে উপস্থিত হইয়াছি। আমার মনস্কামনা পরিপূর্ণ কর। এই রূপ স্তবাবসানে পুনর্ব্বার সাষ্টাঙ্গ প্রণিপাত করিয়া কৃতাঞ্জলি হইয়া দণ্ডায়মান রহিলেন।

অনন্তর আকাশবাণী হইল। হে রাজন আমি তোমার প্রতি অতিশয় প্রসন্ন হইয়াছি অভিপ্রেত বর প্রার্থনা কর। রাজা শুনিয়া কৃতার্থম্মন্য হইয়া আনন্দগদ্গদ স্বরে কহিলেন জননি যদি প্রসন্ন হইয়া থাক কৃপা করিয়া এই বর দাও যেন আমি অবিলম্বে পুত্রমুখ নিরীক্ষণ করিয়া কৃতার্থ হই। দেবী কহিলেন বৎস অবিলম্বে তোমার পুত্র জন্মিবেক। ঐ পুত্র অতি সুশীল শান্তস্বভাব ও সর্ব্ববিষয়ে পারদর্শী হইবেক। কিয়ৎকাল পরে এক পুত্র জন্মিলে রাজা মহাসমারোহে সপরিবারে দেবীর মন্দিরে উপস্থিত হইলেন। এবং নানাবিধ পূজাসামগ্রী সংগ্রহ করিয়া স্বহস্তে দেবীর পূজাকার্য্য নির্ব্বাহ করিলেন। এবং সমাগত দীন দরিদ্র অনাথ প্রভৃতিকে প্রার্থনাধিক ধন দান দ্বারা পরিতুষ্ট করিয়া বিদায় করিলেন।

এক দিবস দীনদাসনামক এক তন্তুবায় কোন কার্য্যোপলক্ষে নিজ বন্ধুর সহিত রাজধানীতে গমন করিতেছিল। দৈবযোগে তাহার সজাতীয় সেই নগরবাসিনী এক পরমসুন্দরী কন্যা নেত্রপথের অতিথি হওয়াতে তাহার অসামান্য রূপ লাবণ্য দর্শনে মোহিত হইয়া সতৃষ্ণ

নয়নে নিরীক্ষণ করিতে লাগিল। অনন্তর সে দৃষ্টিপথের বহির্ভূত হইলে তন্তুবায় মনে২ চিন্তা করিল আমাদের মহারাজ পুত্র বিষয়ে নিতান্ত নিরাশ হইয়াও ভগবতী কাত্যায়নীর প্রসাদে বৃদ্ধ বয়সে অনায়াসে পুত্র পাইয়াছেন। এই দেবীর কৃপাদৃষ্টি হইলে আমারও এই স্ত্রীরত্নলাভ সম্পন্ন হইতে পারে।

এই সঙ্কল্প করিয়া দেবীর মন্দিরে প্রবেশ পূর্ব্বক দৃঢ়তর ভক্তি যোগ-সহকারে সাষ্টাঙ্গ প্রণিপাত করিয়া কৃতাঞ্জলি হইয়া মনে২ প্রার্থনা করিল হে কাত্যায়নি যদি এই কামিনীর সহিত আমার বিবাহ হয় আমি স্বহস্তে আপন মস্তক ছেদন করিয়া তোমার পূজা দিব। এইরূপ মানস করিয়া প্রণাম পূর্ব্বক আপন বন্ধুর সহিত নির্দ্দিষ্ট স্থানে প্রস্থান করিল। পরে নিজালয়ে প্রত্যাগমনানন্তর সেই সর্ব্বাঙ্গসুন্দরী রমণীর দুঃসহ বিরহানলে দগ্ধহৃদয় হইয়া আহারবিহারাদি সমস্ত বিষয়ে অনুরাগশূন্য হইল। এবং অষ্ট প্রহর অনন্যমনা ও অনন্যকর্ম্মা হইয়া কেবল সেই কামিনীর বিভ্রমবিলাসাদি ধ্যান করিতে লাগিল।

তাহার সহচর স্বীয় প্রিয়বয়স্যের এবম্বিধ অসম্ভাবিত অপ্রতিবিধেয় স্মরদশা প্রাদুর্ভাব দেখিয়া অত্যন্ত বিষণ্নমনা হইল। এবং অশেষ প্রকার চিন্তা করিয়াও কোন উপায় নির্দ্ধারণে অসমর্থ হইয়া পরিশেষে তাহার পিতার নিকট সবিশেষ সমস্ত বৃত্তান্ত নিবেদন করিল। তাহার পিতা সমুদায় শ্রবণ ও স্বচক্ষে দর্শন করিয়া বিবেচনা করিতে লাগিল ইহার যেরূপ দশা দেখিতেছি বোধ করি সেই কন্যার সহিত বিবাহ না হইলে প্রাণত্যাগও করিতে পারে। অতএব এ বিষয়ে উপেক্ষা না করিয়া বরং যাহাতে ত্বরায় ইহার অভীষ্টলাভ হয় তদ্বিষয়ে যত্নবান্ হওয়া কর্ত্তব্য।

এই নিশ্চয় করিয়া পুত্রের মিত্রকে সমভিব্যাহারে লইয়া সেই কন্যার পিত্রালয়ে উপস্থিত হইল। এবং যথোচিত শিষ্টাচার ও মিষ্টালাপের পর গৃহস্বামিকে কহিল আমি তোমার নিকট কিছু প্রার্থনা করিতে আসিয়াছি। যদি তুমি দিতে অসম্মত না হও ব্যক্ত করিয়া কহি। সে কহিল যদি সাধ্যাতীত না হয় অবশ্য দিব তাহাতে কোন সন্দেহ নাই। এইরূপে বচনবদ্ধ করিয়া দীনদাসের পিতা গৃহস্বামির নিকট আপন অভিপ্রায় ব্যক্ত করিবা মাত্র সে তৎক্ষণাৎ সম্মত হইয়া শুভদিন ও শুভলগ্ন নির্দ্ধারিত করিয়া কন্যাদান করিল। তন্তুবায়পুত্র অভিলষিত দারসমাগম দ্বারা কৃতার্থ হইয়া পরম সুখে কালহরণ করিতে লাগিল।

কিয়দ্দিন পরে দীনদাস শ্বশুরালয়ে কর্ম্মবিশেষ উপস্থিত হওয়াতে পত্র দ্বারা নিমন্ত্রিত হইয়া পূর্ব্ববন্ধুকে সমভিব্যাহারে করিয়া স্ত্রীসহিত শ্বশুরালয়ে প্রস্থান করিল। পরে সেই নগরের নিকটবর্ত্তী হইলে দেবীর মন্দিরসন্দর্শনে পূর্ব্বকৃত মানসিক স্মরণ হওয়াতে মনে২ চিন্তা করিতে লাগিল আমি অত্যন্ত অসত্যবাদী পামর। দেবীর নিকট স্বয়ং মানসিক করিয়া বিস্মৃত হইয়া রহিয়াছি। জন্মজন্মান্তরেও আমি এই গুরুতর অপরাধ হইতে নিষ্কৃতি পাইব না। যাহা হউক এক্ষণে ক্ষণমাত্রও বিলম্ব না করিয়া দেবীর ধার পরিশোধ করা উচিত।

তৎপরে স্বীয় সহচরকে কহিল মিত্র তুমি ক্ষণকাল অপেক্ষা কর আমি ত্বরায় দেবী দর্শন করিয়া প্রত্যাগমন করিতেছি। এই বলিয়া তথায় উপস্থিত ও সন্নিহিত সরোবরে স্নাত হইয়া প্রথমতঃ যথাবিধি পূজা করিল। অনন্তর ভগবতি কাত্যায়নি বহুকাল হইল আমি তোমার নিকট মানসিক করিয়াছিলাম অদ্য তাহার পরিশোধ

করিতেছি। এই বলিয়া মন্দিরস্থিত খড়্গ লইয়া স্কন্ধদেশে আঘাত করিবামাত্র দেহ হইতে মস্তক পৃথগ্‌ভূত হইয়া ভূতলে পতিত হইল।

পরে দীনদাসের আসিতে অনেক বিলম্ব দেখিয়া তাহার বন্ধু তাহার স্ত্রীকে কহিল তুমি এইখানে ক্ষণৈক থাক আমি বন্ধুকে ডাকিয়া আনি। এই বলিয়া তথায় গমন করিয়া মন্দিরমধ্যে দেখিল দীনদাসের মস্তক ও দেহ পৃথক্২ পতিত আছে। তদ্দর্শনে অত্যন্ত চমৎকৃত ও হতবুদ্ধি হইয়া মনে২ বিবেচনা করিতে লাগিল সংসার অতি বিরুদ্ধ-স্থান। কোন ব্যক্তিই বোধ করিবেক না এ স্বয়ং প্রাণত্যাগ করিয়াছে। সকলেই কহিবেক আমি এই স্ত্রীর সৌন্দর্য্যে মোহিত হইয়া নির্ব্বিঘ্নে সম্ভোগ করিবার নিমিত্ত আপন বন্ধুর প্রাণনাশ করিয়াছি। অতএব অকারণেএরূপ বিরূপ লোকাপবাদগ্রস্ত হওয়া অপেক্ষা,প্রাণত্যাগ করা উপযুক্ত। এই বলিয়া সে ব্যক্তিও তৎক্ষণাৎ সেই খড়্গদ্বারা আপন মস্তক ছেদন করিল।

তন্ত্রবায়কন্যা বহুক্ষণ একাকিনী দণ্ডায়মান থাকিয়া তাহাদের অন্বেষণার্থে দেবীর মন্দিরে উপস্থিত হইল। এবং উভয়কেই মৃত পতিত দেখিয়া বিবেচনা করিল দৈবদুর্ব্বিপাকে আমার যে দুরবস্থা ঘটিল তাহাতে বোধ করি জন্মান্তরে কত গোহত্যা ব্রহ্মহত্যা করিয়া-ছিলাম। বিশেষতঃ বাল্যাবধি বৈধব্যযন্ত্রণা ভোগ করিয়া অসার দেহভার বহন করা কেবল বিড়ম্বনামাত্র। আর লোকেও বিশেষ না জানিয়া কহিবেক এই স্ত্রী দুশ্চরিত্রা আপন অভীষ্ট সিদ্ধির নিমিত্তে স্বামির ও স্বামির বন্ধুর প্রাণ নাশ করিয়াছে। অতএব সর্ব্বপ্রকারেই আমার প্রাণত্যাগ করা উপযুক্ত।

এই বলিয়া সেই শোণিতলিপ্ত খড়্গ লইয়া আপন শিরশ্ছেদ

করিতে উদ্যত হইবামাত্র দেবী তৎক্ষণাৎ আবির্ভূতা হইয়া তাহার হস্ত ধারণ করিলেন। এবং কহিলেন বৎসে আমি তোমার সাহস ও সদ্বিবেচনা দর্শনে প্রসন্ন হইয়াছি বর প্রার্থনা কর। তন্ত্রবাপতনয়া কহিল জননি যদি প্রসন্ন হইয়া থাক এই উভয়ের প্রাণ দান কর। দেবী তথাস্তু বলিয়া উভয়ের কলেবরের সহিত শিরঃসংযোগ করিতে আদেশ দিয়া অন্তর্হিতা হইলেন। তন্ত্রবায়কন্যা কাত্যায়নীর বচন শ্রবণে আহ্লাদে অন্ধপ্রায়া হইয়া একের মস্তক অন্যের শরীরে যোজন করিয়া দিল। উভয়েই তৎক্ষণাৎ প্রাণদান পাইয়া গাত্রোত্থান করিল।

এইরূপে উপাখ্যান সম্পূর্ণ করিয়া বেতাল বিক্রমাদিত্যকে জিজ্ঞাসা করিল মহারাজ শাস্ত্রের বিধি অনুসারে এক্ষণে কোন ব্যক্তি ঐ কন্যার স্বামী হইতে পারে। রাজা কহিলেন শুন বেতাল যেমন নদীর মধ্যে গঙ্গা উত্তম পর্ব্বতের মধ্যে সুমেরু বৃক্ষের মধ্যে কল্পতরু। সেই রূপ সমুদায় অঙ্গের মধ্যে মস্তক উত্তম। এই নিমিত্তেই শাস্ত্রকারেরা ইহার নাম উত্তমাঙ্গ রাখিয়াছেন। অতএব পূর্ব্বস্বামির উত্তমাঙ্গোপলক্ষিত কলেবরবিশিষ্ট ব্যক্তিই তাহার স্বামী হইবেক।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

সপ্তম উপাখ্যান।

পুনর্ব্বার বেতাল কহিল মহারাজ শ্রবণ কর।

চম্পানাম নগরে চন্দ্রাপীড় নামে নরপতি ছিলেন। তাঁহার সুলোচনা নামে ভার্য্যা ও ত্রিভুবনসুন্দরী নামে এক অতি সুন্দরী কন্যা ছিল। কন্যা কালক্রমে বিবাহযোগ্যা হইলে রাজা উপযুক্ত পাত্রের নিমিত্ত অত্যন্ত চিন্তিত হইলেন। নানাদেশীয় রাজারা ক্রমে২ জনশ্রুতি দ্বারা অবগত হইলেন রাজা চন্দ্রাপীড়ের এক পরম সুন্দরী কন্যা আছে। তাহার রূপ লাবণ্যের মাধুরী দর্শনে মুনিজনেরও মন মোহিত হয়। তাঁহারা সকলেই বিবাহপ্রার্থনায় নিপুণতর চিত্রকর দ্বারা স্ব স্ব প্রতিমূর্ত্তি প্রস্তুত করিয়া চন্দ্রাপীড়ের নিকট পাঠাইতে লাগিলেন। রাজা মনোনীত করিবার নিমিত্ত সেই সকল চিত্র কন্যার নিকট পাঠাইতে বিলম্ব করিতেন না। কিন্তু কাহারো ছবি তাহার মনোনীত হইল না। তখন রাজা কন্যাকে স্বয়ম্বরের আদেশ করিলেন। সে তাহাতে অসম্মতা হইয়া কহিল তাত স্বয়ম্বর কেবল আড়ম্বর মাত্র তাহাতে আমার আবশ্যকতা নাই। যে ব্যক্তি বিদ্যা বুদ্ধি বিক্রম এই তিন গুণে অসাধারণ হইবেক আমি তাহাকেই পতিত্বে বরণ করিব।

কিয়দ্দিন পরে দেশান্তর হইতে চারি বর উপস্থিত হইল। রাজা তাহাদিগকে আপন২ গুণের পরিচয় দিতে আদেশ করিলেন। তন্মধ্যে এক ব্যক্তি কহিল মহারাজ আমি বাল্যাবধি বহুযত্নে ও বহু পরিশ্রমে নানা বিদ্যায় কৃতকার্য্য হইয়াছি। আর আমার এক অসাধারণ গুণ এই যে প্রতিদিন এক বহুমূল্য বস্ত্র প্রস্তুত করিয়া পাঁচ

রত্ন মূল্যে বিক্রয় করি। তাহার মধ্যে এক রত্ন সর্ব্বাগ্রে ব্রাহ্মণহস্তে সমর্পণ করি। দ্বিতীয় দেবসাৎ করিয়া তৃতীয় আপন অঙ্গে ধারণ করি। চতুর্থ ভাবিভার্য্যার নিমিত্ত স্থাপন করিয়া পঞ্চমদ্বারা নিত্য ব্যয় নির্ব্বাহ করি। এই গুণ আমা ভিন্ন অন্য কোন ব্যক্তির নাই। আর আমার রূপের পরিচয় দিবার আবশ্যকতা কি মহারাজ প্রত্যক্ষ নিরীক্ষণ করিতেছেন।

দ্বিতীয় কহিল আমি জলচর ও স্থলচর সমস্ত পশু পক্ষির ভাষা জানি। আমার সমান বলবান ত্রিভুবনে আর কোন ব্যক্তি নাই। আর আমার রূপ আপনকার সম্মুখেই উপস্থিত রহিয়াছে। তৃতীয় কহিল আমি শাস্ত্রে অদ্বিতীয়। আর আমার সৌন্দর্য্য সাক্ষাতেই দেখিতেছেন। আপন মুখে ব্যক্ত করিয়া নির্লজ্জ হইবার প্রয়োজন কি। চতুর্থ কহিল আমি শস্ত্রবিদ্যায় অদ্বিতীয়। শব্দবেধি শর নিক্ষেপ করিতে পারি। আমার রূপ লাবণ্যের বিষয় জগন্মণ্ডলে প্রসিদ্ধ আছে। এবং আপনিও স্বচক্ষে দেখিতেছেন।

এই রূপে ক্রমে২ চারি জনের বিদ্যা ও রূপ গুণের পরিচয় লইয়া রাজা মনে২ বিবেচনা করিতে লাগিলেন চারি জনকেই বিদ্যা ও রূপ গুণে অসাধারণ দেখিতেছি কাহাকে কন্যা দান করি। অনন্তর আপন কন্যার নিকটে গিয়া চারি জনের গুণ ব্যাখ্যা করিয়া কহিলেন এই চারি বর উপস্থিত তুমি কাহাকে মনোনীত কর। শুনিয়া ত্রিভুবনসুন্দরী লজ্জায় অধোমুখী ও নিরুত্তরা হইয়া রহিল।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ কোন ব্যক্তি যুক্তি মার্গানুসারে ইহার পতি হইতে পারে। রাজা কহিলেন যে ব্যক্তি বস্ত্র নির্ম্মাণ করিয়া বিক্রয় করে সে জাতিতে শূদ্র। যে ব্যক্তি পশু

পক্ষির ভাষা শিক্ষা করিয়াছে সে বৈশ্য। যিনি সমস্ত শাস্ত্রে পারদর্শী হইয়াছেন তিনি ব্রাহ্মণ জাতি। কিন্তু শস্ত্রবেদী ব্যক্তি কন্যার সজাতীয়। সেই শাস্ত্র ও যুক্তি অনুসারে কন্যার পরিণেতা হইতে পারে।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

অষ্টম উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ।

মিথিলানগরে গুণাধিপ নামে এক রাজা ছিলেন। দক্ষিণদেশীয় চিরঞ্জীব নামে এক রজঃপূত তাঁহার গুণগ্রাহকতা ও বদান্যতা কীর্ত্তি শ্রবণ করিয়া তন্নিকটে কর্ম্মের প্রার্থনায় উপস্থিত হইল। কিন্তু তাহার দুরদৃষ্টক্রমে রাজা তৎকালে সর্ব্বক্ষণ অন্তঃপুরবাসী হইয়া মহিলাগণের সহবাসে কালযাপন করিতেন। বহুকালেও এক বার রাজসভায় উপস্থিত হইতেন না। সম্বৎসর ব্যতীত হইল তথাপি চিরঞ্জীব রাজসাক্ষাৎকার লাভ করিতে পারিল না। এবং ব্যয়োপযুক্ত যৎকিঞ্চিৎ যাহা সমভিব্যাহারে আনিয়াছিল তাহাও ক্রমে২ ক্ষয়প্রাপ্ত হইল।

এইরূপে নিঃসম্বল হইয়া চিরঞ্জীব মনে২ বিবেচনা করিতে লাগিল আমি প্রায় এক বৎসর হইল আশারূপ রাক্ষসীর মায়ায় মুগ্ধ হইয়া স্ববৃত্তি সেবা প্রত্যাশায় দূরদেশ হইতে আসিয়া রাজ্যতন্ত্রপরাঙ্মুখ স্ত্রীপরতন্ত্র রাজার আশ্রয় লইয়াছি। অভীষ্টসিদ্ধির কথা দূরে থাকুক এ-পর্য্যন্ত তাঁহার সহিত সাক্ষাৎ করিতেও পারিলাম না। এবং দেবতা কত দিনে আমার প্রতি প্রসন্ন হইয়া রাজাকে অন্তঃপুর হইতে বহির্গত হইবার সুমতি প্রদান করিবেন তাহাও বুঝিতে পারি না। আর এ ব্যক্তিকে অমাত্যায়ত্ত দেখিতেছি। স্বয়ং রাজ্যকার্য্যে মনোযোগ করে না। কিন্তু রাজা স্বায়ত্ত না হইলেও তাহার নিকট মাদৃশ ব্যক্তির অনায়াসে প্রার্থনাসিদ্ধির সম্ভাবনা নাই। অতএব

অন্তঃপুর হইতে বহির্গত হইলেই আমি এতাদৃশ ব্যক্তির নিকট প্রার্থনা করিয়া কৃতার্থ হইতে পারিব তাহার নিশ্চয় কি।

বিশেষতঃ এক্ষণে আমি নিঃসম্বল হইলাম। ভিক্ষাদ্বারা পরান্ন সংগ্রহ ব্যতিরেকে এ স্থলে অবস্থিতি করিবারও উপায় নাই। কিন্তু পরান্নসেবা মৃত্যুযন্ত্রণা অপেক্ষাও সমধিকক্লেশদায়িনী। অতএব অনিশ্চিত স্ববৃত্তিলাভপ্রত্যাশায় অপর এক স্ববৃত্তি অবলম্বন করা অতি নির্ঘৃণ ও কাপুরুষের কর্ম্ম। ফলতঃ আশার দাসত্ব স্বীকার করিলেই এই সমস্ত দুঃসহ ক্লেশ ভোগ করিতে হয়। কিন্তু যে ব্যক্তি আশাকে দাসী করিয়া সকল ক্লেশের মস্তকে পদার্পণ করিয়াছে তাহারি জীবন সার্থক। এবং যদি সংসারে কেহ সুখী থাকে তবে সে ব্যক্তিই যথার্থ সুখী। অতএব অদ্যই আমি সংসারাশ্রমে জলাঞ্জলি দিয়া অরণ্যে গিয়া তপস্যাদ্বারা জগদীশ্বরের আরাধনায় প্রবৃত্ত হইব। এই নিশ্চয় করিয়া মিথিলা পরিত্যাগ পূর্ব্বক অরণ্যে প্রবেশ করিল।

কিয়দ্দিন পরে রাজা গুণাধিপ অন্তঃপুর হইতে নির্গত হইয়া পুনর্ব্বার রাজকার্য্যে নিবিষ্টমনা হইলেন। এবং কতিপয় দিবসের পর কিয়দংশ সৈন্য সামন্ত সমভিব্যাহারে করিয়া মৃগয়ায় গমন করিলেন। ইতস্ততঃ নানা বনে ভ্রমণ করিয়া পরিশেষে এক মৃগের অনুসরণক্রমে অশ্বারোহণে একাকী অরণ্যের নিবিড়তর প্রদেশে প্রবিষ্ট হইলেন। তৎকালে সকলভুবনপ্রকাশক ভগবান কমলিনীনায়ক নিয়তিক্রমে অস্তাচলচূড়াবলম্বী হইলে চারি দিক অন্ধকারে আচ্ছন্ন হইতে লাগিল। এবং সে মৃগও দৃষ্টিপথের বহির্ভূত হইল।

তখন রাজা যৎপরোনাস্তি ভীত ও ক্ষুৎপিপাসায় পীড়িত হইয়া

অত্যন্ত বিষণ্ণ ও চিন্তাকুল হইলেন। কিন্তু ভয়ক্ষোভ অপেক্ষা বুভুক্ষা ও পিপাসার পীড়া ক্রমেং প্রবল হইয়া কণ্ঠতালুশোষণ পূর্ব্বক মৃতপ্রায় করিলে রাজা অত্যন্ত অধৈর্য্য হইয়া জলান্বেষণ করিতে লাগিলেন। পরিশেষে সেই নিবিড় অরণ্য মধ্যে অসম্ভাবিত কুটীর দর্শন করিয়া হৃষ্টমনা হইলেন। রজঃপূত চিরঞ্জীব বিষয়বিরক্ত হইয়া ঐ কুটীর নির্ম্মাণ করিয়া তপস্যা করিতেছিল। রাজা তথায় উপস্থিত ও কুটীরদ্বারে দণ্ডায়মান হইয়া কৃতাঞ্জলিপুটে কাতরতা প্রকাশপূর্ব্বক জলদান দ্বারা প্রাণদান প্রার্থনা করিলেন। চিরঞ্জীব আতিথেয়তা প্রদর্শন পূর্ব্বক তৎক্ষণাৎ তপোবনসুলভ সুস্বাদু ফল ও সুশীতল জল প্রদান করিল।

রাজা তৎপ্রাপ্তিতে তৃপ্ত হইয়া আপনাকে দ্বিতীয় বার জন্মপ্রাপ্ত বোধ করিলেন। এবং মহোপকারক চিরঞ্জীবের ভাবদর্শনে প্রকৃত ঋষি বোধ না হওয়াতে বিনয়পূর্ব্বক কহিলেন মহাশয় আপনি আমার যে মহোপকার করিলেন তাহাতে আমি আপনকার নিকট চিরক্রীত রহিলাম। এক্ষণে এক অনুচিত প্রার্থনা দ্বারা ধৃষ্টতা প্রকাশে প্রবৃত্ত হইতেছি। অনুগ্রহপূর্ব্বক এতজ্জন্য অপরাধ মার্জ্জনা করিবেন। আমি ক্রিয়াদ্বারা আপনাকে বিশুদ্ধ তপস্বী দেখিতেছি। কিন্তু আপনকার আকার ইঙ্গিত দর্শনে কোন প্রকারেই প্রকৃত তপস্বী বোধ হয় না। এই বিষয়ে আমার গুরুতর সংশয় উপস্থিত হইয়াছে। আপনি প্রাণসংশয়সময়ে জলদান দ্বারা আমাকে জীবন দান করিয়াছেন। এক্ষণে কৃপাপ্রকাশপূর্ব্বক সংশয়াপনোদন দ্বারা চরিতার্থ করুন।

চিরঞ্জীব রাজার নির্ব্বন্ধলঙ্ঘনে অসমর্থ হইয়া আত্মপরিচয় প্রদান

পূর্ব্বক কহিল আমি লোকমুখে মিথিলাধিপতি রাজা গুণাধিপের আশ্রিতপ্রতিপালনকীর্ত্তি শ্রবণ করিয়া কর্ম্মপ্রার্থনায় তাঁহার নিকটে গিয়াছিলাম। কিন্তু আমার ভাগ্যদোষে রাজা বিষয়সম্ভোগে আসক্ত হইয়া সম্বৎসরমধ্যেও অন্তঃপুর হইতে বহির্গত হইলেন না। তৎপরে আমি নানা কারণে বিরক্ত হইয়া অরণ্যবাস আশ্রয় করিয়াছি। কিন্তু জাতিস্বভাবসিদ্ধ রজোগুণের অতিরেকপ্রযুক্ত আমার অন্তঃকরণ সাত্ত্বিক কার্য্যে অনুরক্ত হইতেছে না। এখনও রাজসপ্রকৃতিসুলভ বিষয়ানুরাগে বিচলিত হইতেছ। অতএব তোমার এই সংশয় নিতান্ত অমূলক নহে। তুমি উত্তম অনুভব করিয়াছ।

রাজা শুনিয়া অত্যন্ত লজ্জিত হইলেন । পর দিন প্রভাতে আত্ম-পরিচয় প্রদান পূর্ব্বক তাহাকে রাজধানীতে লইয়া গেলেন। এবং বিশেষ অনুগ্রহভাজন ও প্রিয়পাত্র করিয়া আপন নিকটে রাখিলেন। তদবধি রাজা তাহার প্রতি সর্ব্বদাই সদয় ছিলেন। সে ব্যক্তিও প্রাণান্তপর্য্যন্ত স্বীকার করিয়া তদীয় নিদেশ সম্পাদন করিত।

এক দিবস রাজা কোন অনুল্লঙ্ঘনীয় প্রয়োজনানুরোধে চিরঞ্জীবকে দেশান্তরে প্রেরণ করিয়াছিলেন। সে রাজকার্য্য সম্পাদন করিয়া পরিশেষে অর্ণবতীরে উপস্থিত হইয়া এক অপূর্ব্ব দেবালয় দর্শন করিল। এবং তন্মধ্যে প্রবেশপূর্ব্বক দেব দর্শন করিয়া নির্গত হইবামাত্র এক পরম সুন্দরী স্ত্রীকে সহসা উপস্থিত দেখিয়া তাহার লোকাতিগ সৌন্দর্য্যে মোহিত হইয়া একতান মনে অবলোকন করিতে লাগিল। সেই রমণী তাহার এইরূপ ভাব দেখিয়া জিজ্ঞাসা করিল হে পুরুষবর তুমি কি নিমিত্তে এ স্থানে আসিয়াছ। এবং কি নিমিত্তেই বা

চিত্রার্পিতের ন্যায় দণ্ডায়মান আছ। চিরঞ্জীব কহিল পর্য্যটনস্পৃহায় আসিয়াছিলাম। কিন্তু তোমার অলৌকিক রূপ লাবণ্য দর্শনে মোহিত ও অধৈর্য্য হইয়াছি। যদি কৃপাদৃষ্টি কর তবেই আমার প্রাণরক্ষা হয়। স্ত্রী কহিল অগ্রে তুমি এই সরোবরে স্নান কর। পশ্চাৎ যাহা কহিবে তাহাতেই সম্মত হইব।

চিরঞ্জীব শ্রবণমাত্র অতিমাত্র হৃষ্ট হইয়া সরোবরে অবগাহন পূর্ব্বক স্নান করিল। এবং জলমধ্য হইতে মস্তক উত্তোলন করিয়া দেখিল আপন আলয়ে উপস্থিত হইয়াছে। তখন নিতান্ত দুঃখিত ও বিস্মিত হইয়া আর্দ্রবস্ত্র পরিত্যাগ ও বস্ত্রান্তর পরিধান করিল। এবং অবিলম্বে নরপতিগোচরে উপস্থিত হইয়া পূর্ব্বাপর সমস্ত বৃত্তান্ত নিবেদিল। এই অদ্ভুত ব্যাপার কর্ণগোচর হইলে রাজা অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন। এবং কহিলেন আমাকে ত্বরায় সেই স্থানে লইয়া চল। অনন্তর উভয়ে সমুচিতযানারোহণ পূর্ব্বক সমুদ্রতীরে উপস্থিত হইয়া সেই দেবালয়ে প্রবেশ করিলেন। এবং যথোচিত ভক্তিযোগসহকারে পূজাপ্রণামাদি সমাধান করিয়া নির্গত হইলেন।

এই অবসরে সেই সর্ব্বাঙ্গসুন্দরী রমণী রাজার সম্মুখে আসিয়া দণ্ডায়মান হইল। এবং তদীয় সৌন্দর্য্য দর্শনে মোহিত হইয়া কহিল মহারাজ আমার প্রতি যাহা আজ্ঞা করিবেন তাহাতেই সম্মত হইব। রাজা কহিলেন যদি তুমি আমার বচনানুসারে কার্য্য করিতে চাহ। তবে আমার প্রিয়পাত্র চিরঞ্জীবের সহধর্ম্মিণী হও। সে কহিল আমি তোমার রূপ ও গুণে বশীভূত হইয়াছি ইহার স্ত্রী কি প্রকারে হইব। রাজা কহিলেন তুমি এই মাত্র অঙ্গীকার করিয়াছ আমার বচনানুসারে

কর্ম্ম করিবে। সজ্জনেরা প্রাণ পর্য্যন্তও পণ করিয়া প্রতিজ্ঞা প্রতিপালন করেন। অতএব তুমি আপন বাক্য রক্ষা কর চিরঞ্জীবের সহধর্ম্মিণী হও। অনন্তর সেই স্ত্রী অগত্যা সম্মতা হইলে রাজা গান্ধর্ব্ব বিধান দ্বারা উভয়কে পরস্পর সহচর করিয়া দিয়া আপন সমভিব্যাহারে নগরে আনয়ন করিলেন। এবং তাহাদের জীবিকানির্ব্বাহার্থে এক নিষ্কর ভূম্যধিকার নির্দ্ধারিত করিয়া দিলেন।

অনন্তর বেতাল জিজ্ঞাসিল মহারাজ রাজা ও চিরঞ্জীবের মধ্যে কোন ব্যক্তির অধিক উপকারিতা প্রকাশ হইল। রাজা কহিলেন চিরঞ্জীবের। তখন বেতাল কহিল যে রাজা এমন রূপবতী কামিনী পাইয়া অনায়াসে সেবককে দিলেন তাহার অধিক হইল না কেন। রাজা কহিলেন যে ব্যক্তি স্বভাবতঃ উপকারক হয় সে উপকার করিলে অধিক প্রশংসা কি। কিন্তু যে ব্যক্তি স্বার্থসাধনতৎপর অথচ যত্নবান হইয়া পরার্থ সম্পাদন করে তাহারি যথার্থ প্রশংসা। অতএব চিরঞ্জীব রাজা অপেক্ষা অধিক প্রশংসার পাত্র হইল।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

নবম উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ।

মগধপুরনামে এক নগর আছে। তথায় বীরবরনামে এক রাজা ছিলেন। হিরণ্যদত্ত নামে এক বণিক তাঁহার অধিকারে বাস করিত। তাহার মদনসেনা নামে এক পরম সুন্দরী কন্যা ছিল। ঐ কন্যা ঋতুরাজ বসন্ত সমাগত হইলে পর স্বীয় সহচরীবর্গকে সমভিব্যাহারে করিয়া উপবন ভ্রমণে গমন করিল। দৈবযোগে ধর্ম্মদত্ত বণিকের পুত্র সোমদত্তও বনবিহারবাসনায় সেই উপবনে উপস্থিত হইল। সে কিয়ৎ-ক্ষণ ইতস্ততঃ ভ্রমণ করিয়া দূর হইতে দর্শন করিল এক পরম সুন্দরী পূর্ণযৌবনা কামিনী সখীগণ সহিত ভ্রমণ করিতেছে। ক্রমে২ নিকট-বর্ত্তী হইয়া মদনসেনার অসামান্য রূপ লাবণ্য নয়নগোচর করিয়া মোহিত হইল। এবং কিয়ৎক্ষণ মধ্যে পঞ্চশরের শরপ্রহারে নিতান্ত অধৈর্য্য হইয়া তাহার নিকটে গিয়া কহিল যদি তুমি আমার প্রতি প্রণয়দৃষ্টি না কর প্রাণত্যাগ করিব। মদনানলে আমার দেহ দগ্ধ হইতেছে। আমি নিতান্ত বিচেতন হইয়াছি। অধিক কি কহিব যদি তুমি আমার প্রার্থনাসিদ্ধি বিষয়ে অনুকূল না হও তোমার সমক্ষে আত্মহত্যা করিব।

মদনসেনা শুনিয়া অত্যন্ত ব্যাকুল হইয়া সোমদত্তকে অশেষপ্রকার সদুপদেশ প্রদান করিল। কিন্তু কোন প্রকারেই তাহাকে প্রকৃতিস্থ করিতে পারিল না। বরং সে পূর্ব্বাপেক্ষা অধিক অধৈর্য্য ও ব্যাকুল হইয়া অঞ্জলি বদ্ধ করিয়া অশ্রুমুখে সম্মুখে দণ্ডায়মান রহিল। তখন মদনসেনা উদার স্বভাব প্রযুক্ত আপন সতীত্বরক্ষা অপেক্ষা পরের প্রাণ

রক্ষা করা প্রধান ধর্ম্ম বোধ করিয়া সোমদত্তের প্রার্থনায় সম্মতা হইয়া কহিল আগামি পঞ্চম দিবসে আমার বিবাহ হইবেক তৎপরে শ্বশুরালয়ে যাইব। আমি প্রতিজ্ঞা করিতেছি অগ্রে তোমার সহিত সাক্ষাৎ না করিয়া স্বামির আরাধনায় প্রবৃত্ত হইব না। তুমি এক্ষণে ক্ষান্ত হও গৃহে গমন কর। সোমদত্ত মদনসেনার বাক্যে আশ্বাসিত হইয়া বিশ্বসিত মনে গৃহে গমন করিল।

তৎপরে পঞ্চম দিবসে মদনসেনা পরিণীতা হইয়া শ্বশুরালয়ে গমন করিল। রজনী উপস্থিতা হইলে গৃহজনেরা তাহাকে শয়নাগারে প্রেরণ করিল। সে সর্ব্বাঙ্গ বস্ত্রাবৃত করিয়া মৌনাবলম্বন পূর্ব্বক শয্যার একপার্শ্বে উপবিষ্টা রহিল। তাহার স্বামী পরম সমাদরে করগ্রহণ পূর্ব্বক প্রিয় সম্ভাষণ করিতে লাগিল। কিন্তু মদনসেনা তৎকালোচিত নবোঢ়াচেষ্টিত সমুদায়ের বৈপরীত্যে বিনয় স্বরে সোমদত্তের বৃত্তান্ত বর্ণন করিয়া কহিল যদি তুমি আমাকে তাহার নিকটে যাইতে অনুমতি না দাও আমি আত্মহত্যা করিব। তাহার স্বামী প্রথমতঃ সামান্যাকারে নিষেধ করিল। পরিশেষে তাহার আগ্রহাতিশয় দেখিয়া কহিল যদি তুমি নিতান্তই তাহার নিকটে যাইতে চাহ যাও আমি নিষেধ করি না। প্রতিজ্ঞাপরিপূরণ অবশ্যকর্ত্তব্য।

মদনসেনা এইরূপে স্বামির সম্মতি লাভ করিয়া অর্দ্ধরাত্র সময়ে একাকিনী সোমদত্তের উদ্দেশে চলিল। রাজপথে উপস্থিত হইলে এক তস্কর তাহার সম্মুখে আসিয়া জিজ্ঞাসিল সুন্দরি তুমি কে। এবং সর্ব্বাঙ্গে সর্ব্বপ্রকার অলঙ্কার ধারণ করিয়া এ ঘোর রজনীতে কোথায় যাইতেছ। তোমাকে একাকিনী দেখিতেছি অথচ তোমার অন্তঃকরণে ভয়সঞ্চার বোধ হইতেছে না। মদনসেনা কহিল আমি

হিরণ্যদত্ত শেঠের কন্যা। আমার নাম মদনসেনা আপন প্রিয়তমের নিকটে যাইতেছি। আর ভগবান কামদেব শরাসনে শরসন্ধান করিয়া আমার সহায়তা করিতেছেন তাহাতেই নির্ভয়ে যাইতেছি।

চোর শুনিয়া কিঞ্চিৎ হাস্য করিয়া তাহার গাত্র হইতে অলঙ্কার গ্রহণের উদ্যম করিলে পর মদনসেনা ভীত হইয়া কৃতাঞ্জলিপুটে বিনয় বাক্যে পূর্ব্বাপর বৃত্তান্ত বর্ণন করিয়া কহিল ভ্রাতঃ আমি অনেক যত্নে স্বামিকে সম্মত করিয়া তাঁহার অনুমতি লইয়া এই প্রতিজ্ঞা ভার হইতে মুক্ত হইবার উপায় করিয়াছি। তুমি আমার বেশভঙ্গ করিয়া প্রতিবন্ধকতাচরণ করিও না। এই স্থানে অবস্থিতি কর। আমি প্রতিজ্ঞা করিতেছি প্রত্যাগমন সময়ে সমস্ত অলঙ্কার তোমার হস্তে সমর্পণ করিয়া যাইব। চোর মদনসেনার বাক্যে বিশ্বাস করিয়া তাহাকে ছাড়িয়া দিল। এবং সেই স্থানে উপবিষ্ট হইয়া অলঙ্কার প্রত্যাশায় তদীয় প্রত্যাগমন প্রতীক্ষা করিতে লাগিল।

মদনসেনা সোমদত্তের শয়নাগারে প্রবেশ করিয়া তাহাকে সুপ্ত দেখিয়া জাগরিত করিল। সোমদত্ত মদনসেনার অসম্ভাবিত সমাগমে বিস্ময়াপন্ন হইয়া জিজ্ঞাসা করিল তুমি এই ঘোর রজনীতে একাকিনী কি প্রকারে কোথা হইতে উপস্থিত হইলে। মদনসেনা কহিল বিবাহের পর শ্বশুরালয়ে গিয়াছিলাম। তথা হইতে আসিতেছি। কএক দিবস পূর্ব্বে উপবনবিহার কালে তোমার নিকট যেরূপ প্রতিজ্ঞায় বদ্ধ হইয়াছিলাম তদনুসারে উপস্থিত হইয়াছি। এক্ষণে তোমার যেরূপ ইচ্ছা হয় কর। সোমদত্ত জিজ্ঞাসিল তোমার পতির অগ্রে এই বৃত্তান্ত ব্যক্ত করিয়াছ কি না। সে উত্তর দিল তাঁহার নিকটে সমস্ত অবিকল বর্ণন করিলাম। তিনি শুনিয়া ও

বিবেচনা করিয়া কিঞ্চিৎকাল পরে অনুমতি করিলেন। তদনন্তর তোমার নিকটে আসিয়াছি।

সোমদত্ত কিয়ৎক্ষণ বিবেচনা করিয়া কহিল আমি পরকীয় মহিলার সহিত আলাপ করিব না। শাস্ত্রে তদ্বিষয়ে অনেক অধর্ম্মনির্দ্দেশ আছে। যাহা হউক তোমার বাক্যনিষ্ঠা ও তোমার পতির ভদ্রতায় অতিশয় প্রীতিপ্রাপ্ত হইলাম। অকপট হৃদয়ে কহিতেছি তুমি অবসিতপ্রতিজ্ঞাভার হইলে। এক্ষণে যাও নির্বিঘ্নে পতি শুশ্রূষায় প্রবৃত্ত হও।

তদনন্তর মদনসেনা প্রত্যাবর্ত্তন কালে মলিম্লুচের নিকটে উপস্থিত হইল। সে তাহাকে ত্বরায় প্রত্যাগত দেখিয়া কারণ জিজ্ঞাসিলে মদনসেনা সবিশেষ সমস্ত বর্ণন করিল। চোর শুনিয়া প্রীতিপ্রফুল্ল-নয়নে অশেষ প্রকার প্রশংসা করিয়া কহিল আমার অলঙ্কারের প্রয়োজন নাই। তুমি অতি সুশীলা ও সত্যপরায়ণা। ধর্ম্মে২ তোমার যে সতীত্ব রক্ষা হইল তাহাই আমার পরম লাভ। তুমি নির্ব্বিঘ্নে আপন আলয়ে গমন কর। অনন্তর মদনসেনা স্বামিসন্নিধানে উপস্থিত হইলে সে আর তাহার প্রতি পূর্ব্ববৎ প্রণয়সম্ভাষণ না করিয়া অপ্রসন্ন মনে শয়ান রহিল।

ইহা কহিয়া বেতাল বিক্রমাদিত্যকে জিজ্ঞাসিল মহারাজ এই চারি জনের মধ্যে কাহার সততা অধিক। রাজা উত্তর দিলেন চোরের। বেতাল কহিল কি প্রকারে। রাজা কহিলেন মদনসেনার স্বামী তাহাকে অন্যসংক্রান্তহৃদয়া দেখিয়া পরিত্যাগ করিয়াছিল। প্রশস্ত মনে সোমদত্তের নিকটগমনে অনুমতি করে নাই। তাহা হইলে ইহার মন এক্ষণে অপ্রসন্ন হইত না। আর সোমদত্ত উপবনে

তাদৃশী কামান্ধতা প্রকাশ করিয়া এক্ষণে কেবল রাজদণ্ডভয়ে মদনসেনার সম্ভোগে পরাঙ্মুখ হইল। আন্তরিক ধর্ম্মভীরুতা প্রযুক্ত নহে। আর মদনসেনা সোমদত্তের নিকট প্রতিজ্ঞা করিয়াছিল। এবং প্রতিজ্ঞা প্রতিপালন করা উচিত কর্ম্ম বটে। কিন্তু স্ত্রীলোকের পক্ষে সতীত্ব প্রতিপালন করাই সর্ব্বাপেক্ষা প্রধান ধর্ম্ম। সুতরাং প্রতিজ্ঞাভঙ্গভয়ে সতীত্বভঙ্গে প্রবৃত্ত হওয়া অসতীর কর্ম্ম বলিতে হইবেক। অতএব তাহার এই সত্যনিষ্ঠা সাধুবাদযোগ্য নহে। কিন্তু চোর স্বভাবতঃ অর্থগৃধ্নু সে মহামূল্য অলঙ্কার সমস্ত আপন হস্তে পাইয়া মদনসেনার কেবল সতীত্ব রক্ষা শ্রবণে সন্তুষ্ট হইয়া যে লোভসম্বরণপূর্ব্বক তাহাকে অক্ষত বেশে গমন করিতে দিল ইহা কেবল অকৃত্রিম সততার কর্ম্ম।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

দশম উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ শ্রবণ কর।

গৌড়দেশে বর্দ্ধমান নামে এক প্রসিদ্ধ নগর আছে। তথায় গুণশেখর নামে অশেষগুণসম্পন্ন নরপতি ছিলেন। তাঁহার প্রধান অমাত্য অভয়চন্দ্র বৌদ্ধধর্ম্মাবলম্বী ছিল। নরপতিও তদীয় উপদেশের বশীভূত হইয়া ক্রমে২ তদ্ধর্ম্মাক্রান্ত হইলেন। এবং শিবপূজা বিষ্ণুপূজা গোদান ভূমিদান পিতৃকৃত্য প্রভৃতি বৈদিকক্রিয়া স্বয়ং সমস্ত পরিত্যাগ করিয়া মন্ত্রিবর অভয়চন্দ্রের প্রতি আদেশ করিলেন আমার রাজ্যমধ্যে এই সমস্ত গর্হিত ব্যাপার প্রচলিত না থাকে।

সর্ব্বাধিকারী রাজাজ্ঞা প্রাপ্তিমাত্র রাজ্যমধ্যে এই সমস্ত বৃত্তান্ত সম্বলিত ডিণ্ডিমপ্রচার করিয়া দিল যদি অদ্যাবধি কোন ব্যক্তি এই সকল রাজনিষিদ্ধ কর্ম্মের অনুষ্ঠান করে। তবে রাজা তাহার সর্ব্বস্বাপহরণ ও নির্ব্বাসন রূপ দণ্ড বিধান করিবেন। প্রজারা কুলক্রমাগত বেদোক্ত ধর্ম্ম পরিত্যাগে অনিচ্ছু ও রাজার প্রতি মনে২ অসন্তুষ্ট হইয়াও দণ্ডভয়ে প্রকাশ্যরূপে এতদনুষ্ঠানে বিরত হইল।

পরে এক দিবস অভয়চন্দ্র রাজার নিকট নিবেদন করিল মহারাজ সংক্ষেপে ধর্ম্মশাস্ত্রের মর্ম্ম প্রকাশ করিতেছি শ্রবণ করুন। যদি কোন ব্যক্তি কাহারো প্রাণ হিংসা করে তবে সে ব্যক্তিও জন্মান্তরে তাহার প্রাণহন্তা হয়। এবং এই উৎকট পাপের প্রবলতা প্রযুক্তই মানবজাতি সংসারে আসিয়া জন্মমৃত্যুপরম্পরারূপ দুর্ভেদ্য শৃঙ্খলাতে বদ্ধ থাকে। অতএব শাস্ত্রকারেরা নিরূপণ করিয়াছেন অহিংসাই মনুষ্যের প্রধান ধর্ম্ম ও উচিত কর্ম্ম। মহারাজ দেখুন হরি হর বিরিঞ্চি

প্রভৃতি প্রধান দেবতারাও কেবল কর্ম্মদোষে সংসারে আসিয়া বারম্বার অবতার হইতেছেন। অতএব অতিপ্রবল জন্তু হস্তি অবধি অতিক্ষুদ্র কীট পর্য্যন্ত প্রত্যেক জীবের প্রাণ রক্ষা করা প্রধান ও পবিত্র ধর্ম্ম।

আর বিবেচনা করিয়া দেখুন মনুষ্যেরা যে পরমাংস দ্বারা আপন মাংসবৃদ্ধি করে ইহা অপেক্ষা গুরুতর অধর্ম্ম আর কি আছে। এবম্বিধ ব্যক্তি দেহান্তে নরকগামী হইয়া অশেষ প্রকার যন্ত্রণা ভোগ করে। বিশেষতঃ যে ব্যক্তি স্বদৃষ্টান্ত অনুসারে অন্যের দুঃখ-বিবেচনা না করিয়া প্রাণহিংসা পূর্ব্বক মাংসভক্ষণাদি দ্বারা আত্মসুখ সম্পন্ন করে। তাহারদিগের আয়ুঃ বিদ্যা বল বিত্ত যশঃ প্রভৃতি হ্রাস প্রাপ্ত হয়। এবং তাহারা কাণ খঞ্জ কুব্জ বধির মূক অন্ধ পঙ্গু আদি অঙ্গহীন হইয়া পুনঃ২ জন্মগ্রহণ করে। আর ধর্ম্মশাস্ত্রানুসারে সুরাপান অপেক্ষা গুরুতর পাপ আর নাই। অতএব জীবহিংসা ও সুরাপান সর্ব্বপ্রযত্নে পরিত্যাগ করা উচিত।

ইত্যাদি অশেষ প্রকার উপদেশ দ্বারা অভয়চন্দ্র বৌদ্ধধর্ম্মে রাজার এইরূপ অনুরাগ ও শ্রদ্ধা জন্মাইল যে যে ব্যক্তি তাঁহার সমক্ষে এই ধর্ম্মের প্রশংসা করিত সে অশেষপ্রকারে রাজপ্রসাদভাজন হইত। ফলতঃ রাজা সবিশেষ অনুরাগ ও ভক্তিযোগ সহকারে স্বাবলম্বিত নব ধর্ম্মের রাজ্যমধ্যে বহুলপ্রচার করিলেন।

কালক্রমে রাজার লোকান্তরপ্রাপ্তি হইলে তাঁহার পুত্র ধর্ম্মধ্বজ পৈতৃক সিংহাসনে আরোহণ করিলেন। এবং সনাতন বেদশাস্ত্রের অনুসারী হইয়া বৌদ্ধদিগের যথোচিত তিরস্কার ও নানাপ্রকার দণ্ড করিতে লাগিলেন। পিতৃপ্রিয়পাত্র প্রধান মন্ত্রিকে শিরোমুণ্ডনপূর্ব্বক

গর্দ্দভে আরোহণ ও নগর প্রদক্ষিণ করাইয়া দেশবহিষ্কৃত করিলেন। এবং বৌদ্ধধর্ম্মের সমূল উন্মূলন করিয়া বেদোদিত নিত্য ধর্ম্মের পুনঃস্থাপনে অশেষপ্রকার যত্ন ও প্রয়াস করিতে লাগিলেন।

কিয়দ্দিন পরে রাজা ধর্ম্মধ্বজ ঋতুরাজ বসন্তের সমাগমে মহিষীগণ সমভিব্যাহারে উপবনবিহারে গমন করিলেন। সেই উপবনে অতিসুশোভন এক সরোবর ছিল। রাজা তাহাতে কমলসকল প্রফুল্ল দেখিয়া স্বয়ং জলাবতরণ পূর্ব্বক কতিপয় পুষ্প লইয়া তীরে আসিয়া এক মহিষীর হস্তে প্রদান করিলেন। দৈবযোগে এক পদ্ম হস্ত হইতে ভ্রষ্ট হইয়া সেই রাজ্ঞীর পদোপরি পতিত হওয়াতে তৎ-প্রহার দ্বারা তাহার সেই পদ ভগ্ন হইল। তখন রাজা হা হতোঽস্মি বলিয়া অত্যন্ত ব্যাকুল হইয়া প্রতীকার চেষ্টা করিতে লাগিলেন।

সায়ং কাল উপস্থিত হইল। এবং সুধাকরের উদয় হইবামাত্র তদীয় অমৃতময় সুশীতল কর স্পর্শে দ্বিতীয়া মহিষীর গাত্র স্থানে২ দগ্ধ হইয়া গেল। আর তৎকালে অকস্মাৎ এক গৃহস্থের ভবনে উদূখলের শব্দ হওয়াতে তৎ শ্রবণে তৃতীয় মহিষীর শিরোবেদনা ও তদুপলক্ষে মূর্চ্ছা হইল।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসিল মহারাজ ইহারদিগের মধ্যে কোন কুমারী অধিক সুকুমারী। রাজা কহিলেন সুধাংশু কিরণ স্পর্শে যাহার গাত্র দগ্ধ হইল আমার মতে সেই সর্ব্বাপেক্ষা সুকুমারী।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি

একাদশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

পুণ্যপুর নগরে বল্লভ নামে এক প্রজাবল্লভ নরপতি ছিলেন। সত্যপ্রকাশ নামে তাঁহার এক সত্যপরায়ণ মন্ত্রী ছিলেন। এক দিবস রাজা সত্যপ্রকাশের নিকট কহিলেন দেখ যে ব্যক্তি রাজ্যেশ্বর হইয়া অভিলাষানুরূপ বিষয়সম্ভোগ না করে। তাহার রাজ্য কেবল ক্লেশ প্রপঞ্চ মাত্র। অতএব অদ্যাবধি আমি ইচ্ছানুরূপ সম্ভোগে প্রবৃত্ত হইলাম। তুমি স্বয়ং সমস্ত রাজ্যকার্য্যের ভার লইয়া আমাকে অবসর দাও। ইহা কহিয়া অমাত্যহস্তে সমস্ত সাম্রাজ্যের ভার সমর্পণ করিয়া সম্ভোগসুখে কাল যাপন করিতে লাগিলেন।

সত্যপ্রকাশ অগত্যা রাজপ্রস্তাবে সম্মত হইলেন। কিন্তু স্বতন্ত্র রাজ্যতন্ত্রনির্ব্বাহ ও অহর্নিশ দুরবগাহ নীতিশাস্ত্র পর্য্যালোচনাদ্বারা একান্ত ক্লান্ত হইতে লাগিলেন।

এক দিবস আপন ভবনে উৎকণ্ঠিত মনে নির্জনে বসিয়া আছেন। এই অবসরে তাঁহার গৃহলক্ষ্মী লক্ষ্মীনাম্নী পত্নী তথায় উপস্থিতা হইয়া স্বামিকে বিষণ্ণ দেখিয়া জিজ্ঞাসা করিল এখন তোমাকে কি নিমিত্তে সর্ব্বদা উৎকণ্ঠিত দেখি। এবং কি নিমিত্তেই বা তুমি দিনে২ দুর্ব্বল হইতেছ। তিনি কহিলেন রাজা আমার প্রতি সমুদায় ভার দিয়া নিশ্চিন্ত হইয়া সম্ভোগসুখে কালযাপন করিতেছেন। আমি তাঁহার আদেশানুসারে ইদানীং সমস্ত রাজকার্য্য নির্ব্বাহ করিতেছি। কেবল রাজ্যের নানাবিষয়িণী চিন্তা দ্বারা এরূপ দুর্ব্বল হইতেছি। তখন তাঁহার পত্নী কহিল তুমি অনেক দিন রাজ্য কার্য্য করিলে।

এক্ষণে রাজার নিকট কিয়দ্দিবসের অবকাশ লইয়া নিশ্চিত হইয়া তীর্থ ভ্রমণ কর।

সত্যপ্রকাশ সহধর্ম্মিণীর উপদেশানুসারে রাজসমীপে আবেদন করিয়া বিদায় লইয়া তীর্থ ভ্রমণে নির্গত হইলেন। ক্রমে২ সমস্ত তীর্থ দর্শন করিয়া পরিশেষে সেতুবন্ধ রামেশ্বরে উপস্থিত হইলেন। তথায় সূর্য্যবংশাবতংস শ্রীরামচন্দ্র প্রতিষ্ঠিত দেবাদিদেব মহাদেবের মন্দিরে প্রবেশ পূর্ব্বক দর্শন বন্দনাদি করিয়া নির্গত হইয়া সমুদ্রে দৃষ্টিপাত করিবা মাত্র প্রবাহ মধ্য হইতে এক স্বর্ণময় অদ্ভুত মহীরুহ নির্গত হইল। দেখিলেন তদুপরি এক পরম সুন্দরী নায়িকা হস্তে বীণা লইয়া মধুর কোমল তানলয়বিশুদ্ধ স্বর সংযোগে সঙ্গীত করিতেছে। সত্যপ্রকাশ তদ্দর্শনে বিস্ময়রসে নিমগ্ন ও অনন্যদৃষ্টি হইয়া নিরীক্ষণ করিতে লাগিলেন। কিয়ৎক্ষণ পরে ঐ অদ্ভুত তরু প্রবাহমধ্যে মগ্ন হইয়া গেল। এই রূপ অঘটন ঘটনা সন্দর্শনে চমৎকৃত হইয়া সত্যপ্রকাশ ত্বরায় স্বদেশে প্রত্যাগমন পূর্ব্বক রাজসমীপে কৃতাঞ্জলি হইয়া আবেদন করিলেন মহারাজ আমি এক আশ্চর্য্য পদার্থ দর্শন করিয়াছি। কিন্তু বর্ণনা করিলে তাহাতে কোন প্রকারেই অন্যের বিশ্বাস জন্মাইতে পারিব না। প্রাচীন পণ্ডিতেরা কহিয়াছেন যে বিষয় কাহারো বুদ্ধিগম্য ও বিশ্বাসযোগ্য না হয় তাহা কদাপি বর্ণন করিবেক না। করিলে উপহাসাস্পদ হয়। কিন্তু মহারাজ আমি স্বচক্ষে প্রত্যক্ষ করিয়াছি। অতএব নিবেদন করিতেছি যে স্থানে ত্রেতাবতার ভগবান রামচন্দ্র দশাননবংশধ্বংস বিধানোদ্যোগে মহাকায় মহাবল কপিবল সাহায্যে শতযোজনবিস্তৃত সমুদ্রোপরি লোকাতীত কীর্ত্তিহেতু সেতু সংঘটন করিয়াছিলেন। তথায় উপস্থিত হইয়া

দেখিলাম উত্তালতরঙ্গমালাসঙ্কুল উৎফুল্লফেননিচয়চুম্বিত ভয়ঙ্কর তিমি মকর নক্রচক্রভীষণ স্রোতস্বতীপতিপ্রবাহ মধ্য হইতে অকস্মাৎ এক স্বর্ণময় বৃক্ষ নির্গত হইল। তদুপরি এক পরমসুন্দরী কন্যা বীণাবাদন পূর্ব্বক মধুর স্বরে গান করিতে লাগিল। কিয়ৎক্ষণ পরে সেই বৃক্ষ কন্যাসহিত জলে মগ্ন হইয়া গেল। এই অলৌকিক ব্যাপারদর্শনে বিস্মিত হইয়া তীর্থপর্য্যটন পরিত্যাগ পূর্ব্বক আমি আপনকার নিকট সংবাদ দিতে আসিয়াছি।

রাজা শ্রবণমাত্র কৌতুকাবিষ্ট হইয়া পুনর্ব্বার সত্যপ্রকাশের হস্তে রাজ্যভার প্রদান পূর্ব্বক সেতুবন্ধরামেশ্বরে উপস্থিত হইলেন। পরিশেষে নিরূপিত সময়ে মহাদেবের পূজা করিয়া মন্দির হইতে নির্গত হইয়া সত্যপ্রকাশের বর্ণনানুরূপ ভূরুহ নিরীক্ষণ করিলেন। এবং সেই সকললোকললামভূতা সর্ব্বাঙ্গসুন্দরীর সৌন্দর্য্য সন্দর্শনে বিমূঢ় ও পূর্ব্বাপরপর্য্যালোচনাপরিশূন্য হইয়া ক্ষণবিলম্ব ব্যতিরেকে লম্ফপ্রদান পূর্ব্বক ঐ বৃক্ষের উপরি আরোহণ করিলেন। বৃক্ষও রাজাকে লইয়া তৎক্ষণাৎ পাতালপুর প্রবিষ্ট হইল।

অনন্তর সেই কন্যা রাজার দিকে দৃষ্টিপাত করিয়া কহিল হে বীর পুরুষ তুমি কি অভিপ্রায়ে এ স্থানে আগমন করিলে। রাজা কহিলেন তোমার সৌন্দর্য্য ও সৌকুমার্য্য দর্শনে মুগ্ধ হইয়া আসিয়াছি। কন্যা কহিলেন আমিও তোমার সাহসে সন্তুষ্ট হইয়াছি। যদি তুমি কেবল কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীতে আমার সহিত সর্ব্বপ্রকার সম্বন্ধ পরিত্যাগে সম্মত হও। তাহা হইলে আমি তোমাকে বিবাহ করি। রাজা তৎক্ষণাৎ সম্মত ও আনন্দপ্রবাহে মগ্ন হইলেন। তৎপরে সে রাজাকে এই নিয়মরক্ষার্থে পুনর্ব্বার প্রতিজ্ঞারূঢ় করিয়া গান্ধর্ব্ব বিধান দ্বারা

আপন প্রতিজ্ঞা সম্পন্ন করিল। রাজা পরম কৌতুকে বাক্‌পথাতীত সম্ভোগসুখে সেই কামিনীর সহিত কালযাপন করিতে লাগিলেন।

কিয়দ্দিবস পরে কৃষ্ণচতুর্দ্দশী উপস্থিত হইল। কন্যা সে দিবস রাজাকে নিকটে থাকিতে নিষেধ করিলে পর তিনি পূর্ব্বকৃত প্রতিজ্ঞানুসারে তৎক্ষণাৎ তথা হইতে অপসৃত হইলেন। কিন্তু কি নিমিত্তে আমাকে সন্নিধানে থাকিতে নিষেধ করিল তথ্যানুসন্ধান না করিলে কোন কালেই এ সংশয় নিবৃত্ত হইবেক না। অতএব অন্তরালে থাকিয়া অবলোকন করি কি কারণে পূর্ব্বে বচনবদ্ধ করিয়াছিল এবং এক্ষণেই বা এতাদৃশ আগ্রহপ্রকাশ পূর্ব্বক নিষেধ করিল।

রাজা এইরূপ কৌতূহলাক্রান্ত হইয়া ব্যবহিত থাকিয়া নিরীক্ষণ করিতে লাগিলেন। অর্দ্ধরাত্রসময়ে সহসা এক রাক্ষস আসিয়া কন্যাকে বলপূর্ব্বক আলিঙ্গন করিল। রাজা তাদৃশ বীভৎস দর্শনে অসহিষ্ণু হইয়া করতলে করাল করবাল ধারণ পূর্ব্বক তৎক্ষণাৎ তথায় উপস্থিত হইলেন। এবং অশেষপ্রকার তিরস্কার করিয়া কহিলেন অরে দুরাচার রাক্ষস আমার সমক্ষে তুই প্রিয়তমার অঙ্গে হস্তার্পণ করিস না। যাবৎ তোরে না দেখিয়াছিলাম তাবৎ অন্তঃকরণে ভয় ছিল। এক্ষণে দেখিয়া নির্ভয় হইয়াছি এবং তোর প্রাণদণ্ড করিতে আসিয়াছি।

এই বলিয়া খড়্গপ্রহার দ্বারা তাহার শিরশ্ছেদ করিলেন। তখন কন্যা অকৃত্রিম সন্তোষ প্রকাশ পূর্ব্বক কহিল তুমি দুর্দ্দান্ত রাক্ষসের হস্ত হইতে মুক্ত করিয়া আমার জীবনদান করিলে। আমি এত দিন কি পর্য্যন্ত যন্ত্রণা ভোগ করিয়াছি বর্ণনা করিতে পারি না। রাজা

জিজ্ঞাসিলেন সুন্দরি কি কারণে তুমি এতাবৎ কাল পর্য্যন্ত এই দারুণ দৈবদুর্ব্বিপাকগ্রস্ত ছিলে।

সে কহিল মহারাজ শ্রবণ কর আমি বিদ্যাধর নামক গন্ধর্ব্ব রাজের কন্যা। নাম রত্নমঞ্জরী। ভোজন কালে আমি নিকটে উপবিষ্ট না থাকিলে পিতার তৃপ্তি হইত না। এ জন্য নিত্যই ভোজন সময়ে তাঁহার সন্নিহিত থাকিতাম। এক দিন বাল্যখেলায় আসক্ত হইয়া ভোজনবেলায় গৃহে উপস্থিত ছিলাম না। পিতা আমার অপেক্ষায় বুভুক্ষায় কাতর হইয়া ক্রোধভরে এই শাপ দিলেন যে অদ্যাবধি তুমি রসাতলবাসিনী হইবে। এবং কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীতে এক রাক্ষস আসিয়া অশেষপ্রকার যন্ত্রণা দিবে।

আমি শুনিয়া অত্যন্ত কাতর হইলাম। এবং পিতার চরণে ধরিয়া বহুবিধ স্তুতি করিয়া নিবেদন করিলাম পিতঃ আমার দুরদৃষ্টক্রমে এই সামান্য অপরাধে গুরুদণ্ড বিধান করিলেন। এক্ষণে কৃপা করিয়া শাপমোচনের কোন উপায় করিয়া দেউন। নতুবা কত কাল এ যন্ত্রণা ভোগ করিব।

ইহা কহিয়া রোদন করিতে লাগিলাম। তখন তিনি পূর্ব্বার্জ্জিত স্নেহরসের সহায়তা দ্বারা আমার বিনয়ের বশীভূত হইয়া কহিলেন এক মহাবল পরাক্রান্ত বীর পুরুষ আসিয়া সেই রাক্ষসের প্রাণদণ্ড করিলে তোমার শাপমোক্ষ হইবেক। সেই শাপানুসারে এই পাপাবিষ্ট ছিলাম। বহু দিনের পর তুমি আমাকে মুক্ত করিলে। এক্ষণে অনুমতি কর পিতৃদর্শনে যাইব।

রাজা কহিলেন যদি তুমি উপকার স্বীকার কর তবে প্রথমে একবার আমার রাজধানীতে চল। পরে পিতৃদর্শনে যাইবে।

রত্নমঞ্জরী মহোপকারকের নিকট অবশ্যকর্ত্তব্য কৃতজ্ঞতা স্বীকারের অন্যথাভাবে অধর্ম্ম জানিয়া রাজার প্রার্থনায় সম্মত হইলে তিনি তাহাকে সমভিব্যাহারে লইয়া রাজধানীতে উপস্থিত হইলেন। এবং কিয়ৎকাল সেই কামিনীর সহিত বিষয়বাসনায় কালযাপন করিয়া পরিশেষে অনিচ্ছাপূর্ব্বক তাহাকে পিতৃদর্শনে যাইতে অনুমতি করিলেন।

তখন রত্নমঞ্জরী কহিল মহারাজ বহুকাল মনুষ্যসংসর্গ দ্বারা আমার গন্ধর্ব্বত্ব গিয়াছে। এখন মনুষ্যভাবাপন্ন হইয়াছি। পিতা আমার গন্ধর্ব্বপতি। এক্ষণে তাঁহার নিকটে গিয়া সমুচিত আদর পাইব না। অতএব আর আমার তথায় যাইতে অভিলাষ নাই। তোমার নিকটেই যাবজ্জীবন অবস্থিতি করিব। রাজা শুনিয়া অতিশয় হর্ষপ্রাপ্ত হইলেন। এবং রাজকার্য্য বিস্মরণ পূর্ব্বক দিন যামিনী সেই কামিনীর সহিত বিষয়বাসনায় কালযাপন করিতে লাগিলেন। এই সমস্ত ব্যাপার দর্শন করিয়া প্রধান অমাত্য সত্যপ্রকাশের হৃদয় বিদীর্ণ ও প্রাণত্যাগ হইল।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসিল মহারাজ কি কারণে অমাত্য প্রাণত্যাগ করিলেন বল। বিক্রমাদিত্য কহিলেন মন্ত্রী বিবেচনা করিলেন রাজা বিষয়রসে মত্ত হইয়া রাজ্যচিন্তা পরিত্যাগ করিলেন। প্রজা অনাথ হইল। এক্ষণে আর কোন ব্যক্তিই আমার প্রতি সমুচিত শ্রদ্ধা করিবেক না। অহোরাত্র এই বিষম চিন্তাবিষ শরীরপ্রবিষ্ট হওয়াতে সত্যপ্রকাশের প্রাণবিয়োগ হইল।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

দ্বাদশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

চূড়াপুরে দেবস্বামী নামে এক ব্রাহ্মণ থাকিতেন। তিনি রূপে রতিপতি বিদ্যায় বৃহস্পতি ও ঐশ্বর্য্যে ধনাধিপতি ছিলেন। কিয়দ্দিন পরে লাবণ্যবতী নামে এক গুণবতী ব্রাহ্মণকন্যাকে বিবাহ করিয়া আনিলেন। ঐ কন্যা রূপ লাবণ্যে ভুবন বিখ্যাত ছিল। উভয়ে প্রণয়ে মগ্ন হইয়া কালযাপন করিতে লাগিলেন।

এক দিবস বিপ্রদম্পতী গ্রীষ্মের প্রাদুর্ভাব প্রযুক্ত অট্টালিকার উপরি অলিন্দে শয়িত ও নিদ্রিত হইয়া ছিলেন। তৎকালে এক গন্ধর্ব্ব বিমানারোহণে আকাশপথে ভ্রমণ করিতেছিল। দৈবযোগে বিপ্রকামিনীর প্রতি দৃষ্টিপাত হওয়াতে সে তাহার রূপে মোহিত হইল। এবং বিমান কিঞ্চিৎ অবতীর্ণ করিয়া নিদ্রান্বিতা লাবণ্যবতীকে লইয়া পলায়ন করিল।

কিয়ৎ ক্ষণ বিলম্বে নিদ্রাভঙ্গ হইলে পর দেবস্বামী স্বীয় প্রেয়সীকে পার্শ্ববর্ত্তিনী না দেখিয়া অত্যন্ত ব্যাকুল হইয়া ইতস্ততঃ অনেক অনুসন্ধান করিতে লাগিলেন। কিন্তু কিছুই স্থির করিতে না পারিয়া বিষণ্ন মনে নিশাযাপন করিলেন। পরদিন প্রভাত হইবামাত্র অতিমাত্র চিন্তাকুল হইয়া সর্ব্ব কর্ম্ম পরিত্যাগপূর্ব্বক গ্রামে২ নগরে২ অন্বেষণ করিতে লাগিলেন। ফলতঃ সর্ব্বস্থানেই হতাশ্বাস হইয়া পরিশেষে

উন্মত্তপ্রায় হইয়া গৃহস্থাশ্রম পরিত্যাগ পূর্ব্বক সন্ন্যাসির বেশে দেশে২ ভ্রমণ করিতে আরম্ভ করিলেন।

এক দিবস দেবস্বামী দিবা দ্বিপ্রহরের সময় অতিশয় ক্ষুধার্ত্ত হইয়া এক ব্রাহ্মণের আলয়ে অতিথি হইলেন। এবং কহিলেন আমি ক্ষুধায় অত্যন্ত কাতর হইয়াছি। কিছু ভোজনীয় দ্রব্য দিয়া আমার প্রাণ রক্ষা কর। গৃহস্থ ব্রাহ্মণ তৎক্ষণাৎ এক পাত্র দুগ্ধে পরিপূর্ণ করিয়া অতিথি ব্রাহ্মণের হস্তে ভক্ষণার্থে সমর্পণ করিলেন। ব্রাহ্মণের গ্রহবৈগুণ্য প্রযুক্ত পূর্ব্বে এক কৃষ্ণসর্প ঐ দুগ্ধে মুখার্পণ করাতে তাহা অত্যন্ত বিষাক্ত হইয়াছিল। সুতরাং পান করিবা মাত্র সেই বিষ সর্ব্বাঙ্গব্যাপি হইয়া তাহাকে ক্রমে২ কাতর ও অচেতন করিতে লাগিল। তখন তিনি গৃহস্থ ব্রাহ্মণকে তুমি বিষভক্ষণ করাইয়া ব্রহ্মহত্যা করিলে ইহা কহিয়া ভূতলে পতিত হইবামাত্র পঞ্চত্ব প্রাপ্ত হইলেন। ব্রাহ্মণ অকস্মাৎ ব্রহ্মহত্যা দেখিয়া অত্যন্ত বিষণ্ণ হইলেন। এবং বাটীর মধ্যে প্রবেশিয়া আপন পত্নীকে তুই দুগ্ধে বিষ মিশ্রিত করিয়া রাখিয়াছিলি। তাহাতেই ব্রহ্মহত্যা হইল। তুই অতিদুর্বৃত্তা আর তোর মুখাবলোকন করিব না। ইত্যাদি নানাপ্রকার তিরস্কার ও বহু প্রহার করিয়া গৃহহইতে বহিষ্কৃত করিয়া দিলেন।

ইহা কহিয়া বেতাল বিক্রমাদিত্যকে জিজ্ঞাসা করিল মহারাজ এই স্থলে কোন ব্যক্তি দোষভাগী হইবেক। রাজা কহিলেন সর্পের মুখে স্বাভাবিক বিষ থাকে সুতরাং সে দোষী হইতে পারে না। আর গৃহস্থ ব্রাহ্মন ও তাঁহার ব্রাহ্মণী সেই দুগ্ধকে বিষাক্ত বলিয়া জানিতেন না। সুতরাং তাঁহারাও ব্রহ্মহত্যা পাপে লিপ্ত হইবেন না। আর অতিথি ব্রাহ্মণ সবিশেষ না জানিয়া পান করিয়াছেন। অতএব তিনিও

আত্মঘাতী নহেন। কিন্তু ব্রাহ্মণ যে সবিশেষ অনুসন্ধান না করিয়া অকারণে নিরপরাধা সহধর্ম্মিণীকে পরিত্যাগ করিলেন। তাহাতে তিনিই অকারণ পরিত্যাগ জন্য দুরদৃষ্টভাগী হইবেন।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

ত্রয়োদশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ।

চন্দ্রহৃদয় নগরে রণধীর নামে এক প্রবলপ্রতাপ নরপতি ছিলেন। ঐ নগরবাসি ধর্ম্মধ্বজনামক এক বণিকের শোভনানাম্নী অতি রূপবতী এক যুবতী কন্যা ছিল। রাজা রণধীরের প্রভাবে প্রজাদিগের উপরি কখন কোন প্রকার অত্যাচার ঘটিত না। কিয়দ্দিন পরে নগরে গুরুতর চৌর্য্যক্রিয়ার আরম্ভ হইল। পৌরেরা চৌরের উপদ্রবে অত্যন্ত ব্যাকুল হইয়া সকলে মিলিয়া রাজসমীপে স্ব স্ব দুঃখ নিবেদন করিল। রাজা সবিশেষ সমস্ত শ্রবণগোচর করিয়া কহিলেন যাহা হইয়াছে তাহার আর উপায় নাই। কিন্তু অতঃপর যাহাতে না হইতে পায় তদ্বিষয়ে বিশেষরূপ যত্নবান থাকিলাম।

এইরূপ আশ্বাস দিয়া নগরবাসিদিগকে বিদায় করিলেন। এবং নুতন২ প্রহরী নিযুক্ত করিয়া তাহাদিগকে অত্যন্ত সতর্কতাপূর্ব্বক নগর রক্ষার আদেশ দিয়া স্থানে২ পাঠাইলেন। এবং কহিয়া দিলেন চোর পাইলে বিনা জিজ্ঞাসায় তাহার প্রাণদণ্ড করিবে। প্রহরিরা অত্যন্ত সাবধানে নগর রক্ষা করিতে লাগিল। তথাপি চৌর্য্যের কিঞ্চিন্মাত্রও নিবৃত্তি হইল না। বরং দিনে২ বৃদ্ধি হইতে লাগিল।

তখন পুরবাসিরা পুনর্ব্বার একত্র হইয়া রাজার নিকটে গিয়া আপন২ দুঃখ জানাইলে রাজা তাহাদিগকে কহিলেন সম্প্রতি তোমরা বিদায় হও। অদ্য রজনীতে আমি স্বয়ং নগর রক্ষায় যাইব। প্রজারা রাজাজ্ঞানুসারে স্বীয়২ আলয়ে গমন করিল। রাজাও সায়ংকাল উপস্থিত হইলে অসি চর্ম্ম গ্রহণ পূর্ব্বক একাকী নগর রক্ষায়

নির্গত হইলেন। এবং কিয়দ্দূরে গিয়া এক অপরিচিত ব্যক্তিকে সম্মুখীন দেখিয়া জিজ্ঞাসা করিলেন তুমি কে কোথায় যাইতেছ তোমার বাস কোথায়। সে কহিল আমি চোর। তুমি কে কি নিমিত্ত আমার পরিচয় লইতেছ বল। রাজা ছল করিয়া কহিলেন আমিও চোর। তখন সে অত্যন্ত আহ্লাদিত হইয়া কহিল আইস উভয়ে একত্র হইয়া চুরি করিতে যাই। রাজা তৎক্ষণাৎ সম্মত হইলেন।

অনন্তর চোর রাজাকে সহচর করিয়া এক ধনাঢ্য গৃহস্থের ভবনে প্রবেশ পূর্ব্বক বহুবিধ অর্থ হরণ করিয়া নগর হইতে বহির্গত হইল। এবং কিয়দ্দূরে গিয়া এক প্রচ্ছন্ন অন্ধকূপ দ্বারা পাতাল মধ্যে প্রবিষ্ট হইল। পরে আপন আলয়ে উপস্থিত হইয়া রাজাকে দ্বারদেশে বসিতে আসন দিয়া বাটী মধ্যে প্রবেশ করিল। এই অবসরে এক দাসী আসিয়া কথায়২ রাজার পরিচয় গ্রহণ পূর্ব্বক সবিশেষ সমস্ত অবগত হইয়া কহিল মহারাজ তুমি কি নিমিত্ত এই দুর্ব্বৃত্ত দস্যুর সহিত এ স্থানে আসিয়াছ। সে না আসিতে২ যত দূর পার পলায়ন কর নতুবা আসিয়াই তোমার প্রাণ বিনাশ করিবেক। রাজা শুনিয়া অতিশয় বিষণ্ণ হইলেন। এবং কহিলেন আমি পথ জানি না কি রূপে পলাইব। যদি তুমি কৃপা করিয়া পথ দেখাইয়া দাও তাহা হইলে এ বার আমার প্রাণ রক্ষা হয়। তখন সেই দাসী পথ প্রদর্শন করাইলে রাজা পলাইয়া আপন নগরে উপস্থিত হইলেন।

পর দিন প্রভাত হইবা মাত্র রাজা রণধীর আপন সমস্ত সৈন্য সামন্ত সমভিব্যাহারে সেই কূপদ্বারা পাতালে প্রবিষ্ট হইয়া চোরের ভবন রোধ করিলেন। এক রাক্ষস সেই পাতালস্থ নগরের অধিষ্ঠাত্রী দেবতার ন্যায় রক্ষণাবেক্ষণ করিত। চোর রাজাবরোধ হইতে

আত্মরক্ষার নিতান্ত অনুপায় দেখিয়া সেই নগররক্ষক রাক্ষসের শরণাপন্ন হইল। এবং নিবেদন করিল এক রাজা সসৈন্য আসিয়া আমার উপরি আক্রমণ করিয়াছে। যদি তুমি এ সময়ে আমার সহায়তা না কর অদ্যই তোমার নগর পরিত্যাগ করিয়া অন্যত্র বাস করিব। এই বলিয়া প্রলোভন স্বরূপ তাহার আহারোপযোগি দ্রব্য কিছু উপঢৌকন দিয়া সম্মুখে কৃতাঞ্জলি দণ্ডায়মান রহিল।

রাক্ষস আহারসামগ্রী উপহার পাইয়া অত্যন্ত সন্তুষ্ট হইল। এবং তুমি নির্ভয় হও আমি কিয়ৎক্ষণ মধ্যেই রাজার সমস্ত সৈন্য নষ্ট করিতেছি এই বলিয়া তৎক্ষণাৎ তথায় উপস্থিত হইয়া সৈন্যান্তর্গত পুরুষ অশ্ব হস্তি প্রভৃতি এক২ গ্রাসে ভক্ষণ করিতে আরম্ভ করিল। রাজা রাক্ষসের ভয়ানক আকার ও ক্রিয়া দর্শনে অত্যন্ত কাতর হইয়া পলায়ন করিলেন। ফলতঃ যে পলাইতে পারিল তাহারি প্রাণ রক্ষা হইল। অবশিষ্ট সমস্ত সৈন্য সেই দুর্দ্দান্ত রাক্ষসের গ্রাসে পতিত হইয়া শমন নিকেতনে আতিথ্য গ্রহণ করিল।

রাজা একাকী পলায়ন করিতে লাগিলেন। চোর রাক্ষসের সাহায্যে সাহসী ও স্পর্দ্ধাবান্ হইয়া তাঁহার পশ্চাৎ ধাবমান হইল। এবং ক্রমে২ সন্নিহিত হইয়া ভৎর্সনা করিয়া কহিল অরে কুলাঙ্গার ক্ষত্রিয় কুলে জন্ম লইয়া এরূপ কাপুরুষতা প্রকাশ করিতেছিস। ধিক তোরে। রাজা হইয়া ভঙ্গ দিয়া রণক্ষেত্র হইতে প্রস্থান করিলে ইহ লোকে অকীর্ত্তি ও পরলোকে নরক প্রাপ্তি হয়। রাজা তৎকালে নিতান্ত ব্যাকুল ও সর্ব্বথা উপায়হীন হইয়াও কেবল কুলাভিমান ও খড়্গ চর্ম্ম সহায় করিয়া চোরের সম্মুখীন হইলেন।

অনন্তর ঘোরতর সংগ্রাম হইতে লাগিল। পরিশেষে রাজা

রণধীর চোরকে পরাজিত করিয়া বন্ধন পূর্ব্বক আপন নগরে আনয়ন করিলেন। এবং পর দিন প্রাতঃকালে শূলদানের ব্যবস্থা করিয়া বধ্যবেশ প্রদান পূর্ব্বক চোরকে গর্দ্দভে আরোহণ করাইয়া নগরের সমস্ত প্রদেশে ভ্রমণ করাইতে আদেশ দিলেন। চোর প্রায় সকলেরি সর্ব্বনাশ করিয়াছিল। সুতরাং সকলেই তাহাকে এই অবস্থায় দেখিয়া অত্যন্ত আহ্লাদিত হইয়া তাহার অশেষ প্রকার তিরস্কার ও রাজার ভূরি২ প্রশংসা করিতে লাগিল।

কিন্তু ধর্ম্মধ্বজ বণিকের গৃহের নিকটবর্ত্তী হইলে তাহার কন্যা শোভনা গবাক্ষদ্বার দিয়া চোরকে নয়নগোচর করিয়া তাহার রূপ-লাবণ্যে মোহিত হইল। এবং তৎক্ষণাৎ আপন পিতার নিকটবর্ত্তিনী হইয়া কহিল তুমি রাজার নিকটে গিয়া যে রূপে পার ঐ চোরকে ছাড়াইয়া আন। বণিক্ কহিল যে চোর সমস্ত নগর নির্জ্জন করিয়াছে। যাহার নিমিত্তে রাজার সমস্ত সৈন্য ক্ষয় হইয়াছে। এবং স্বয়ং রাজারও প্রাণ সংশয় পর্য্যন্ত ঘটিয়াছিল। তাহাকে আমার কথায় কখন পরিত্যাগ করিবেন না। শোভনা কহিল যদি তোমার সর্ব্বস্ব দিলেও রাজা উহাকে ছাড়িয়া দেন তাহাও তোমাকে করিতে হইবেক। ফলতঃ যদি তুমি উহাকে না আনিতে পার আমি প্রাণত্যাগ করিব।

ঐ কন্যা ধর্ম্মধ্বজের প্রাণ অপেক্ষাও প্রিয় ছিল। সুতরাং তাহার নির্ব্বন্ধ উল্লঙ্ঘনে অসমর্থ হইয়া রাজসমীপে গিয়া আবেদন করিল মহারাজ আমি আপন সমস্ত সম্পত্তি দিতেছি আপনি এই চোরকে ছাড়িয়া দেউন। রাজা কহিলেন এই চোর আমার ও পৌরবর্গের যৎপরোনাস্তি অপকার করিয়াছে। আমি কোন প্রকারেই ইহাকে ছাড়িয়া দিব না। তখন ধর্ম্মধ্বজ আপন কন্যার নিকটে আসিয়া

কহিল আমি সর্ব্বস্বদান পর্য্যন্ত স্বীকার ও যথোচিত বিনয় পূর্ব্বক প্রার্থনা করিলাম। রাজা কোন ক্রমেই চোরকে ছাড়িয়া দিতে সম্মত হইলেন না। তখন শোভনা অভীষ্টসিদ্ধি বিষয়ে নিতান্ত নিরাশ হইয়া বিষাদসমুদ্রে নিমগ্ন হইল।

এই অবসরে রাজপুরুষেরা চোরকে সমস্ত নগর ভ্রমণ করাইয়া পরিশেষে বধ্যভূমিতে আনয়ন পূর্ব্বক শূলস্তম্ভের নিকট দণ্ডায়মান করিল। শোভনার এই অপরূপ বৃত্তান্ত তৎক্ষণাৎ নগরমধ্যে প্রচার হওয়াতে পরম্পরা দ্বারা চোরেরও কর্ণগোচর হইল। তখন সে প্রথমতঃ হাস্য করিতে লাগিল। এবং কিয়ৎক্ষণ পরে হাস্য হইতে বিরত হইয়া উচ্চৈঃস্বরে রোদন আরম্ভ করিবামাত্র রাজপুরুষেরা তাহাকে শূলোপরি অরোহণ করাইল।

বণিকক্কন্যা চোরের মৃত্যুসংবাদ পাইবামাত্র সহগমনের উদ্যোগ করিয়া সেই স্থানে উপস্থিত হইল। এবং যথানিয়মে চিতা প্রস্তুত হইলে সেই চোরকে শূল হইতে অবতীর্ণ করিয়া আলিঙ্গন পূর্ব্বক মৃত্যুশয্যায় শয়ন করিল।

দাহকেরা অগ্নিদানের উপক্রম করিল। নিকটে এক কাত্যায়নীর মন্দির ছিল। দেবী তথা হইতে নির্গত হইয়া শ্মশানভূমিতে উপস্থিত হইলেন। এবং কহিলেন বৎসে বর প্রার্থনা কর। তোমার সাহস ও সতীত্ব দর্শনে সন্তুষ্ট হইয়াছি। শোভনা কহিল জননি যদি প্রসন্ন হইয়া থাক এই চোরের জীবন দান কর। দেবী তৎক্ষণাৎ পাতাল হইতে অমৃত আনয়ন করিয়া চোরের প্রাণ দান করিলেন। অনন্তর শোভনা অশেষ সুখসম্ভোগে কাল হরণ করিতে লাগিল।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ চোর কি নিমিত্ত

প্রথমতঃ হাস্য ও পরে রোদন করিল। রাজা কহিলেন চোর কন্যার কামনা শুনিয়া মনে২ বিবেচনা করিল আমার মৃত্যু সময়ে ইহার প্রণয় সঞ্চার হইল। ভগবানের কি ইচ্ছা কিছুই বুঝা যায় না। এই বিবেচনা করিয়া প্রথমে হাস্য করিল। অনন্তর চিন্তা করিল এই কন্যা আমার নিমিত্তে রাজাকে সর্ব্বস্ব দিতে উদ্যত হইয়াছে। আমি ইহার এমন কি উপকারে আসিতাম। এই অনুশোচনা করিয়া দুঃখিত হইয়া রোদন করিল।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

চতুর্দ্দশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

কুসুমবতী নগরীতে সুবিচার নামে এক রাজা ছিলেন। তাঁহার চন্দ্রপ্রভা নামে এক অবিবাহিতা যুবতী দুহিতা ছিল। বসন্ত সময় উপস্থিত হইলে রাজকুমারী উপবনবিহারে অভিলাষিণী হইয়া পিতার অনুমতি প্রার্থনা করিলেন। রাজা সম্মত হইলেন। এবং রাজধানীর অনতিদূরে যোজনবিস্তৃত অতিরমণীয় এক উপবন ছিল। তাহাতে স্ত্রীলোকের বাসোপযোগিতা সম্পাদনার্থে বহুসংখ্যক লোক প্রেরণ করিলেন। তাহাদিগের তথায় উপস্থিত হইবার পূর্ব্বে এক বিংশতিবর্ষবয়স্ক অতিরূপবান মনস্বী নামে বিদেশীয় ব্রাহ্মণকুমার আতপতাপিত ও পথশ্রান্ত হইয়া উপবনমধ্যবর্ত্তি এক নিকুঞ্জবনে প্রবেশ পূর্ব্বক স্নিগ্ধ ছায়াতে নিদ্রাগত হইয়াছিল। রাজপরিচারকেরা তথায় উপস্থিত হইয়া আবশ্যক কর্ম্ম সকল সম্পন্ন করিয়া প্রস্থান করিল। দৈবযোগে ঐ ব্রাহ্মণকুমার কাহারও দৃষ্টিপথে পতিত হইল না।

পরে রাজকুমারী স্বীয়সহচরীবর্গ ও পরিচারিকাগণের সহিত তথায় উপস্থিত হইয়া ইতস্ততঃ ভ্রমণ করিতে২ ব্রাহ্মণকুমারের সমীপবর্ত্তিনী হইলেন। এবং ভ্রমণকারিণীদিগের পদশব্দে মনস্বিরও নিদ্রাভঙ্গ হইল। ব্রাহ্মণকুমার ও রাজকুমারীর চারি চক্ষুঃ একত্র হইলে উভয়েই কামদেবের আজ্ঞার বশীভূত হইলেন। ব্রাহ্মণকুমার মোহিত ও মূর্চ্ছিত হইয়া ভূতলে পড়িলেন। রাজকুমারী ও সাত্বিক ভাব প্রভাবে কম্পমানকলেবরা ও বিচেতনপ্রায়া হইলেন। সখীগণ অকস্মাৎ

ঈদৃশ বিষম বিষমশরদশা উপস্থিত দেখিয়া মনুষ্যবাহ্য যানে আরোহণ করাইয়া তৎক্ষণাৎ রাজকুমারীকে গৃহে লইয়া গেল। ব্রাহ্মণকুমার স্পন্দহীন ও অনাথ হইয়া সেই স্থানেই পতিত রহিলেন।

শশী ও ভূদেব নামক দুই ব্রাহ্মণ কামরূপে বিদ্যা শিক্ষা করিয়া স্বদেশে প্রত্যাগমন করিতে ছিলেন। তাঁহারাও আতপে তাপিত হইয়া বিশ্রামার্থ সেই উপবনের নিকুঞ্জবনে উপস্থিত হইলেন। প্রবেশমাত্র সেই ব্রাহ্মণকুমারকে তদবস্থ পতিত দেখিয়া ভূদেব স্বীয় সহচরকে সম্বোধন করিয়া কহিলেন দেখ শশি এ এরূপ অচেতন হইয়া পতিত আছে কেন। শশী কহিলেন বোধ করি কোন নায়িকা ভ্রূচাপ দ্বারা কটাক্ষশর প্রহার করিয়াছে তাহাতেই এরূপে পতিত আছে। ভূদেব কৌতূহলাক্রান্ত হইয়া কহিলেন ইহাকে জাগরিত করিয়া সবিশেষ জিজ্ঞাসা করি।

অনন্তর ভূদেব শশির নিষেধ না মানিয়া নানাবিধ উপায়দ্বারা তাহার চৈতন্য সম্পাদন করিলেন। এবং জিজ্ঞাসিলেন ওহে ব্রাহ্মণতনয় কি কারণে তোমার ঈদৃশী দশা ঘটিয়াছে বল। ব্রাহ্মণকুমার কহিলেন যে ব্যক্তি দুঃখ দূর করিতে সমর্থ তাহার অগ্রেই দুঃখের কথা ব্যক্ত করা উচিত। নতুবা অনর্থ ইতস্ততঃ ব্যক্ত করিলে কেবল আপন মূঢ়তা মাত্র প্রকাশ পায়। ভূদেব কহিলেন ভাল তুমি আমার অগ্রে ব্যক্ত কর। আমি প্রতিজ্ঞা করিতেছি যে রূপে পারি তোমার দুঃখ দূর করিব। মনস্বী কহিলেন কিয়ৎক্ষণ পুর্ব্বে এক রাজকন্যা এই উপবনে ভ্রমণ করিতে আসিয়াছিল। তাহাকে দেখিয়া আমার এই দশা ঘটিয়াছে। অধিক কি কহিব তাহাকে না পাইলে আমার প্রাণ পরিত্যাগ হইবেক।

তখন ভূদেব কহিলেন তুমি আমার সমভিব্যাহারে চল। যাহাতে তোমার মনোরথ সিদ্ধ হয় তদ্বিষয়ে অশেষ প্রকার যত্ন করিব। আর যদি তোমার প্রার্থিত সম্পাদন বিষয়ে নিতান্তই কৃতকার্য্য হইতে না পারি। অন্ততঃ বহুসংখ্যক ধন দিয়া বিদায় করিব। মনস্বী কহিলেন ভগবান এই সংসার সাগরে নানা রত্ন সৃষ্টি করিয়াছেন। তন্মধ্যে স্ত্রী রত্ন সর্ব্বোৎকৃষ্ট। মনুষ্য সেই রত্ন লাভের নিমিত্তই যত্ন পূর্ব্বক ধনোপার্জনাদি করে। অতএব যদি আমার অভিলষিত স্ত্রীরত্নলাভ সম্পন্ন না হয়। অনর্থ অর্থ লইয়া কি করিব। বিশেষতঃ এই সংসারে যে ব্যক্তির অভীষ্ট সিদ্ধি না হয় সে পশু অপেক্ষাও অধম। আর ধর্ম্মের ফল ধন এবং ধনের ফল সুখ। সুখ মনুষ্যমাত্রেরি পরম পুরুষার্থ। সেই সুখের মূল স্ত্রী। স্ত্রী ব্যতিরেকে সুখের সম্ভাবনা কি। অতএব যদি আমার অভিপ্রেত স্ত্রীরত্ন লাভের সদুপায় করিতে পার তোমাদের সমভিব্যাহারে যাই। নতুবা ধনের নিমিত্তে আমার কিঞ্চিন্মাত্রও স্পৃহা নাই।

ভূদেব মনস্বির এইরূপ মদনবেদনাজনিত প্রলাপবাক্য শ্রবণ করিয়া কিঞ্চিৎ হাস্য করিলেন। এবং অবশ্যই তোমার মনোরথ সম্পন্ন করিব তুমি আমার সমভিব্যাহারে চল এই বলিয়া আপন আলয়ে লইয়া গেলেন। তথায় উপস্থিত হইয়া সর্ব্ব কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক অগ্রে দুই গুটিকা নির্ম্মাণ করিয়া তাহার অন্যতর মনস্বির হস্তে দিয়া কহিলেন তুমি এই গুটিকা মুখমধ্যে রাখিলে ঐন্দ্রজালিকবিদ্যাপ্রভাবে দ্বাদশবর্ষীয়া কন্যা হইবে। এবং মুখ হইতে নির্গত করিলে পুনর্ব্বার আপন স্বরূপ প্রাপ্ত হইবে।

এই বলিয়া সেই গুটিকা তাহাকে মুখমধ্যে স্থাপন করিতে কহিয়া

অন্য গুটিকা আপন মুখে নিক্ষেপ করিলেন। মনস্বী দ্বাদশবর্ষীয়া কন্যা হইলেন। ভূদেব অশীতিবর্ষদেশীয়ের আকার ধারণ করিলেন। এবং তাহাকে পুত্রবধু করিয়া সঙ্গে লইয়া রাজা সুবিচারের নিকট উপস্থিত হইলেন। রাজা বৃদ্ধ ব্রাহ্মণ দর্শনমাত্র গাত্রোত্থান করিয়া প্রণাম পূর্ব্বক বসিতে আসন প্রদান করিলেন।

ব্রাহ্মণ আসন পরিগ্রহ করিয়া আশীর্ব্বাদ করিলেন যিনি এই জগন্মণ্ডল প্রলয়পয়োধিজলে নিমগ্ন হইলে মীনরূপ ধারণ করিয়া ধর্ম্মমূল অপৌরুষেয় বেদের রক্ষা করিয়াছেন। যিনি বরাহ-মূর্ত্তি পরিগ্রহ করিয়া বিশাল দশনাগ্রভাগ দ্বারা প্রলয়জলবিলীন মেদিনীমণ্ডলের উদ্ধার করিয়াছেন। যিনি কূর্ম্মরূপ অবলম্বন করিয়া পৃষ্ঠে এই সসাগরা ধরা ধারণ করিয়া আছেন। যিনি নরসিংহ আকার স্বীকার করিয়া নখকুলিশপ্রহার দ্বারা বিষম শত্রু হিরণ্যকশিপুর বক্ষঃস্থল বিদীর্ণ করিয়াছেন। যিনি দৈত্যরাজ বলিকে ছলিবার নিমিত্ত বামন অবতার হইয়া দেবরাজকে পুনর্ব্বার ত্রিলোকীর ইন্দ্রত্বপদে সংস্থাপিত করিয়াছেন। যিনি জমদগ্নির ঔরসে জন্মগ্রহণ করিয়া পিতৃবধামর্ষপ্রদীপ্ত হইয়া তীক্ষ্ণধার কুঠার দ্বারা মহাবীর্য্য কার্ত্তবীর্য্য অর্জ্জুনের ভুজবন চ্ছেদন করিয়াছেন। এবং একবিংশতি বার পৃথ্বীকে নিঃক্ষত্রিয়া করিয়া অরাতিশোণিতজলে পিতৃতর্পণ করিয়াছেন। যিনি দেবতাগণের অভ্যর্থনানুসারে দশরথগৃহে অংশচতুষ্টয়ে অবতীর্ণ হইয়া বানরসৈন্য সমভিব্যাহারে সমুদ্রে সেতুবন্ধন পূর্ব্বক দুর্ব্বৃত্ত-দশাননের বংশ ধ্বংস করিয়াছেন। যিনি দ্বাপরযুগের অন্তে ধর্ম্ম-সংস্থাপনার্থে যদুবংশে অংশে অবতীর্ণ হইয়া দৈত্যবধদ্বারা ভূমির ভার হরিয়া অশেষপ্রকার লীলা করিয়াছেন। যিনি বেদমার্গের

বিপ্লাবনের নিমিত্ত বুদ্ধাবতার হইয়া জিতেন্দ্রিয়ত্ব দয়ালুত্ব প্রভৃতি সদ্গুণের পরা কাষ্ঠা প্রদর্শন করিয়াছেন। এবং যিনি সম্ভলগ্রামে বিষ্ণুযশানামক ধর্ম্মনিষ্ঠ ব্রহ্মপরায়ণ ব্রাহ্মণের ভবনে অবতীর্ণ হইয়া ভুবনমণ্ডলে কল্কিনামে বিখ্যাত হইবেন। এবং অতি দ্রুতগামি দেবদত্ত তুরঙ্গমে আরোহণ করিয়া করতলে করাল করবাল ধারণ পূর্ব্বক বেদবিদ্বেষি ধর্ম্মমার্গপরিভ্রষ্ট নষ্টমতি দুরাচারদিগের সমুচিত দণ্ডবিধান করিবেন। সেই ত্রিলোকীনাথ বৈকুণ্ঠস্বামী ভূতভাবন ভগবান্ আপনকার রক্ষা করুন।

রাজা জিজ্ঞাসিলেন মহাশয় কোথা হইতে অসিতেছেন। বৃদ্ধবেশী ভূদেব কহিলেন মহারাজ আমি গঙ্গার পূর্ব্বপার হইতে আসিতেছি। ইনি আমার পুত্রবধূ। ইহাকে ইহার পিত্রালয় হইতে আনিতে গিয়াছিলাম। প্রত্যাগমন করিয়া দেখিলাম মারীভয়ে গ্রামস্থ সমস্ত লোক স্থানত্যাগ করিয়া দেশান্তরে প্রস্থান করিয়াছে। গৃহে ব্রাহ্মণী ও বিংশতিবর্ষীয় পুত্র রাখিয়া গিয়াছিলাম। তাহারাও সেই উপদ্রবের সময় দেশত্যাগ করিয়াছে। কোথায় গিয়াছে কিছুই অনুসন্ধান করিতে পারি নাই। জানিনা কত স্থান ভ্রমণ করিলে তাহাদিগের দর্শন পাইব। তাহাদের অদর্শনে আমার আহার নিদ্রা পরিত্যাগ হইয়াছে। এক্ষণে মানস করিয়াছি পুত্রবধূকে বিশ্বস্তহস্তে ন্যস্ত করিয়া তাহাদের অন্বেষণে নির্গত হইব। আপনি দেশাধিপ আপন অপেক্ষা বিশ্বাসভাজন কোথা পাইব। অতএব আমার প্রত্যাগমন পর্য্যন্ত এই পুত্রবধূ আপনকার অন্তঃপুরে থাকিবেন।

রাজা শুনিয়া মনে ২ বিবেচনা করিলেন পরকীয় কন্যা গৃহে রাখা অতি কঠিন কর্ম্ম। কিন্তু অস্বীকার করিলে ব্রাহ্মণ মনঃক্ষুণ্ণ হইবেন।

অতএব চন্দ্রপ্রভার নিকটে দিয়া তাহার প্রতি ইহার রক্ষণাবেক্ষণের ভার দি। অনন্তর ব্রাহ্মণকে কহিলেন মহাশয় যাহা আজ্ঞা করিতে- ছেন তাহাতে আমি সম্মত হইলাম। ভূদেব অত্যন্ত হৃষ্টচিত্তে আশীর্ব্বাদ প্রয়োগ পূর্ব্বক রাজার হস্তে পুত্রবধূ সমর্পণ করিয়া তৎক্ষণাৎ তথা হইতে প্রস্থান করিলেন। রাজাও অনতিবিলম্বে অন্তঃপুরে প্রবেশ করিয়া কন্যার হস্তে কন্যাবেশধারি মনস্বির ভার সমর্পণ করিলেন।

কন্যাবেশধারী মনস্বী ক্রমে২ রাজকন্যার প্রাণ অপেক্ষাও প্রিয় হইয়া উঠিলেন। সর্ব্বদা একত্র উপবেশন একত্র ভোজন ও এক শয্যায় শয়নাদি দ্বারা পরস্পরের প্রণয়সঞ্চার হইতে লাগিল। প্রতিদিন রজনীযোগে উভয়ে এক শয়নে শয়ন করিয়া বহুক্ষণ পর্য্যন্ত কথোপ- কথন করিতেন। এক দিবস ব্রাহ্মণবধূবেশধারী মনস্বী সহসা আপন স্বরূপ ও অভিপ্রায় প্রকাশে সশঙ্ক হইয়া রাজকন্যার মনের ভাব পরীক্ষার্থে কথা প্রসঙ্গে জিজ্ঞাসা করিলেন প্রিয়সখি তুমি দিবানিশি কি চিন্তা কর। এবং কি নিমিত্তে দিনে২ দুর্ব্বল হইতেছ বল।

রাজপুত্রী কহিলেন সখি বসন্তকালে এক দিবস সখীগণ সঙ্গে লইয়া বনবিহারে গিয়াছিলাম। তথায় দৈবযোগে পরমসুন্দর এক যুবা ব্রাহ্মণকুমার আমার নয়নপথের অতিথি হইলেন। তদবধি তদাসক্ত- চিত্তা হইয়া তদ্বিরহে দিনে২ এরূপ দুর্ব্বল হইতেছি। দুঃসহ বিরহা- নল ক্রমে২ প্রবল হইয়া নিরন্তর অন্তর দাহ করিতেছে। আমার আহার বিহার শয়ন উপবেশন কোন বিষয়েই সুখ নাই। দিবানিশি কেবল সেই মোহন মূর্ত্তি চিন্তা করিয়া প্রাণধারণ করিতেছি। এবং চতুর্দ্দিক তন্ময় দেখিতেছি। তাহার নাম ধাম কিছুই জানি না।

ভাবিয়া চিন্তিয়া কোন উপায় স্থির করিতে পারি নাই। নিতান্ত নির্লজ্জা হইয়া কাহারও নিকট মনের ব্যথা ব্যক্ত করিতে পারি না। তুমি আমার দ্বিতীয় প্রাণ। তোমার নিকট কোন কথাই গোপনীয় নাই। তুমি কথায়২ জিজ্ঞাসা করিলে তাহাতেই প্রকাশ করিলাম। ফলতঃ তোমার নিকটে মনের বেদনা বর্ণন করিয়াও অনেক স্বাস্থ্য বোধ হইল। তুমি এ বিষয় অতি গোপনে রাখিবে।

এই রূপে রাজকন্যার অভিপ্রায় বুঝিয়া মনস্বী অপরিসীম আনন্দ-প্রবাহে মগ্ন হইলেন। এবং কহিলেন প্রিয়সখি আমি যদি তোমার প্রিয়সমাগম সম্পন্ন করিতে পারি তবে আমাকে কি পারিতোষিক দাও। রাজকন্যা কহিলেন সখি অধিক কি কহিব যদি তুমি প্রাণনাথকে মিলাইয়া দিতে পার। তোমার দাসী হইয়া চিরকাল চরণসেবা করিব।

মনস্বী তৎক্ষণাৎ মুখ হইতে গুটিকা নিক্ষেপ করিয়া আপন স্বরূপ প্রাপ্ত হইয়া প্রিয় সম্ভাষণ পূর্ব্বক রাজকুমারীর কর গ্রহণ করিলেন। রাজকন্যা এইরূপ অসম্ভাবিত প্রিয়সমাগম দ্বারা মনোরথনদীর পার প্রাপ্ত হইয়া প্রথমতঃ বাক্‌পথাতীত হর্ষ বিস্ময় লজ্জার উদ্রেক সহ-কারে পরমরমণীয় অনির্ব্বচনীয় দশান্তর প্রাপ্ত হইলেন। অনন্তর লজ্জা-ভঙ্গ হইলে এই রূপান্তরপ্রতিপত্তিরূপ অদ্ভুত ব্যাপারের নিগূঢ় তত্ত্ব বোধার্থে কৌতুকাবিষ্ট হইয়া সবিশেষ কারণ জিজ্ঞাসা করিলেন। মনস্বী আপন বিচেতনদশাবধি ভূদেবের তিরস্করণী বিদ্যা প্রসাদদান পর্য্যন্ত আদ্যোপান্ত বর্ণন করিয়া পরিশেষে গান্ধর্ব্ব বিধান দ্বারা পাণিগ্রহ সমাধান করিলেন। এইরূপে দিবসে দ্বাদশবর্ষীয়া ব্রাহ্মণবধূ ও নিশাগমে বিংশতিবর্ষীয় ব্রাহ্মণকুমার হইয়া পরম সুখে কালযাপন করিতে লাগিলেন।

কিয়ৎকাল পরে রাজকুমারী গর্ভবতী হইলেন। এই সময়ে এক দিবস রাজা সুবিচার সপরিবার অমাত্যভবনে নিমন্ত্রিত হইয়াছিলেন। রাজকন্যা এক নিমেষের নিমিত্তেও ব্রাহ্মণবধূকে আপন নয়নের অন্তরাল করিতেন না। সুতরাং তিনি তাহাকে আপন সমভিব্যাহারে লইলেন। সেই অমাত্যের পুত্র ব্রাহ্মণবধূর অসামান্য রূপ লাবণ্য দর্শনে মোহিত হইল। এবং নিতান্ত অধৈর্য্য হইয়া আপন মিত্রের নিকটে কহিল যদি এই নারী হস্তগত না হয় প্রাণত্যাগ করিব। ফলতঃ মন্ত্রিপুত্রের ক্রমেং বিরহবেদনা এরূপ বৃদ্ধি পাইতে লাগিল যে কেবল দশমী দশা মাত্র অবশিষ্ট রহিল।

তখন তাহার মিত্র অন্য কোন উপায় না দেখিয়া অমাত্যের নিকটে গিয়া আপন মিত্রের অবস্থা ও প্রার্থনা ব্যক্ত করিলে তিনি রাজার নিকটে সবিশেষ কহিয়া আপন পুত্রের নিমিত্ত ব্রাহ্মণবধূ প্রার্থনা করিলেন। রাজা শুনিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইলেন। এবং কহিলেন অরে মূর্খ স্থাপিত ধন ধনস্বামির অনুমতি ব্যতিরেকে অন্যকে দেওয়া অতি গর্হিত কর্ম্ম। বিশেষতঃ ব্রাহ্মণ ব্যতিক্রমের সম্ভাবনা নাই জানিয়া আমার নিকটে পুত্রবধূ সমর্পণ করিয়া গিয়াছেন। অতএব সেই বিশ্বাস ভঙ্গ করা অত্যন্ত নীতিবিরুদ্ধ। আমি তোর অনুরোধে এরূপ দুষ্ক্রিয়ায় প্রবৃত্ত হইব না। মন্ত্রী শুনিয়া নিরাশ হইয়া আপন গৃহে গমন করিলেন। কিন্তু পুত্রের তাদৃশী দশা দর্শনে নিতান্ত কাতর হইয়া আহার নিদ্রা পরিত্যাগ পূর্ব্বক বিষাদ সমুদ্রে মগ্ন হইলেন।

এই রূপে সর্ব্বাধিকারী ক্রমেং পুত্রের তুল্য দশা প্রাপ্ত হইলে রাজকার্য্য ব্যাঘাতের উপক্রম দেখিয়া অন্যান্য প্রধান রাজপুরুষেরা

রাজার নিকটে নিবেদন করিল মহারাজ মন্ত্রিপুত্রের যেরূপ অবস্থা ঘটিয়াছে তাহাতে তাহার জীবন রক্ষা হওয়া কঠিন। তাহার কোন অমঙ্গল ঘটিলে মন্ত্রীও প্রাণত্যাগ করিবেন সন্দেহ নাই। এরূপ কর্ম্মদক্ষ কার্য্যসহায় দ্বিতীয় ব্যক্তি নাই। তাহাতে রাজ্যকার্য্যে অনেক বিশৃঙ্খলতা উপস্থিত হইবেক। অতএব আমরা অতি বিনয় বাক্যে প্রার্থনা করিতেছি সেই বৃদ্ধ ব্রাহ্মণের পুত্রবধূকে অমাত্যপুত্রের নিকট প্রেরণ করুন। বহু দিবস হইল ব্রাহ্মণের উদ্দেশ নাই। আর তাঁহার আসিবারও সম্ভাবনা বোধ হয় না। যদিও কালান্তরে প্রত্যাগমন করেন। ব্রাহ্মণজাতি অর্থলোভী বহুসংখ্যক অর্থ দিয়া অনায়াসে বিদায় করিতে পারিবেন। অথবা কন্যান্তর সংঘটনা করিয়া তাহার পুত্রের বিবাহ দিলেও তাঁহাকে সন্তুষ্ট করিতে পারিবেন।

রাজা নিতান্ত নিরুপায় ভাবিয়া কন্যাদ্বারা ব্রাহ্মণবধূর নিকট মন্ত্রিপুত্রের প্রার্থনা জানাইলেন। এবং আপনিও তদ্বিষয়ে বিশেষ অনুরোধ করিলেন। মনস্বী মনেং বিবেচনা করিলেন। এ এক নূতন কৌতুক উপস্থিত। যাহা হউক সহসা অস্বীকার করিব না। অমাত্যের গৃহে গিয়া কিছু কাল অবস্থিতি করি। ভাগ্যে থাকে কৌশল করিয়া তথায়ও সুখসম্ভোগে কাল হরণ করিতে পারিব। অনন্তর রাজার নিকটে কহিল যদিও বিবাহিতা নারীর পুরুষান্তরসেবা শাস্ত্রনিষিদ্ধ ও লোকাচারবিরুদ্ধ। তথাপি মহারাজের আজ্ঞাপ্রতিপালন করা প্রধান ধর্ম্ম বোধ করিয়া আমি মন্ত্রিপুত্রের প্রার্থনায় সম্মত হইতেছি। কিন্তু তিনি ক্ষত্রিয়জাতি আমি ব্রাহ্মণকন্যা। যদি তিনি অন্ততঃ ছয় মাস তীর্থপর্য্যটন করেন তবে আমি তাঁহার গৃহপ্রবেশ করিতে পারি।

রাজা মন্ত্রিগৃহে এই সংবাদ পাঠাইলে মন্ত্রিপুত্র কহিল যদি তিনি এক্ষণে আমার গৃহে আসিয়া অবস্থিতি করেন তাহা হইলে আমি সেই আশ্বাসকে সহায় করিয়া তীর্থযাত্রায় নির্গত হইতে পারি। ব্রাহ্মণবধূ-বেশধারী মনস্বী কহিলেন মহারাজ আমি শুনিয়াছি তিনি বিবাহিত পুরুষ। তাঁহার অনুপস্থিতি কালে তাঁহার গৃহে থাকিলে আমি সপত্নী যন্ত্রণা পাইব। অতএব যদি তিনি আপন পূর্ব্বপ্রণয়িনীর সহিত আমার সদ্ভাব জন্মাইয়া দিতে পারেন। তবে আমি তাঁহার গৃহে গিয়া থাকিতে পারি।

অনন্তর মন্ত্রিপুত্র কপটচারিণী ব্রাহ্মণবধূর অভ্যর্থনানুরূপ কার্য্য করিয়া তীর্থপর্য্যটনে নির্গত হইল। তাহার পত্নী সৌভাগ্যসুন্দরী ও ব্রাহ্মণবধূ উভয়ে পরম সদ্ভাবে বাস করিতে লাগিল। ক্রমে২ পরস্পর প্রণয়সঞ্চার হইলে পর এক দিন সৌভাগ্যসুন্দরী কহিল সখি আমি মদনবেদনায় অত্যন্ত ব্যাকুল হইয়াছি। কিন্তু কোন উপায় দেখিতেছি না। তখন ব্রাহ্মণবধূ কহিলেন যদি অনায়াসে ও গোপনে তোমার অভিলাষ সম্পন্ন করিতে পারি তাহা হইলে আমাকে কি পুরস্কার দাও। সে কহিল আমি চিরকাল তোমার আজ্ঞাকারিণী হইয়া থাকিব। অনন্তর মনস্বী মুখ হইতে গুটিকা বহিষ্কার পূর্ব্বক আপন স্বরূপ প্রাপ্ত হইয়া সৌভাগ্যসুন্দরীর মনোরথ পূর্ণ করিলেন।

এইরূপে প্রতি দিবস দিবসে কামিনী ও যামিনীতে কামী হইয়া একান্ত সুখে কাল যাপন করিতে লাগিলেন। ছয় মাস অতীত হইলে পর মন্ত্রিপুত্র প্রবাস হইতে প্রত্যাগমন করিল। তাহার আগমনে আনন্দিত মনে পরিবারেরা নানাপ্রকার মঙ্গলাচারের অনুষ্ঠানে অত্যন্ত ব্যগ্র হইল। এই অবসরে মনস্বী মুখ হইতে গুটিকা নির্গত

করিয়া পুরুষ হইয়া সুযোগক্রমে পলায়ন করিলেন। পরে ভূদেবের নিকটে গিয়া পূর্ব্বাপর সমস্ত বৃত্তান্ত বর্ণন করিলেন।

তখন ভূদেব অত্যন্ত চমৎকৃত ও কৌতুকাবিষ্ট হইয়া স্বীয় সহচর শশিকে বিংশতিবর্ষীয় পুত্র করিয়া স্বয়ং পূর্ব্বানুরূপ বৃদ্ধবেশ ধারণ পূর্ব্বক পুত্রবধূর আনয়নার্থে রাজার নিকট গমন করিলেন। রাজা প্রণাম ও স্বাগত জিজ্ঞাসা করিয়া বসিতে আসন দিয়া জিজ্ঞাসা করিলেন মহাশয়ের এত বিলম্ব হইল কেন। ভূদেব কহিলেন মহারাজ বিলম্বের কথা কেন জিজ্ঞাসা করেন অনেক কষ্টে পুত্রকে অন্বেষণ করিয়া আনিয়াছি। এক্ষণে পুত্রবধূ লইয়া গৃহে যাইব। রাজা ব্রহ্মশাপভয়ে কম্পিত ও কৃতাঞ্জলি হইয়া ব্রাহ্মণের নিকট সবিশেষ সমস্ত নিবেদন করিলেন।

ব্রাহ্মণ শুনিয়া অত্যন্ত কুপিত ও কম্পমানকলেবর হইলেন। এবং শাপপ্রদানে উদ্যত হইয়া কহিলেন তোমার এ কি ব্যবহার। আমি তোমাকে রাজা জানিয়া বিশ্বাস করিয়া পুত্রবধূ সমর্পণ করিয়াছিলাম। তুমি আপন ইষ্টসিদ্ধির নিমিত্ত যথেচ্ছ বিনিযোগ দ্বারা আমার সর্ব্বনাশ করিয়াছ। বলিতে কি কোন কালে আমার এ অপমান ও মনোবেদনা দূর হইবেক না। রাজা শুনিয়া অত্যন্ত ভীত হইলেন। এবং অশেষপ্রকার স্তুতি ও বিনীতি করিয়া কহিলেন মহাশয় কৃপা করিয়া আমার এই অপরাধ ক্ষমা করুন। আপনকার যে অপকার করিয়াছি তাহার প্রতিক্রিয়ার্থে যাহা আজ্ঞা করিবেন তাহাতেই সম্মত হইব। ভূদেব কহিলেন যদি তুমি আমার পুত্রের সহিত আপন কন্যার বিবাহ দিতে পার তাহা হইলে আমি কথঞ্চিৎ ক্ষমা করিতে পারি।

রাজা ব্রহ্মকোপানলে কুলক্ষয়ভয়ে তৎক্ষণাৎ সম্মত হইলেন। এবং জ্যোতির্ব্বিদ ব্রাহ্মণ দ্বারা শুভ লগ্ন নির্ণয় করিয়া কন্যার বিবাহ দিলেন। অনন্তর ভূদেব রাজকন্যা লইয়া আপন আলয়ে উপস্থিত হইলে মনস্বী ও শশী উভয়ে এই ভার্য্যা আমার২ বলিয়া পরস্পর বিবাদ আরম্ভ করিলেন। মনস্বী কহিলেন ইহাকে আমি পূর্ব্বে বিবাহ করিয়াছি। এবং আমার সহযোগে ইহার গর্ভ হইয়াছে। শশী কহিলেন রাজা সর্ব্বসমক্ষে আমাকে কন্যাদান করিয়াছেন।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ এক্ষণে এই স্ত্রী শাস্ত্রও যুক্তি অনুসারে কাহার ভার্য্যা হইবেক। বিক্রমাদিত্য কহিলেন আমার মতে শশির। বেতাল কহিল মনস্বী পূর্ব্বে বিবাহ করিয়াছে ও তদ্দ্বারা তাহার গর্ভ হইয়াছে তথাপি তাহার স্ত্রী হইল না কেন। বিক্রমাদিত্য কহিলেন মনস্বির বিবাহ ও তদ্দ্বারা গর্ভোৎপাদন কাহারও জ্ঞাত নহে। কিন্তু শশী প্রকাশ্যরূপে বিবাহ করিয়াছে। অতএব রাজকন্যা তাহারই ভার্য্যা হইবেক। এবং এই গর্ভজাত পুত্রও শশির সহোঢ়জ পুত্র হইবেক।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

পঞ্চদশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

ভারতবর্ষের উত্তরসীমাতে হিমালয় নামে এক অতি প্রসিদ্ধ পর্ব্বত আছে। তাহার প্রস্থদেশে পুষ্পপুর নামে এক পরম রমণীয় নগর ছিল। গন্ধর্ব্বরাজ জীমূতকেতু ঐ নগরে রাজত্ব করিতেন। তিনি পুত্র কামনা করিয়া বহুকাল কল্পবৃক্ষের আরাধনা করিয়াছিলেন। কল্পবৃক্ষ প্রসন্ন হইয়া বর প্রদান করিলে রাজা জীমূতকেতুর এক পুত্র জন্মিল। পুত্রের নাম জীমূতবাহন রাখিলেন।

জীমূতবাহন অল্প কাল মধ্যে সর্ব্বশাস্ত্রপারদর্শী ধর্ম্মাত্মা দয়াবান্ পরোপকারী ও যুদ্ধবিদ্যাবিশারদ হইয়া উঠিলেন। কিঞ্চিৎ কাল পরে তিনিও আরাধনা দ্বারা কল্পবৃক্ষকে প্রসন্ন করিয়া এই বর প্রার্থনা করিলেন আমার প্রজারা সর্ব্বপ্রকার সম্পত্তিতে পরিপূর্ণ হউক। রাজপুত্রের এইরূপ প্রার্থনায় প্রজারা সর্ব্বপ্রকার সম্পত্তিতে পরিপূর্ণ হইল। এবং কিয়ৎকাল পরে ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া রাজাকেও তৃণতুল্য বোধ করিতে লাগিল। ফলতঃ অল্পকাল মধ্যে রাজা ও প্রজা বলিয়া কোন বিশেষ রহিল না।

তখন জীমূতকেতুর জ্ঞাতিবর্গ গোপনে পরস্পর পরামর্শ করিল যে ইহারা পিতাপুত্রে অনন্যকর্ম্মা ও অনন্যমনা হইয়া দিবানিশি কেবল ধর্ম্মচিন্তায় কালযাপন করিতেছে। রাজ্যের প্রতি ক্ষণমাত্রও দৃষ্টি-পাত করে না। প্রজা সকল উচ্ছৃঙ্খল হইতে লাগিল। অতএব ইহাদের উভয়কে রাজ্যচ্যুত করিয়া যাহাতে উপযুক্তরূপ রাজ্য

শাসন হয় এমত করা উচিত। অনন্তর সৈন্য সংগ্রহ পূর্ব্বক রাজপুরীর চতুর্দ্দিক নিরোধ করিল।

সবিশেষ সংবাদ পাইয়া যুবরাজ জীমূতবাহন পিতার নিকট নিবেদন করিলেন মহারাজ জ্ঞাতিবর্গ একবাক্য হইয়া আমাদিগকে রাজ্যচ্যুত করিবার অভিসন্ধিতে এই উদ্যোগ করিয়াছে। এক্ষণে আপনকার আজ্ঞা পাইলে রণক্ষেত্রে প্রবিষ্ট হইয়া বিপক্ষ পক্ষের সৈন্যক্ষয় ও সমুচিত দণ্ড বিধান করি।

জীমূতকেতু কহিলেন এই ক্ষণভঙ্গুর পাঞ্চভৌতিক দেহ ও অকিঞ্চিৎকর বিনশ্বর রাজ্যপদের নিমিত্ত বহু সংখ্যক জীব হিংসা করিয়া মহাপাপে লিপ্ত হওয়া উচিত নহে। রাজা যুধিষ্ঠির প্রথমতঃ কুরুক্ষেত্র যুদ্ধে প্রবৃত্ত হইয়া পশ্চাৎ অনেক অনুতাপ করিয়াছিলেন। অতএব রাজ্যপদ পরিত্যাগ করিয়া কোন নিভৃত স্থানে গিয়া প্রশান্ত মনে জগদীশ্বরের আরাধনা করা ভাল। এইরূপ সংকল্প করিয়া পিতাপুত্রে নগর হইতে নির্গত হইলেন। এবং মলয় পর্ব্বতে গিয়া তাহার অধিত্যকাতে কুটীর নির্ম্মাণ পূর্ব্বক তপস্যা করিতে লাগিলেন। অল্প কাল মধ্যে রাজকুমারের তত্রত্য এক ঋষিকুমারের সহিত অত্যন্ত বন্ধুত্ব জন্মিল।

এক দিবস দুই বন্ধুতে একত্র হইয়া ভ্রমণার্থে নির্গত হইলেন। অনতিদূরে এক কাত্যায়নীর মন্দির ছিল। তথায় শ্রবণমনোহর বীণাশব্দ শ্রবণ করিয়া কৌতুকাবিষ্ট চিত্তে সত্বরে উপস্থিত হইয়া দেখিলেন এক পরমসুন্দরী কন্যা বীণানুগত স্তুতিগর্ভ গীত দ্বারা ভগবতী কাত্যায়নীর আরাধনা করিতেছে। উভয়ে একতানমনা হইয়া শ্রবণ ও দর্শন করিতে লাগিলেন। কিয়ৎ ক্ষণ পরে সেই কন্যা

জীমূতবাহনকে নয়নগোচর করিয়া পঞ্চশরের শর প্রহারে অতিশয় ব্যাকুল হইল। এবং স্বীয় সহচরী দ্বারা জীমূতবাহনের নাম ধাম জাতি ব্যবসায়াদির পরিচয় লইয়া গৃহে গিয়া বিরহবেদনায় অধৈর্য্য হইল।

অনন্তর তাহার সহচরী তাহার মাতার অগ্রে পূর্ব্বাপর সমস্ত বৃত্তান্ত কহিল। তিনি তৎক্ষণাৎ মলয়কেতুর নিকটে কন্যার অভিপ্রায় ব্যক্ত করিলেন। রাজা মলয়কেতু স্বীয় পুত্র মিত্রাবসুকে আহ্বান করিয়া কহিলেন তোমার ভগিনী বিবাহযোগ্যা হইয়াছে। তদ্বিষয়ে আর নিশ্চিন্ত থাকা উচিত নহে। সমুচিত পাত্র অন্বেষণ করিতে হইবেক। কিন্তু শুনিলাম গন্ধর্ব্বাধিপতি রাজা জীমূতকেতু রাজ্যাধিকার পরিত্যাগ পূর্ব্বক কেবল নিজ পুত্র জীমূতবাহনকে সমভিব্যাহারে লইয়া মলয়াচলে আসিয়া বাস করিয়াছেন। আমার অভিপ্রায় জীমূতবাহনকে কন্যাদান করি। অতএব তুমি রাজা জীমূতকেতুর নিকটে গিয়া আমার মানস প্রকাশ কর।

মিত্রাবসু পিত্রাজ্ঞানুসারে জীমূতকেতুর সমীপে সবিশেষ সমস্ত কহিলে তিনি সম্মত হইলেন। এবং জীমূতবাহনকে মিত্রাবসুর সমভিব্যাহারে মলয়কেতুর নিকটে পাঠাইলেন। মলয়কেতু শুভ লগ্নে কন্যার বিবাহকার্য্য সম্পন্ন করিলেন। বর কন্যা পরস্পর চরিতার্থ হইয়া পরম সুখে কালক্ষেপ করিতে লাগিলেন।

এক দিন জীমূতবাহন ও মিত্রাবসু উভয়ে মলয়মহীধরের পরিসরে ভ্রমণ করিতে বাসনা করিয়া বাসস্থান হইতে বহির্গত হইলেন। ভূধরের উত্তর ভাগে উপস্থিত হইয়া দূর হইতে এক শ্বেতবর্ণ রাশি দর্শন করিয়া জীমূতবাহন মিত্রাবসুকে জিজ্ঞাসা করিলেন বয়স্য

গণ্ডশৈলের ন্যায় ধবলবর্ণ রাশীকৃত কি বস্তু দৃষ্ট হইতেছে। মিত্রাবসু কহিলেন মিত্র পূর্ব্বকালে গরুড়ের সহিত নাগগণের ঘোরতর যুদ্ধ হইয়াছিল। কিয়ৎকাল পরে নাগেরা সম্পূর্ণরূপে পরাজিত হইয়া সন্ধি প্রার্থনা করিলে গরুড় কহিলেন যদি তোমরা আমার আহারের নিমিত্ত প্রত্যহ এক২ নাগ উপহার দিতে পার তাহা হইলে আমি তোমাদের প্রার্থনায় সম্মত হই। নতুবা অদ্যই ভক্ষণ করিয়া নাগলোক নিঃশেষ করিব। নিরুপায় নাগেরা তাহাতেই সম্মত হইয়া আপন২ আলয়ে গমন করিল। তদবধি প্রতিদিন এক২ নাগ পাতাল হইতে আসিয়া ঐ স্থানে উপস্থিত থাকে। গরুড় মধ্যাহ্নকালে আসিয়া ভক্ষণ করেন। এই রূপে ভক্ষিত নাগগণের অস্থি দ্বারা ঐ পর্ব্বতাকার রাশি প্রস্তুত হইয়াছে।

শ্রবণমাত্র জীমূতবাহনের অন্তঃকরণ কারুণ্যরসে পরিপূর্ণ হইল। তখন তিনি মনে২ বিবেচনা করিলেন মধ্যাহ্নকাল আগতপ্রায়। অবশ্যই এক নাগ গরুড়ের সন্তোষার্থে পর্য্যায়ক্রমে উপস্থিত হইবেক। আমি আপন প্রাণ দিয়া তাহার প্রাণ রক্ষা করিব। অনন্তর কৌশলক্রমে শ্যালককে বিদায় করিয়া অস্থিরাশির নিকটবর্ত্তী হইয়া রোদনশব্দ শ্রবণ করিলেন। এবং ক্রমে২ সেই রোদনস্থানে উপস্থিত হইয়া দেখিলেন এক বৃদ্ধা নাগিনী শিরে করাঘাত পূর্ব্বক হাহাকারে উচ্চৈঃস্বরে রোদন করিতেছে। জিজ্ঞাসা করিলেন মা তুমি কি নিমিত্ত রোদন করিতেছ। সে গরুড়বৃত্তান্ত বর্ণন করিয়া কহিল অদ্য আমার পুত্র শঙ্খচূড়ের বার। ক্ষণকাল পরেই গরুড় আসিয়া তাহাকে ভক্ষণ করিবেক। আমার দ্বিতীয় পুত্র নাই। আমি এই দুঃখে দুঃখিনী হইয়া রোদন করিতেছি। জীমূতবাহন কহিলেন মা আর

রোদন করিও না। আমি আপন প্রাণ দিয়া তোমার পুত্রের প্রাণ রক্ষা করিব। নাগিনী কহিল বৎস তুমি কি কারণে পরের নিমিত্তে প্রাণত্যাগ করিবে। আর পরের পুত্র দিয়া আপন পুত্র রক্ষা করিলে আমারও অধর্ম্ম ও অকীর্ত্তি হইবেক।

এইরূপ উভয়ে কথোপকথন হইতেছে ইত্যবসরে শঙ্খচূড়ও তথায় উপস্থিত হইল। এবং জীমূতবাহনের অভিসন্ধি শুনিয়া তাহার পরিচয় গ্রহণ পূর্ব্বক বিশেষজ্ঞ হইয়া কহিল মহারাজ অন্যায় আজ্ঞা করিতেছেন। বিবেচনা করিয়া দেখুন আমার মত কত শত ব্যক্তি সংসারে জন্মিতেছে ও মরিতেছে তাহার সংখ্যা কারা যায় না। কিন্তু আপনার ন্যায় ধর্ম্মাত্মা দয়ালু সংসারে সর্ব্বদা জন্মগ্রহণ করেন না। অতএব আমার পরিবর্ত্তে আপনকার প্রাণত্যাগ করা কোন প্রকারেই উচিত ও উপযুক্ত নহে। যেহেতু আপনি জীবিত থাকিলে লক্ষ২ ব্যক্তির মহোপকার হইবেক। আমি জীবিত থাকিয়া কোন কালে কাহারও কোন উপকার করিতে পারিব না। মাদৃশ ব্যক্তির জীবন মরণ দুই তুল্য।

জীমূতবাহন কহিলেন শুন শংঙ্খচূড় প্রতিজ্ঞা করিয়াছি আপন প্রাণ দিয়া তোমার প্রাণরক্ষা করিব। আমি ক্ষত্রিয়জাতি। ক্ষত্রিয়েরা প্রতিজ্ঞাভঙ্গ অপেক্ষা প্রাণত্যাগ অতি লঘু ও সহজ বোধ করে। বিশেষতঃ প্রাণস্নেহে প্রতিজ্ঞা প্রতিপালনে পরাঙ্মুখ হইলে নরকগামী হইতে হয়। অতএব যখন স্বমুখে ব্যক্ত করিয়াছি অবশ্যই প্রাণ দিয়া তোমার প্রাণরক্ষা করিব। তুমি স্বস্থানে প্রস্থান কর। এই বলিয়া অশেষ প্রকার বিনয় ও অনুরোধবাক্যে শঙ্খচূড়কে বিদায় করিলেন। এবং তদীয় প্রতিশীর্ষ হইয়া গরুড়ের আগমনপ্রতীক্ষায়

নির্দ্দিষ্ট স্থানে উপবিষ্ট রহিলেন। শঙ্খচূড় রাজপুত্রের নির্ব্বন্ধ উল্লঙ্ঘনে অসমর্থ হইয়া অপ্রশস্তমনে বিরসবদনে মলয়াচলবাসিনী কাত্যায়নীর সন্নিধানে উপস্থিত হইল। এবং একাগ্রচিত্ত হইয়া প্রাণদাতা জীমূত-বাহনের প্রাণরক্ষার উপায় প্রার্থনা করিতে লাগিল।

নিরূপিত সময় উপস্থিত হইলে গরুড় আসিয়া চঞ্চুদ্বারা রাজ-পুত্রকে লইয়া আকাশমণ্ডলে আরোহণ পূর্ব্বক মণ্ডলাকারে ভ্রমণ করিতে লাগিল। কিয়ৎক্ষণ পরে জীমূতবাহনের দক্ষিণবাহুস্থিত নামাঙ্কিত মণিময় কেয়ূর শোণিতলিপ্ত হইয়া দৈবাৎ মলয়বতীর সম্মুখে পতিত হইল। মলয়বতী নামাক্ষরপরিচয় দ্বারা প্রিয়তমের প্রাণাত্যয় নিশ্চয় করিয়া শিরে করাঘাত পূর্ব্বক ভূতলে পতিত হইয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিল। তাহার পিতা মাতা ভ্রাতা কেয়ূর-দর্শনে বিষণ্ণ হইয়া হাহাকার করিতে লাগিলেন। রাজা মলয়কেতু ইতস্ততঃ বহুসংখ্যক লোক প্রেরণ করিয়া স্বয়ংপুত্রসহিত জীমূত-বাহনের অন্বেষণে নির্গত হইলেন।

শঙ্খচূড় কাত্যায়নীর আলয় হইতে রাজপরিবারের আকস্মিক কোলাহল শ্রবণ করিয়া সবিশেষ অনুসন্ধান দ্বারা জীমূতবাহনের অমঙ্গল বৃত্তান্ত জানিতে পারিয়া অশ্রুপূর্ণনয়নে পূর্ব্বস্থানে উপস্থিত হইল। এবং গরুড়কে সম্বোধন করিয়া উচ্চৈঃস্বরে কহিতে লাগিল হে বিহঙ্গরাজ তুমি শঙ্খচূড়ভ্রমে রাজা জীমূতবাহনকে লইয়া গিয়াছ। ইনি তোমার ভক্ষ্য নহেন। আমার নাম শঙ্খচূড় অদ্য আমার বার। তুমি রাজপুত্রকে পরিত্যাগ করিয়া আমাকে ভক্ষণ কর। নতুবা তোমাকে ঘোরতর অধর্ম্ম স্পর্শিবেক।

গরুড় শুনিয়া অত্যন্ত শঙ্কিত হইলেন। এবং মৃতকল্প জীমূত-

বাহনকে জিজ্ঞাসা করিলেন হে মহাপুরুষ তুমি কি নিমিত্তে আত্ম-প্রাণদানে উদ্যত হইয়াছ। রাজপুত্র কহিলেন অদ্য বা অব্দশতান্তে অবশ্যই মৃত্যু হইবেক। অতএব যে ব্যক্তি ক্ষণবিধ্বংসি ক্ষুদ্র শরীর ব্যয় দ্বারা পরোপকার করিয়া দিগন্তব্যাপিনী ও অনন্তকালস্থায়িনী কীর্ত্তি উপার্জন করে তাহারই এই সংসারে জন্ম গ্রহণ করা সার্থক। নতুবা স্বোদরপরায়ণ কাক কুক্কুর শৃগালাদি হইতে বিশেষ কি। এই বিবেচনায় আমি আপন প্রাণব্যয় দ্বারা শঙ্খচূড়ের প্রাণ রক্ষা করিতে আসিয়াছি। গরুড় শুনিয়া অত্যন্ত সন্তুষ্ট হইলেন। এবং জীমূত বাহনকে শত২ ধন্যবাদ দিয়া কহিলেন জগতে সকলেই আপন২ প্রাণ রক্ষাতেই যত্নবান। কিন্তু আপন প্রাণ দিয়া পরের প্রাণ রক্ষা করে এমত ব্যক্তি অতি বিরল। এতাদৃশ ব্যক্তিই যথার্থ সৎপুরুষ। যাহা হউক আমি তোমার দয়া ও সাহস দর্শনে অতিশয় সন্তুষ্ট হইয়াছি বর প্রার্থনা কর।

জীমূতবাহন কহিলেন হে খগেশ্বর যদি প্রসন্ন হইয়া থাক এই বর দাও যে তুমি আর অতঃপর নাগ হিংসা করিবে না। এবং এই দীর্ঘ কাল পর্য্যন্ত ভক্ষণ করিয়া যে অসংখ্য নাগের প্রাণ সংহার করিয়াছ তাহাদিগের জীবন দান কর। গরুড় তথাস্তু বলিয়া তৎক্ষণাৎ পাতাল হইতে অমৃত আনয়ন পূর্ব্বক অস্থিস্তূপের উপর সেচন করিয়া মৃত সমস্ত নাগের জীবন দান করিলেন। এবং জীমূতবাহনকে কহিলেন রাজকুমার আমার প্রসাদে তোমাদের অপহৃত রাজ্যের পুনরুদ্ধার হইবেক। এইরূপ বরপ্রদান করিয়া গরুড় অন্তর্হিত হইলে শঙ্খচূড়ও জীমূতবাহনের অশেষ প্রকার স্তুতি করিয়া বিদায় লইয়া স্বস্থানে প্রস্থান করিল।

অনন্তর জীমূতবাহন এইরূপ বরলাভে চরিতার্থ হইয়া আপন পিতার নিকট উপস্থিত হইলেন। এবং লোকদ্বারা শ্বশুরালয়ে আপন মঙ্গলময়ী বার্ত্তা প্রেরণ করিলেন। তাঁহাদের রাজ্যাপহারক জ্ঞাতিবর্গ বরপ্রদান বৃত্তান্ত শুনিয়া রাজা জীমূতকেতুর শরণাপন্ন হইল। এবং স্তুতি ও বিনতি দ্বারা প্রসন্ন করিয়া তাঁহাদের পিতা পুত্রকে রাজ্য পদে পুনঃ স্থাপন করিল।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ জীমূতবাহন ও শঙ্খচূড় এই উভয়ের মধ্যে কোন ব্যক্তির অধিক ভদ্রতা প্রকাশ হইল। বিক্রমাদিত্য কহিলেন শঙ্খচূড়ের। বেতাল কহিল কি প্রকারে। রাজা কহিলেন শঙ্খচূড় জীমূতবাহনের প্রাণদান বিষয়ে প্রথমতঃ কোন ক্রমেই সম্মত হয় নাই। পরিশেষে সম্মত হইয়াও কাত্যায়নীর নিকটে গিয়া উপকারকের মঙ্গল প্রার্থনা করিতে লাগিল। এবং পুনর্ব্বার আসিয়া জীবন দানে উদ্যত হইয়া জীমূতবাহনের প্রাণ রক্ষা করিল। বেতাল কহিল যে ব্যক্তি পরার্থে প্রাণদান করিল তাহার অধিক হইল না কেন। রাজা কহিলেন জীমূতবাহন ক্ষত্রিয়জাতি। ক্ষত্রিয়েরা প্রাণত্যাগ অতি অকিঞ্চিৎকর বোধ করে। অতএব এই জীবনদান জীমূতবাহনের পক্ষে তাদৃশ দুষ্কর নহে।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

ষোড়শ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

চন্দ্রশেখর নগরে রত্নদত্ত নামে এক বণিক্ বাস করিত। তাহার উন্মাদিনী নামে এক পরম সুন্দরী কন্যা ছিল। সে বিবাহযোগ্যা হইলে তাহার পিতা রত্নদত্ত তত্রত্য নরপতির নিকটে গিয়া নিবেদন করিল মহারাজ আমার এক সুরূপা কন্যা আছে। যদি আপনকার ইচ্ছা হয় গ্রহণ করুন। নতুবা অন্য ব্যক্তিকে দিব।

রাজা শুনিয়া দুই তিন বয়োবৃদ্ধ প্রধান রাজপুরুষদিগকে উন্মাদিনীর লক্ষণ পরীক্ষার্থে প্রেরণ করিলেন। তাহারা রাজকীয় আদেশানুসারে রত্নদত্তের আলয়ে উপস্থিত হইল। এবং উন্মাদিনীকে ইন্দ্রের অপ্সরা অপেক্ষাও রূপবতী ও সর্ব্বপ্রকারে সুলক্ষণা দেখিয়া পরামর্শ করিল এই কন্যা মহিষী হইলে রাজা ইহার বশতাপন্ন হইয়া একেবারেই রাজ্যচিন্তা পরিত্যাগ করিবেন। অতএব উত্তম কল্প এই রাজার নিকটে কুলক্ষণা বলিয়া পরিচয় দেওয়া যাউক। অনন্তর তাহারা রাজসমীপে পরামর্শানুরূপ সংবাদ দিলে তিনি তাহাদিগের বাক্যে বিশ্বাস করিয়া অস্বীকার করিলেন। তখন রত্নদত্ত প্রধান সৈন্যাধ্যক্ষ বলভদ্রবর্ম্মার সহিত আপন কন্যার বিবাহ দিল।

কিয়ৎ কাল পরে এক দিবস রাজা নগর ভ্রমণে নির্গত হইয়া সেনাপতির বাটীর নিকটে উপস্থিত হইলেন। তৎকালে উন্মাদিনী সর্ব্বপ্রকার বেশ ভূষা করিয়া অট্টালিকার উপরিভাগে দণ্ডায়মান ছিল। রাজা উন্মাদিনীকে নয়নগোচর করিয়া মোহিত ও উন্মত্ত

প্রায় হইয়া তৎক্ষণাৎ প্রত্যাগমন করিলেন। রাজাকে সহসা প্রত্যাগত ও বিচেতন দেখিয়া এক প্রিয় পার্শ্বচর জিজ্ঞাসা করিল মহারাজ কি নিমিত্তে আপনাকে আজি চলচিত্ত দেখিতেছি। রাজা কহিলেন অদ্য বলভদ্রের ভবনে এক স্ত্রী দেখিলাম তাহার লোকাতীত রূপ লাবণ্য দর্শনে আমার মন মোহিত হইয়াছে ও আমিও এই রূপ বিকল হইয়াছি।

পার্শ্বচর কহিল মহারাজ যাহাকে নিরীক্ষণ করিয়াছেন সে রত্নদত্তের কন্যা। তাহার নাম উন্মাদিনী। আপনি অস্বীকার করাতে সেনাপতি বলভদ্রের সহিত তাহার বিবাহ হইয়াছে। রাজা কহিলেন আমি যাহাদিগকে ঐ কন্যার লক্ষণ দেখিতে পাঠাইয়াছিলাম বুঝিলাম তাহারা প্রতারণা করিয়াছে। অনন্তর দৌবারিক দ্বারা তাহাদিগকে আহ্বান করিয়া কহিলেন অদ্য আমি নগর ভ্রমণে নির্গত হইয়া রত্নদত্তের কন্যাকে স্বচক্ষে দেখিয়াছি। জন্মাবচ্ছিন্নে তাহার তুল্য রূপবতী ও সুলক্ষণা নারী নিরীক্ষণ করি নাই। তবে তোমরা কি নিমিত্ত তৎকালে কুলক্ষণা কহিয়া আমাকে তাদৃশ স্ত্রীরত্ন লাভে বঞ্চিত করিলে।

রাজপুরুষেরা কৃতাঞ্জলি হইয়া নিবেদন করিল মহারাজ যাহা আজ্ঞা করিতেছেন যথার্থ বটে। কিন্তু তৎকালে আমরা বিবেচনা করিয়াছিলাম যে এরূপ সুরূপা কন্যা রাজমহিষী হইলে মহারাজ রাজকার্য্য পরিত্যাগ করিয়া অহোরাত্র অন্তঃপুরে অবস্থিতি করিবেন; তদ্দ্বারা রাজ্যভঙ্গ সম্ভাবনা। এই আশঙ্কায় আমরা এরূপ কল্পিত বাক্য দ্বারা মহারাজের নিকট কুলক্ষণা কহিয়াছিলাম। ইহাতে আমাদের যে অপরাধ হইয়াছে ক্ষমা করিতে আজ্ঞা হয়। রাজা তোমরা যাহা কহিলে যথার্থ বটে ইহা কহিয়া তাহাদিগকে

বিদায় দিলেন। কিন্তু আপনি নিতান্ত বিচেতন হইয়া দিন যামিনী কেবল উন্মাদিনীর মোহনী মূর্ত্তি চিন্তা করিয়া কালযাপন করিতে লাগিলেন। রাজার এই অবস্থা কর্ণপরম্পরায় সমস্ত নগর মধ্যে প্রচার হইলে সেনাপতি বলভদ্রবর্ম্মা রাজার নিকটে উপস্থিত হইয়া কৃতাঞ্জলিপুটে নিবেদন করিল মহারাজ বলভদ্র আপনকার দাস উন্মাদিনী দাসী। দাসীর নিমিত্তে এপর্য্যন্ত কষ্ট স্বীকারের আবশ্যকতা কি। মহারাজের আজ্ঞা হইলেই সে উপস্থিত হইতে পারে।

রাজা শুনিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইলেন। এবং কহিলেন আমার কি ধর্ম্মজ্ঞান নাই পরস্ত্রীস্পর্শ দ্বারা অধর্ম্ম সঞ্চয় করিব। শাস্ত্রকারেরা পরস্ত্রীতে মাতৃদৃষ্টি করিতে অনুমতি করিয়াছেন। বলভদ্র কহিল মহারাজ শাস্ত্রকারেরা ইহাও নির্দ্দিষ্ট করিয়াছেন পত্নীর উপরি পরিণেতার সর্ব্বতোমুখী প্রভুতা আছে। তদনুসারে আমি আপনাকে উন্মাদিনী দান করিতেছি। তাহা হইলে আর মহারাজের পরস্ত্রী সম্পর্ক দোষের আশঙ্কা কি। রাজা কহিলেন এরূপ করিলে ধর্ম্মতঃ কোন দোষ নাই বটে। কিন্তু যাহাতে সমস্ত সংসারে অপযশঃ হইবেক প্রাণান্তেও আমি এরূপ কর্ম্ম করিব না। যশোধনেরা এই পঞ্চীকৃত ভূতপঞ্চময় ক্ষণবিনশ্বর শরীরের অনুরোধে অবিনশ্বর যশঃশরীরের অপক্ষয় করেন না।

সেনাপতি কহিল মহারাজ আমি তাহাকে গৃহ হইতে বহিষ্কৃত করিয়া অন্য স্থানে রাখিব। তাহা হইলে সে সাধারণস্ত্রী হইবেক। তখন আর অপযশের সম্ভাবনা কি। রাজা শুনিয়া পূর্ব্বাপেক্ষা অধিক ক্রুদ্ধ হইয়া কহিলেন যদি তুমি পতিব্রতা নারীকে কুলটা কর তবে আমি তোমার গুরুতর দণ্ড বিধান করিব। এবং জন্মাবচ্ছিন্নেও

আর মুখাবলোকন করিব না। তখন বলভদ্র ভীত ও নিতান্ত নিরুপায় হইয়া প্রণাম করিয়া বিদায় লইল। কিন্তু রাজার উন্মাদিনী চিন্তাই কালস্বরূপিণী হইয়া দশম দিবসে প্রাণ সংহার করিল।

প্রভুভক্ত বলভদ্র এবম্বিধ ধর্ম্মশীল স্বামির প্রাণবিনাশ সংবাদ শ্রবণে অতিশয় শোক ও পরিতাপ প্রাপ্ত হইয়া মনে২ বিবেচনা করিল এতাদৃশ প্রভুর লোকান্তরগমনের পর আর প্রাণ ধারণের প্রয়োজন কি। বিবেচনা করিলে আমার নিমিত্তেই স্বামির এই অকালমৃত্যু হইল। জানি না জন্মান্তরে এই পাপে আমাকে কত যন্ত্রণা ভোগ করিতে হইবেক। অতএব এক্ষণে প্রাণত্যাগ রূপ প্রায়শ্চিত্ত করিয়া আত্মাকে বিশুদ্ধ করি। এইরূপ অধ্যবসায়ারূঢ় হইয়া প্রেতভূমিতে উপস্থিত হইল। এবং চিতা প্রস্তুত করিতে আদেশ দিয়া সূর্য্যাভিমুখে প্রার্থনা করিতে লাগিল ভগবন্ ভাস্কর আমি কৃতাঞ্জলি হইয়া একান্ত চিত্তে প্রার্থনা করিতেছি যেন এই রাজাই জন্মে২ আমার প্রভু হয়েন।

এই বলিয়া প্রজ্বলিত চিতায় আরোহণ করিলে তাহার পত্নী উন্মাদিনী মনে২ বিবেচনা করিল আমার আর জীবন ধারণ বৃথা। বরং এ সময়ে সহগমন করিলে পরকালে সদ্গতি পাইব। ধর্ম্মশাস্ত্র প্রবর্ত্তকেরা কহিয়াছেন সহগমন স্ত্রীলোকের পরম ধর্ম্ম। নারী চির কাল দুশ্চরিত্রা ও নানাবিধদুষ্কৃতকারিণী হইলেও কেবল সহগমন বলে স্বামির সহিত স্বর্গলোকে অনন্ত কাল সুখ সম্ভোগ করে। এবং পতি যদি অতি দুরাচার ও পাপাত্মা হয়েন। সহগমন প্রভাবে তাঁহারও উদ্ধারকারিণী হয়। এই ভাবিয়া সহগামিনী হইয়া প্রাণ পরিত্যাগ করিল।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ এই তিন জনের মধ্যে কোন ব্যক্তির সততা অধিক। বিক্রমাদিত্য কহিলেন রাজার। বেতাল কহিল কি নিমিত্তে। তিনি কহিলেন রাজা উন্মাদিনীর নিমিত্তে আত্ম জীবন পরিত্যাগ করিলেন। তথাপি অধর্ম্ম ও অপযশ ভয়ে পরস্ত্রীস্পর্শে প্রবৃত্ত হইলেন না। আর স্বামির নিমিত্ত সেবকের প্রাণত্যাগ করা উচিত কর্ম্ম। এবং স্ত্রীলোকেরও স্বামির সহগামিনী হওয়া প্রধান ধর্ম্ম। অতএব রাজার সততা সর্ব্বাপেক্ষা অধিক।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

সপ্তদশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

হেমকূট নগরে দেবশর্ম্মা নামে এক পরম ধার্ম্মিক ব্রাহ্মণ ছিলেন। তাঁহার গুণাকর নামে এক পুত্র ছিল। ঐ পুত্র বয়ঃপ্রাপ্ত হইয়া দ্যূতক্রীড়ায় অত্যন্ত আসক্ত হইল। এবং ক্রমে২ পিতার সর্ব্বস্ব দুরোদর মুখে আহুতি দিয়া পরিশেষে অর্থ নিমিত্ত তস্করবৃত্তি অবলম্বন করিল। তখন দেবশর্ম্মা তাহাকে গৃহ হইতে বহিষ্কৃত করিয়া দিলেন।

গুণাকর নিতান্ত নিরুপায় হইয়া ইতস্ততঃ ভ্রমণ করিতে২ কোন নগরের প্রান্তভাগে উপস্থিত হইল। এবং দেখিল এক সন্ন্যাসী শ্মশানে উপবেশন করিয়া যোগাভ্যাস করিতেছেন। তখন যোগির নিকটে গিয়া সাষ্টাঙ্গপ্রণিপাত পর্ব্বক সমীপদেশে উপবিষ্ট হইল। যোগী গুণাকরের প্রতি দৃষ্টিপাত দ্বারা তাহাকে ক্ষুধার্ত্ত বোধ করিয়া জিজ্ঞাসা করিলেন তুমি কিছু ভোজন করিবে। সে কহিল মহাশয় আপনি কৃপা করিয়া প্রসাদ দিলে অবশ্য ভোজন করিব। তখন তিনি এক নরকপালপূর্ণ অন্ন ব্যঞ্জন তাহার সম্মুখে রাখিয়া ভোজন করিতে কহিলেন। সে কহিল মহাশয় এ অন্ন ব্যঞ্জন ভোজন করিতে আমার প্রবৃত্তি হয় না।

তখন যোগী যোগাসনে আসীন হইয়া নয়নদ্বয় মুদ্রিত করিবামাত্র এক পরম সুন্দরী যক্ষকন্যা অঞ্জলিবন্ধ পুর্ব্বক তাঁহার সম্মুখ-বর্ত্তিনী হইয়া নিবেদন করিল মহাশয় দাসী উপস্থিত কি আজ্ঞা হয়। যোগী কহিলেন এই ব্রাহ্মণ বুভুক্ষু হইয়া আমার আশ্রমে আসিয়াছেন। ইহার যথোচিত অতিথি সৎকার কর।

যক্ষকন্যা যোগির আজ্ঞা প্রাপ্তি মাত্র মায়াবলে নিমিষমধ্যে এক রম্য হর্ম্ম্য নির্ম্মাণ করিল। এবং তাহাতে যথাযথ সুখসাধন বস্তুজাত সুসজ্জিত করিয়া পরিশেষে ব্রাহ্মণকে সমভিব্যাহারে লইয়া গেল। এবং নানাবিধ অন্ন ব্যঞ্জন মৎস্য মাংস মিষ্টান্ন প্রভৃতি দ্বারা ইচ্ছানুরূপ ভোজন করাইয়া তাহাকে মহার্হ বেশ ভূষা পরিধাপন পূর্ব্বক অপূর্ব্ব মণিময় পর্য্যঙ্কে শয়ন করাইল। পরে রজনী উপস্থিত হইলে স্বয়ং পরমরমণীয় বেশ ভূষা সমাধান করিয়া পল্যঙ্কের একদেশে উপবেশন পূর্ব্বক চরণ সেবা করিতে লাগিল। ফলতঃ গুণাকরের পরমসুখে রজনী যাপন হইল।

প্রভাতে নিদ্রাভঙ্গ হইলে যক্ষকন্যা ও তৎকৃত ব্যাপারের চিহ্নমাত্র ও দেখিতে না পাইয়া গুণাকর অত্যন্ত দুঃখিত মনে সন্ন্যাসির নিকটে গিয়া নিবেদন করিল মহাশয়ের প্রসাদে কল্য রাজভোগে রজনী যাপন করিয়াছি। কিন্তু নিশাবসানে সেই কামিনী প্রস্থান করিয়াছে। এবং তৎকৃত সেই সমস্ত হর্ম্ম্যাদিও লয় পাইয়াছে। যোগী কহিলেন যক্ষকন্যা বিদ্যাপ্রভাবে আসিয়াছিল। যে ব্যক্তি বিদ্যায় সিদ্ধ হয় তাহার নিকটে দীর্ঘকাল অবস্থিতি করে। গুণাকর কৃতাঞ্জলি হইয়া কহিল মহাশয় যদি কৃপাদৃষ্টি করিয়া উপদেশ দেন তাহা হইলে আমিও সেই বিদ্যার সাধনা করি। যোগী তদীয় বিনয়ের বশম্বদ হইয়া এক মন্ত্র উপদেশ দিয়া কহিলেন তুমি এই মন্ত্র লইয়া চত্বারিংশৎ দিবস অর্দ্ধরাত্র সময়ে জলাবগাহন পূর্ব্বক একাগ্রচিত্তে জপ কর।

অনন্তর গুণাকর সন্ন্যাসির আদেশানুরূপ জপ করিয়া তাঁহার নিকটে আসিয়া কহিল মহাশয় আপনকার আদেশানুসারে যথা নিয়মে

চল্লিশ দিন জপ করিয়াছি। এক্ষণে কি আজ্ঞা হয়। যোগী কহিলেন আর চল্লিশ দিন অগ্নিপ্রবেশ করিয়া জপ কর। তাহা হইলেই তুমি কৃতকার্য্য হইবে। তখন সে কহিল মহাশয় বহু দিবস হইল গৃহ পরিত্যাগ করিয়া আসিয়াছি। পিতা মাতা প্রভৃতিকে দেখিবার নিমিত্ত চিত্ত অত্যন্ত উৎকণ্ঠিত হইয়াছে। অতএব অগ্রে এক বার পরিবার সহিত সাক্ষাৎ করিয়া আসি। পশ্চাৎ আপনকার নিদেশানুরূপ মন্ত্র সাধন করিব। এই বলিয়া সন্ন্যাসির নিকট বিদায় লইয়া আপন আলয়ে প্রস্থান করিল।

গৃহে উপস্থিত হইবা মাত্র তাহার পিতা মাতা বহু কালের পর পুত্রকে গৃহাগত দেখিয়া অত্যন্ত রোদন করিতে লাগিলেন। এবং জিজ্ঞাসা করিলেন বৎস এত দিন তুমি কোথায় ছিলে। আমরা তোমার অদর্শনে মৃতপ্রায় হইয়া আছি। গুণাকর কহিল হে তাত হে মাতঃ আমি ইতস্ততঃ নানা স্থানে ভ্রমণ করিয়া পরিশেষে সৌভাগ্য ক্রমে এক পরম দয়ালু সন্ন্যাসির দর্শন পাইয়াছি। এবং তাঁহার শরণাপন্ন হইয়াছি। এক্ষণে তাঁহার উপদেশানুসারে মন্ত্র সাধন করিতেছি। তোমাদিগকে বহুকাল না দেখিয়া অতিশয় উৎকণ্ঠিত ও চলচিত্ত হইয়াছিলাম। তাহাতেই এক বার কিয়ৎ ক্ষণের নিমিত্ত দর্শন করিতে আসিয়াছি। সম্প্রতি জন্মের মত বিদায় লইয়া যোগসাধনার্থে পুনর্ব্বার প্রস্থান করিব।

এই বলিয়া পলায়নে উদ্যম করিলে তাহার জননী বাষ্পাকুল লোচনে গদ্গদ বচনে কহিতে লাগিলেন। বৎস এ তোমার যোগাভ্যাসের সময় নহে। গৃহস্থাশ্রমে থাকিয়া গৃহস্থ ধর্ম্ম প্রতিপালন কর। তাহা হইলেই তুমি যোগাভ্যাসের সম্পূর্ণ ফল পাইবে। গৃহস্থাশ্রম

সমস্ত আশ্রমের মূল এবং সমস্ত আশ্রম অপেক্ষা উৎকৃষ্ট। বিশেষতঃ পরম গুরু পিতা মাতার শুশ্রূষা করাই গৃহির প্রধান ধর্ম্ম। অতএব যাবৎ আমরা জীবিত আছি তাবৎ তোমার তীর্থযাত্রা বা যোগানুষ্ঠানের প্রয়োজন নাই। কেবল আমাদের শুশ্রূষা কর তাহাতেই তোমার পরম ধর্ম্ম লাভ হইবেক। আর বিবেচনা কর তুমি আমাদের এক মাত্র পুত্র। মা বলিয়া সম্বোধন করিতে দ্বিতীয় ব্যক্তি নাই। অন্ধের যষ্টির ন্যায় তুমি আমাদের জীবনের এক মাত্র অবলম্বন আছ। আমরা তোমাকে বিদায় দিয়া কোন ক্রমেই প্রাণ ধারণ করিতে পারিব না। অতএব এ দুর্বুদ্ধি পরিত্যাগ কর। আর যদি নিতান্তই যোগাভ্যাসের অভিলাষ হইয়া থাকে। অন্ততঃ আমাদিগের মৃত্যু পর্য্যন্ত অপেক্ষা কর। পরে ইচ্ছানুসারে ধর্ম্ম উপার্জন করিবে।

গুণাকর শুনিয়া কিঞ্চিৎ হাস্য করিল। এবং কহিল এই মায়াময় সংসার অতি অকিঞ্চিৎকর। ইহাতে লিপ্ত থাকিয়া কেবল জন্ম মৃত্যু পরম্পরারূপ দুর্ভেদ্য কঠিন শৃঙ্খলে বদ্ধ থাকিতে হয়। প্রত্যক্ষ পরিদৃশ্যমান পদার্থ মাত্রই মায়াপ্রপঞ্চ। বাস্তবিক কিছুই নহে। কে কাহার পিতা কে কাহার মাতা কে কাহার পুত্র। সকলি ভ্রান্তি মূলক। অতএব আর আমি বৃথা মায়ায় মুগ্ধ হইব না। এবং শ্রেয়ঃসাধন বোধ করিয়া যে পথ অবলম্বন করিয়াছি তাহাও পরিত্যাগ করিব না। এই বলিয়া পিতা মাতার নিকট বিদায় লইল। এবং সন্ন্যাসির আশ্রমে উপস্থিত হইয়া অগ্নিপ্রবেশ পূর্ব্বক মন্ত্র সাধনে যত্ন করিতে লাগিল। কিন্তু সিদ্ধ হইতে পারিল না।

ইহা কহিয়া বেতাল রাজা বিক্রমাদিত্যকে জিজ্ঞাসা করিল মহারাজ কি কারণে ব্রাহ্মণ সাধনা করিয়া সিদ্ধ হইতে পারিল না।

বিক্রমাদিত্য কহিলেন একাগ্রচিত্ত না হইলে মন্ত্র সিদ্ধি হয় না। ব্রাহ্মণের মনে একান্ত নিষ্ঠা ছিল না। সেই বৈগুণ্য প্রযুক্তই তাহার সাধনা বিফল হইল। ইহা শুনিয়া বেতাল কহিল যে সাধক মন্ত্রসিদ্ধি করিবার অভিলাষে এতাদৃশ দুঃসহ ক্লেশ স্বীকার করিলেক। সে একান্তচিত্ত হয় নাই তাহার প্রমাণ কি। বিক্রমাদিত্য কহিলেন সে একাগ্রচিত্ত হইলে পরিবারের নিমিত্ত চঞ্চলচিত্ত হইত না। এবং মধ্যে যোগভঙ্গ করিয়া তাহাদের দর্শনে যাইত না। ফলতঃ সকলি অদৃষ্টমূলক। নতুবা যোগাভ্যাস দ্বারা সর্ব্ব প্রকারে নির্ম্মম ও জ্ঞানসম্পন্ন হইয়া ও কি নিমিত্তে সিদ্ধপ্রায় সাধন ফলে বঞ্চিত হইল।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

অষ্টাদশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

কুবলয়পুরে ধনপতি নামে এক বনিক্ ছিলেন। তিনি ধনবতী-নাম্নী নিজ কন্যার গৌরী কালে গৌরীদত্তনামক এক ধনাঢ্য বণিকের সহিত বিবাহ দিলেন। কিয়ৎ কাল পরে ধনবতীর এক কন্যা জন্মিল। কন্যার নাম মোহিনী রাখিলেন। কালক্রমে গৌরী-দত্ত লোকান্তর প্রাপ্ত হইলে তাহার জ্ঞাতিবর্গ ধনবতীকে অসহায়িনী দেখিয়া তাহার সর্ব্বস্ব অপহরণ করিল। তখন সে নিতান্ত দুরবস্থাগ্রস্ত হইয়া কন্যা লইয়া তমিস্রা রজনীতে পিত্রালয়ে পলায়ন করিল।

কিয়দ্দূর গমন করিয়া পথ ভুলিয়া এক শ্মশানে উপস্থিত হইল। তথায় এক চোর রাজদণ্ডানুসারে তিন দিবস শূলোপরি আরোহিত ছিল। বিধিবিপাকে সে পর্য্যন্ত তাহার প্রাণ প্রয়াণ হয় নাই। দৈবযোগে ধনবতীর দক্ষিণ হস্ত সেই চোরের চরণে লগ্ন হইলে সে অত্যন্ত ব্যথিত হইয়া কহিল তুমি কে কি নিমিত্ত এমন সময়ে আমাকে মর্ম্মান্তিক যাতনা দিলে। ধনবতী কহিল আমি জ্ঞান পূর্ব্বক তোমাকে যন্ত্রণা দিই নাই। যাহা হউক আমার অপরাধ ক্ষমা কর। অনন্তর আত্মপরিচয় দিয়া চোরকে জিজ্ঞাসা করিল তুমি কে কি নিমিত্তে শ্মশানে আছ ও কি দুঃখ ভোগ করিতেছ বল।

চোর কহিল আমি বনিক্ জাতি। চৌর্য্যাপরাধে শূলে আরোপিত হইয়াছি। অদ্য তৃতীয় দিবস হইল তথাপি প্রাণ নির্গত হইতেছে না। তাহাতেই অত্যন্ত যন্ত্রণা ভোগ করিতেছি। জন্ম কালে

জ্যোতির্ব্বেত্তারা গণনা দ্বারা স্থির করিয়াছিলেন অবিবাহিত অবস্থায় আমার মৃত্যু হইবেক না। যাবৎ বিবাহ না হইবেক তাবৎ এই অবস্থায় এইরূপ যন্ত্রণা ভোগ করিব। অতএব যদি তুমি কৃপা করিয়া কন্যা দান কর তবেই এই অসহ্য যাতনা হইতে পরিত্রাণ পাই। আর আমার চিরসঞ্চিত কোটি সুবর্ণ আছে। যদি আমার প্রার্থনা সিদ্ধি কর সমুদায় তোমাকেই দি।

ধনবতী অর্থলোভে বিমূঢ় হইয়া মনেং মলিমুচের প্রার্থনায় সম্মতপ্রায় হইল। এবং কহিল বহুকালাবধি আমার দৌহিত্র মুখ দর্শনের বাসনা আছে। কিন্তু তোমাকে কন্যাদান করিলে আমার সে বাসনা সম্পন্ন হয় না। নতুবা আমার আর কোন আপত্তি নাই। চোর কহিল তুমি এক্ষণে কন্যাদান করিয়া আমাকে যন্ত্রণা হইতে মুক্ত কর। আমি অনুমতি করিতেছি তোমার কন্যা বয়ঃপ্রাপ্ত হইলে এক সুরূপ ব্রাহ্মণকুমারকে ধনদান দ্বারা সম্মত করিয়া তদ্দ্বারা ক্ষেত্রজ পুত্র উৎপন্ন করিয়া লইবে। তাহা হইলে তোমারও বাসনা পূর্ণ হইল। এবং আমিও এই দুঃসহ যন্ত্রণা হইতে পরিত্রাণ পাইলাম।

অনন্তর ধনবতী কন্যা প্রদান করিল। তখন চোর কহিল এই পুরোবর্ত্তি গ্রামের পশ্চিম প্রান্তে আমার গৃহ। তৎপূর্ব্বভাগে কূপের নিকট এক বট বৃক্ষ আছে। তাহার মূলে উক্ত সমস্ত সম্পত্তি স্থাপিত আছে। যাইয়া গ্রহণ কর। ইহা কহিবা মাত্র চোরের প্রাণ বিয়োগ হইল। এবং ধনবতীও চৌরনির্দ্দিষ্ট ন্যগ্রোধ বৃক্ষের মূল খনন পূর্ব্বক সমস্ত স্বর্ণমুদ্রা হস্তগত করিয়া পিত্রালয়ে প্রস্থান করিল। পরে পিতাকে পূর্ব্বাপর সমুদয় বৃত্তান্ত অবগত করাইয়া তাঁহার হস্তে সমস্ত সম্পত্তি সমর্পণ পূর্ব্বক তদীয় আবাসে বাস করিতে লাগিল।

কিয়ৎকাল পরে মোহিনী যৌবনবতী হইল। সে এক দিবস স্বীয় সহচরীগণ সঙ্গে গবাক্ষদ্বার দিয়া রথ্যা নিরীক্ষণ করিতেছে। দৈবযোগে এই অবসরে এক পরমসুন্দর বিংশতিবর্ষীয় ব্রাহ্মণতনয় তথায় উপস্থিত হইল। তাহাকে অবলোকন করিয়া মোহিনীর মন মোহিত হইল। তখন সে আপন এক প্রিয় সহচরীকে কহিল তুমি এই ব্রাহ্মণকে আমার মার নিকটে লইয়া যাও। সখী তৎক্ষণাৎ ব্রাহ্মণতনয়কে লইয়া তাহার জননীর নিকট উপস্থিত করিলে সে চৌর বৃত্তান্ত স্মরণ করিয়া ব্রাহ্মণকুমারকে প্রার্থনানুরূপ অর্থ দিয়া কন্যার পুত্রোৎপাদনার্থে নিয়োগ প্রদান করিল।

কন্যা তৎসংযোগে গর্ভবতী ও যথাকালে পুত্রবতী হইল। সূতিকাষষ্ঠী রজনীতে মোহিনী স্বপ্নে দেখিল দুই হস্ত পঞ্চ মস্তক প্রতি মস্তকে তিন২ চক্ষুঃ ও এক২ অর্দ্ধচন্দ্র অতিদীর্ঘ জটাভার পৃষ্ঠভাগে লম্বমান দক্ষিণ হস্তে ত্রিশূল বাম হস্তে নরকপাল ব্যাঘ্রচর্ম্ম পরিধান ভুজঙ্গের মেখলা উজ্জ্বল রজতগিরি তুল্য শরীর অতিশুভ্র নাগযজ্ঞোপবীত ভস্মভূষিত সর্ব্বাঙ্গ এবম্বিধ আকার ও বেশ বিশিষ্ট বৃষভারূঢ় এক পুরুষ তাহার সম্মুখে আসিয়া কহিতেছেন বৎসে মোহিনি তোমার পুত্র জন্মিয়াছে। আমি অতিশয় আহ্লাদিত হইয়াছি। ঐ বালক ক্ষণজন্মা। তুমি আমার আজ্ঞানুসারে ঐ শিশুকে সহস্র সুবর্ণ সহিত পেটকমধ্যগত করিয়া কল্য অর্দ্ধরাত্র সময়ে রাজদ্বারে রাখিয়া আসিবে। রাজা তাহাকে পুত্রবৎ প্রতিপালন করিবেক। এবং পরিশেষে রাজার স্বর্গারোহণের পর তোমার পুত্র তদীয় সিংহাসনের অধিকারী হইয়া ক্রমে ২ নিজ প্রতাপ ও নীতিবিদ্যা প্রভাবে সসাগরা সদ্বীপা পৃথিবীর অদ্বিতীয় অধিপতি হইবেক। এমত কালে মোহিনীর নিদ্রা

ভঙ্গ হইলে সে আপন জননীর নিকটে গিয়া সমস্ত বৃত্তান্ত বর্ণন করিল। ধনবতী শুনিয়া অত্যন্ত আনন্দিত হইল।

পরদিন নিশীথ সময়ে ঐ শিশুকে সহস্র স্বর্ণমুদ্রা সহিত পেটক মধ্যস্থ করিয়া রাজদ্বারে রাখিয়া আসিল। সেই সময়ে রাজাও স্বপ্নে দেখিতেছেন যে পূর্ব্বোক্তপ্রকার পুরুষ তাঁহার সম্মুখবর্ত্তী হইয়া কহিতেছেন মহারাজ গাত্রোত্থান কর। এক চক্রবর্ত্তিলক্ষণাক্রান্ত সন্তান পেটকমধ্যশায়ী তোমার দ্বারদেশে উপনীত। অবিলম্বে আনয়ন করিয়া পুত্রনির্ব্বিশেষে ভরণ পোষণ কর। উত্তরকালে সেই তোমার উত্তরাধিকারী হইবেক এবং পুত্রকার্য্য করিবেক।

রাজার তৎক্ষণাৎ নিদ্রাভঙ্গ হইল। তখন তিনি আপন মহিষীকে জাগরিত করিয়া স্বপ্নবৃত্তান্ত সমস্ত শ্রবণ করাইলেন। অনন্তর উভয়ে দ্বারদেশে আসিয়া পেটক পতিত দেখিয়া অত্যন্ত আহ্লাদিত হইলেন। এবং তৎক্ষণাৎ পেটকের মুখোদ্ঘাটন করিয়া দেখিলেন বালক রূপে পেটক আলোকময় করিয়াছে। রাজ্ঞী পুত্রকে ক্রোড়ে লইয়া অগ্রে চলিলেন। এবং রাজা স্বর্ণমুদ্রা গ্রহণ পূর্ব্বক পশ্চাৎ২ চলিলেন।

প্রভাত হইবা মাত্র রাজা আপন সভার সামুদ্রিকবেত্তা পণ্ডিতগণে আহ্বান করিয়া দেবপ্রসাদলব্ধ বালকের লক্ষণ পরীক্ষার্থে আজ্ঞা প্রদান করিলেন। ব্রাহ্মণেরা দৃষ্টিগোচর করিয়া কহিলেন মহারাজ আপাততঃ তিন স্পষ্ট সুলক্ষণ দৃষ্ট হইতেছে উন্নত ললাট বিস্তৃত বক্ষঃস্থল ও দীর্ঘ আকার। পরে শাস্ত্রানুসারে পরীক্ষা করিয়া কহিলেন সামুদ্রিক শাস্ত্রে পুরুষের দ্বাত্রিংশৎ শুভ লক্ষণ লিখিয়াছেন। মহারাজ সেই সমুদায় এই একাধারে লক্ষ্য হইতেছে। অতএব এই বালক সমস্ত পৃথিবীর সম্রাট হইবেন সন্দেহ নাই।

রাজা পরম পরিতোষ প্রাপ্ত হইয়া পারিতোষিক প্রদান পূর্ব্বক ব্রাহ্মণদিগকে বিদায় করিয়া দীন দরিদ্র অনাথ প্রভৃতিকে প্রার্থনাধিক অর্থদান দ্বারা সন্তুষ্ট করিলেন। ষষ্ঠ মাসে অন্ন প্রাশন দিয়া বালকের নাম হরদত্ত রাখিলেন। বালক অল্পকাল মধ্যে ষট্ শাস্ত্র ও চতুর্দ্দশ বিদ্যায় পারদর্শী হইলেন। এবং রাজার লোকান্তর প্রাপ্তি হইলে তদীয় সিংহাসনে আরোহণ করিয়া ক্রমে২ সমস্ত ভূমণ্ডলে আপন আধিপত্য স্থাপন করিলেন। কিয়ৎকাল পরে তীর্থযাত্রায় নির্গত হইয়া প্রথমতঃ পিতৃকৃত্য সম্পাদনার্থে গয়াধামে উপস্থিত হইলেন। এবং ফল্গু নদীর তীরে যথাবিধি শ্রাদ্ধ করিয়া পিতৃপিণ্ড প্রদানে উদ্যত হইলে নদীমধ্য হইতে পিণ্ড গ্রহণার্থে তিন জনের তিন দক্ষিণ হস্ত নির্গত হইল। এক ক্ষেত্রিক চোরের। দ্বিতীয় বীজি ব্রাহ্মণের। তৃতীয় প্রতিপালক রাজার।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ এক্ষণে ইহাদিগের মধ্যে কোন ব্যক্তি শাস্ত্র ও যুক্তি অনুসারে হরদত্তদত্ত পিণ্ড গ্রহণে অধিকারী হইতে পারেন। রাজা কহিলেন চোর। বেতাল কহিল অন্যেরা কি অপরাধ করিয়াছে। রাজা কহিলেন ব্রাহ্মণ অর্থ লইয়া বীজ বিক্রয় করিয়াছেন। এবং রাজাও সহস্র সুবর্ণ লইয়া প্রতিপালনাদি করিয়াছেন। অতএব তাহাদের পিণ্ড গ্রহণে অধিকার হইতে পারে না।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

ঊনবিংশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

চিত্রকূট নগরে রূপদত্ত নামে এক রাজা ছিলেন। তিনি এক দিন একাকী অশ্বারোহণ করিয়া মৃগয়ায় গমন করিলেন। মৃগের অন্বেষণে ইতস্ততঃ অনেক ভ্রমণ করিয়া পরিশেষে এক ঋষির আশ্রমে উপস্থিত হইলেন। তথায় এক পরম রমণীয় সরোবর ছিল। তাহার তীরে গিয়া দেখিলেন কমল সকল প্রফুল্ল হইয়া আছে। মধুকরেরা মধু পানে মত্ত হইয়া কমল হইতে কমলান্তরে ভ্রমণ করত গুন২ রবে গান করিতেছে। এবং হংস সারস বক চক্রবাক প্রভৃতি জলবিহঙ্গম গণ তাহার তীরে ও নীরে বিহার করিতেছে। আর চারি দিকে কিশলয়কুসুমসুশোভিত নানাবিধ পাদপ সমূহ বসন্তলক্ষ্মীর সৌ-ভাগ্য প্রকাশ করিতেছে। তাহাদের ছায়াপ্রধান প্রদেশে শীতল সুগন্ধ গন্ধবহের মন্দ মন্দ সঞ্চার হইতেছে। রাজা মৃগয়া ব্যাপারে অত্যন্ত পরিশ্রান্ত ছিলেন। অতএব বৃক্ষমূলে অশ্ব বন্ধন করিয়া তথায় উপবেশন পূর্ব্বক শ্রান্তি দূর করিতে লাগিলেন।

কিয়ৎক্ষণ পরে এক অতি রূপবতী যুবতী ঋষিকন্যা আসিয়া সেই সরোবরে স্নান করিতে অবতীর্ণ হইল। রাজা দর্শন মাত্র কামদেবের আজ্ঞার অধীন হইলেন। স্নানবিধি সমাপন করিয়া ঋষিতনয়া আশ্রমাভিমুখী হইলে রাজা তাহার সম্মুখবর্ত্তী হইয়া কহিলেন ঋষিকন্যে তোমার এ কেমন ধর্ম্ম। আমি আতপে তাপিত হইয়া বিশ্রামার্থে তোমার আশ্রমে অতিথি হইলাম। কিন্তু তুমি এমত আতিথেয়ী যে একবার সম্ভাষণ দ্বারাও আমার সৎকার করিলে না। ঋষিকন্যা শুনিয়া দণ্ডায়মান হইলেন।

এই অবসরে ঋষিও বনান্তর হইতে কুশ সমিধ ফল পুষ্প আরহণ করিয়া প্রত্যাবৃত্ত হইলেন। রাজা দর্শন মাত্র আত্ম পরিচয় প্রদান পূর্ব্বক সাষ্টাঙ্গ প্রণিপাত করিলে ঋষি মনোভীষ্টসিদ্ধির্ভবত্ত বলিয়া রাজাকে আশীর্ব্বাদ করিলেন। রাজা আশীর্ব্বাদ বাক্য শ্রবণে মনে২ দুষ্ট অভিসন্ধি করিয়া কৃতাঞ্জলি হইয়া নিবেদন করিলেন মহাশয় আমি শুনিয়াছি কালত্রয়ে ঋষিবাক্য অন্যথা হয় না। আপনি আমাকে আশীর্ব্বাদ করিলেন আমার মনের অভিলাষ পূর্ণ হইবেক। কিন্তু আমি তাহার কোন সম্ভাবনা দেখিতেছি না। ঋষি কহিলেন আমি কহিতেছি অবশ্যই তোমার অভিলাষ পূর্ণ হইবেক। তখন রাজা অনায়াসে কহিলেন আমি এই কন্যার কর গ্রহণের অভিলাষ করিয়াছি।

ঋষি রাজার দুষ্ট অভিপ্রায়ে মনে২ কুপিত হইয়াও আপন আশীর্ব্বাদ যথার্থ করিবার নিমিত্ত রাজাকে কন্যা সম্প্রদান করিলেন। রাজা নবপ্রণয়িনীকে সমভিব্যাহারিণী করিয়া রাজধানী প্রতি চলিলেন। কিয়দ্দূরে গিয়া রজনী উপস্থিত হইল। রাজা যথা সম্ভব ফল মূলাদি দ্বারা যথা কথঞ্চিৎ ক্ষুধা নিবৃত্তি করিয়া প্রেয়সীর সহিত তরুতলে শয়ন করিলেন।

অর্দ্ধরাত্র সময়ে এক দুর্দ্দান্ত রাক্ষস আসিয়া রাজাকে জাগরিত করিয়া কহিল আমি অত্যন্ত ক্ষুধার্ত্ত হইয়া আসিয়াছি। অতএব তোমার ভার্য্যাকে ভক্ষণ করিব। রাজা কহিলেন তুমি আমার প্রাণাধিকা প্রেয়সীকে পরিত্যাগ কর। অন্য যাহা প্রার্থনা করিবে তাহাই আনিয়া দিব। তখন রাক্ষস কহিল যদি তুমি প্রশস্ত মনে স্বহস্তে সপ্তমবর্ষীয় ব্রাহ্মণ বালকের শিরশ্ছেদ করিয়া আমার হস্তে

দিতে পার তাহা হইলে আমি তোমার প্রিয়তমাকে পরিত্যাগ করি। রাজা কামান্ধতা প্রযুক্ত প্রিয়াপ্রাণরক্ষার্থে ব্রহ্মহত্যাতেও সম্মত হইলেন। এবং কহিলেন তুমি সপ্তম দিবসে আমার রাজধানীতে যাইবে। আমি তোমার প্রার্থিত বস্তু প্রদান করিব।

এই রূপে রাজাকে ব্রহ্মবধ প্রতিজ্ঞায় বদ্ধ করিয়া রাক্ষস আপন স্থানে প্রস্থান করিল। রাজাও প্রভাত হইবা মাত্র প্রেয়সী সমভি-ব্যাহারে রাজধানীতে আসিয়া প্রধান মন্ত্রির সমক্ষে রাক্ষস বৃত্তান্ত বর্ণন করিলেন। মন্ত্রী কহিল মহারাজ আপনি এতদর্থে উৎকণ্ঠিত হইবেন না। আমি অনায়াসে এই বিষয় সম্পন্ন করিয়া দিব। রাজা মন্ত্রিবাক্যে নির্ভর করিয়া নিশ্চিন্ত হইয়া নব প্রণয়িণীর সহিত পরম সুখে কালযাপন করিতে লাগিলেন।

মন্ত্রী এক পুরুষপ্রমাণ কাঞ্চনময়ী প্রতিমূর্ত্তি নির্ম্মাণ করাইয়া রত্নালঙ্কারে মণ্ডিত করিয়া নগরের চতুষ্পথে স্থাপন করিল। এবং প্রচার করিয়া দিল যে ব্রাহ্মণ বলিদানার্থে সপ্তমবর্ষীয় পুত্র প্রদান করিবেন তিনি এই প্রতিমূর্ত্তি প্রাপ্ত হইবেন।

নগরবাসি এক অতি দরিদ্র ব্রাহ্মণের সপ্তমবর্ষীয় পুত্র ছিল। ব্রাহ্মণ ঘোষণার বিষয় অবগত হইয়া ব্রাহ্মণীর নিকট কহিল দেখ নির্ধন ব্যক্তির সংসারাশ্রমে বাস করা বিড়ম্বনা মাত্র। ধনই ধর্ম্ম ও সুখের মূল। আমি জন্মদরিদ্র। চিরকালের মধ্যে সংসারের কোন সুখের আস্বাদ পাইলাম না। এক্ষণে ধনাগমের এই এক সহজ উপায় উপস্থিত। যদি তুমি অনুমতি কর পুত্র দিয়া স্বর্ণময়ী প্রতিমূর্ত্তি লইয়া আসি। তাহা হইলে চিরকাল পরম সুখে কালযাপন করিতে পারিব।

ব্রাহ্মণী সম্মতা হইলেন। ব্রাহ্মণ পুত্র দিয়া প্রতিমূর্ত্তি লইয়া

তদ্বিক্রয় দ্বারা ধন সংগ্রহ করিলেন। সপ্তম দিবসে প্রত্যূষ সময়ে রাক্ষস সভায় আসিয়া রাজার সহিত সাক্ষাৎ করিবামাত্র মন্ত্রী সপ্তম-বর্ষীয় ব্রাহ্মণবালক ও তীক্ষ্নধার খড়্গ আনিয়া রাজার সম্মুখে রাখিল। অনন্তর রাজা শিরচ্ছেদার্থে খড়্গ উদ্যত করিলে পর ব্রাহ্মণবালক অধোমুখে ঈষৎ হাস্য করিল। রাজা অম্লান মুখে তাহার মস্তক চ্ছেদন করিয়া রাক্ষসের হস্তে সমর্পণ করিলেন।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ মৃত্যু সময়ে সকলেই রোদন করিয়া থাকে বালক হাস্য করিল কেন বল। রাজা কহিলেন বাল্য কালে পিতা মাতা প্রতিপালন ও রক্ষণাবেক্ষণ করেন। এবং তৎপরে কোন বিপদ ঘটিলে রাজা রক্ষা করিয়া থাকেন। কিন্তু আমার ভাগ্যে সকলই বিপরীত হইল। পিতা মাতা অর্থলোভে বিক্রয় করিলেন। এবং প্রাণ ভয়ে যে রাজার শরণাগত হইব। তিনিই স্বয়ং মস্তক চ্ছেদনে উদ্যত। মনে ২ এই অনুশোচনা করিয়া সে হাস্য করিল সন্দেহ নাই।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

বিংশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

বিশালপুর নাম নগরে অর্থদত্ত নামে এক ধনাঢ্য বণিক ছিল। সে কমলপুরনিবাসি মদনদাসনামক এক বণিকের সহিত আপন কন্যা অনঙ্গমঞ্জরীর বিবাহ দিয়াছিল। কিয়ৎকাল পরে মদনদাস ভার্য্যাকে তাহার পিত্রালয়ে রাখিয়া বাণিজ্যার্থে দ্বীপান্তরে প্রস্থান করিল।

এক দিবস অনঙ্গমঞ্জরী গবাক্ষদ্বার দিয়া রাজমার্গ অবলোকন করিতেছে। এই অবসরে দৈবযোগে কমলাকরনামক এক সুকুমার ব্রাহ্মণকুমার তথায় উপস্থিত হইল। অনন্তর উভয়ের নয়নে ২ আলিঙ্গন হইলে পর পরস্পর পরস্পরের রূপ লাবণ্য দর্শনে মোহিত হইল। ব্রাহ্মণকুমার কামশর প্রহারে নিকাম ব্যাকুল হইয়া গৃহগমন পূর্ব্বক প্রিয় বয়স্যের নিকট স্বীয় বিরহ বেদনা নিবেদন করিয়া বিচেতন ও শয্যাগত হইল। তাহার সখা উশীরাম্বুলেপন চন্দনবারি সেচন সরসকমলদলশয্যা ও জলার্দ্র তালবৃন্ত সঞ্চালন প্রভৃতি দ্বারা শুশ্রূষা করিতে লাগিল।

এ স্থানে অনঙ্গমঞ্জরীও অনঙ্গশর প্রহারে জর্জ্জরিতাঙ্গী হইয়া ভূমি শয্যা অবলম্বন করিলে তাহার সখী সবিশেষ জিজ্ঞাসা দ্বারা সমস্ত অবগত হইয়া প্রবোধদানছলে অনেক ভর্ৎসনা করিল। তখন সে কহিল সখি আমি নিতান্ত অবোধ নহি। কিন্তু মন আর প্রবোধ মানে না। নির্দ্দয় কন্দর্পের নিরন্তর শর প্রহারে আমি জর্জ্জরিত হইয়াছি। আর আমি যাতনা সহ্য করিতে পারি না। যদি সেই

চিত্তচোরকে ধরিয়া দিতে পার তাহা হইলেই প্রাণ ধারণ করিব। নতুবা আত্মঘাতিনী হইব।

এই বলিয়া অশ্রুপূর্ণ নয়নে অত্যায়ত নিশ্বাস পরিত্যাগ করিতে লাগিল। তখন তাহার সহচরী কালবিলম্ব অনুচিত বোধ করিয়া কমলাকরের আলয়ে গমন পূর্ব্বক তাহাকেও স্বীয় সহচরীর তুল্যাবস্থ দেখিয়া মনে২ বিবেচনা করিল দুরাত্মা কন্দর্পের কিছুই অসাধ্য নাই। কি স্ত্রী কি পুরুষ সকলকেই সমান রূপে কুসুমময় শরাসনের আজ্ঞাকারী করিতে পারে। অনন্তর কমলাকরের নিকটে উপস্থিত হইয়া কহিল অর্থদত্তশেঠের কন্যা অনঙ্গমঞ্জরী প্রার্থনা করিতেছে যে তুমি যাইয়া তাহার প্রাণ দান কর। কমলাকর শুনিয়া তৎক্ষণাৎ গাত্রোত্থান করিল। এবং কহিল আপাততঃ তুমি এই অমৃতায়মান মনোহর বাক্য দ্বারা আমার প্রাণ দান করিলে।

পরে সহচরী কমলাকরকে সমভিব্যাহারে লইয়া অনঙ্গমঞ্জরীর আবাসে উপস্থিত হইয়া দেখিল সে প্রাণ পরিত্যাগ করিয়াছে। কমলাকর হা প্রেয়সি বলিয়া দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক ভূতলে পতিত হইল ও তৎক্ষণাৎ প্রাণত্যাগ করিল।

অনন্তর অনঙ্গমঞ্জরীর গৃহ জন এই সমস্ত বৃত্তান্ত অবগত হইয়া উভয়কে শ্মশানে লইয়া এক চিতায় অগ্নিদান করিল। দৈব যোগে অর্থদত্তের জামাতা মদনদাসও সেই সময়ে শ্বশুরালয়ে উপস্থিত হইল। এবং নিজ ভার্য্যা অনঙ্গমঞ্জরীর মৃত্যু বৃত্তান্ত শুনিয়া হাহাকার করিতে২ ঊর্দ্ধশ্বাসে শ্মশানে গিয়া জ্বলচ্চিতায় ঝম্প প্রদান পূর্ব্বক প্রাণ ত্যাগ করিল।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ এই তিনের মধ্যে

কোন ব্যক্তি অধিক কামাতুর। রাজা কহিলেন মদনদাস। বেতাল বলিল কি প্রকারে। রাজা কহিলেন। তাহার স্ত্রী পরপুরুষে অনুরাগিণী হইয়া বিরহে প্রাণ ত্যাগ করিল। তাহাতে তাহার অন্তঃকরণে বিরাগ জন্মিল না। প্রত্যুত তাহার বিয়োগে প্রাণ ধারণ করিতে অসমর্থ হইয়া অগ্নি প্রবেশ করিল।

ইহা শুনিয়া বেতালত্যাদি।

একবিংশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

জয়স্থল নগরে বিষ্ণুস্বামী নামে এক ধর্ম্মাত্মা ব্রাহ্মণ ছিলেন। তাঁহার চারি পুত্র ছিল। চারিই কুপুত্র। এক জন দ্যূতাসক্ত। দ্বিতীয় বেশ্যানুরক্ত। তৃতীয় নির্লজ্জ। চতুর্থ নাস্তিক। ব্রাহ্মণ পুত্রের-দের অসদ্ব্যবহার ও কদাচার দর্শনে অতিশয় বিরক্ত হইয়া এক দিবস চারি জনকে একত্র করিয়া এইরূপ ভৎর্সনা করিতে লাগিলেন।

যে ব্যক্তি দ্যূতক্রীড়ায় আসক্ত হয় কমলা ভ্রান্তিক্রমেই তাহার প্রতি দৃষ্টিপাত করেন না। ধর্ম্মশাস্ত্রে লিখিত আছে নাসাকর্ণচ্ছেদন পূর্ব্বক গর্দ্দভে আরোহণ করাইয়া দ্যূতকারিকে দেশ হইতে বহিষ্কৃত করিবেক। দ্যূতাসক্ত ব্যক্তি হিতাহিত বিবেচনা ও ধর্ম্মাধর্ম্মজ্ঞান শূন্য হয়। ধর্ম্মনন্দন রাজা যুধিষ্ঠির দ্যূতাসক্ত হইয়া সমস্ত সাম্রাজ্য ও আপন ভার্য্যা পর্য্যন্ত হারাইয়া পরিশেষে বনবাস দুঃখে কাল যাপন করিয়াছিলেন।

আর যে ব্যক্তি বেশ্যার মায়ায় মোহিত হয় সে সুখভ্রমে দুঃখার্ণবে মগ্ন হয়। লম্পটেরা বেশ্যানুরাগে সর্ব্বস্বান্ত করিয়া পরিশেষে চৌর্য্যবৃত্তি অবলম্বন করে। এবং গুরূপদেশ বিষসদৃশ বোধ করে। ফলতঃ বেশ্যানুরক্ত ব্যক্তির সত্ব শীল যশঃ আচার বিচার নিয়ম ধর্ম্ম সমস্তই নষ্ট হয়।

আর যে ব্যক্তি নিলর্জ্জ তাহাকে ভৎর্সনা বা উপদেশ করা অনর্থক। তাহার লোকনিন্দার ভয় থাকে না। এবং গর্হিত কর্ম্ম করিয়াও ঘৃণা বোধ

হয় না। ফলতঃ এবম্বিধ ব্যক্তির যত ত্বরায় মৃত্যু হয় ততই মঙ্গল।

আর যে ব্যক্তি পরকালের ভয় না করে। দেবতা ও গুরুজনে শ্রদ্ধাবান না হয়। এবং সনাতন বেদাদি শাস্ত্রে আস্থাশূন্য হয়। সে অতি পাষণ্ড। তাহার সহিত বাক্যালাপ করিলেও অধর্ম্ম জন্মে।

লোকে পুত্র প্রার্থনায় জপ তপঃ দান ধ্যান ব্রত উপবাসাদি করে। কিন্তু আমি কায়মনোবাক্যে তোমাদের মৃত্যু প্রার্থনা করিতেছি।

পিতার এই প্রকার তিরস্কার বাক্য শ্রবণ করিয়া চারি জনেরই অন্তঃকরণে বৈরাগ্য উদয় হইল। তখন তাহারা পরস্পর কহিতে লাগিল বাল্যকালে বিদ্যাভ্যাসে ঔদাস্য করিয়াছিলাম। তাহাতেই আমাদিগের এই দুরবস্থা ঘটিয়াছে। অতএব এক্ষণে বিদেশে গিয়া বিদ্যাভাস করা উচিত। এইরূপ সংকল্প করিয়া চারি জনেই নানা দেশে ভ্রমণ পূর্ব্বক অল্পকালমধ্যে সমস্ত বিদ্যায় পারদর্শী হইল। প্রত্যাগমন সময়ে পথিমধ্যে কোন স্থানে দর্শন করিল এক চর্ম্মকার মৃত ব্যাঘ্রের মাংস ও চর্ম্ম লইয়া প্রস্থান করিল। কেবল অস্থিসকল স্থানে২ পতিত রহিল।

তাহাদিগের এক ব্যক্তি অস্থিসংগ্রহণী বিদ্যা শিক্ষা করিয়াছিল। সে মন্ত্রপ্রভাবে সমস্ত অস্থি একস্থানস্থ করিয়া ব্যাঘ্রের কঙ্কাল সঙ্কলন করিল। দ্বিতীয় ব্যক্তি মাংসসঞ্জননী বিদ্যা দ্বারা সমুদয় দেহে মাংস জন্মাইয়া দিল। তৃতীয় চর্ম্মসংযোজনী বিদ্যা জানিত। সে তাহার প্রভাবে ব্যাঘ্রের সর্ব্বশরীর চর্ম্ম দ্বারা আচ্ছাদিত করিল। চতুর্থ ব্যক্তি মৃত সঞ্জীবনী দ্বারা শার্দ্দূলের জীবন প্রদান করিল। ব্যাঘ্র হিংস্র জন্তু তৎক্ষণাৎ গাত্রোত্থান করিয়া তাহাদের চারি জনেরই প্রাণ সংহার করিল।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ এই চারি জনের মধ্যে কোন ব্যক্তি অধিক নির্ব্বুদ্ধি। রাজা কহিলেন যে জীবন দান করিল।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

দ্বাবিংশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

বিশ্বপুর নগরে নারায়ণ নামে এক ব্রাহ্মণ ছিলেন। তিনি এক দিন মনেং বিবেচনা করিতে লাগিলেন এক্ষণে বার্দ্ধক্য প্রযুক্ত আমার শরীর শীর্ণ ও ইন্দ্রিয় সকল জীর্ণ হইয়াছে। কিন্তু ভোগাভিলাষ পূর্ব্বাপেক্ষা প্রদীপ্ত হইতেছে। আমি পরকলেবরপ্রবেশনী বিদ্যা জানি। অতএব এই জরাজীর্ণ ভোগাক্ষম শরীর পরিত্যাগ করিয়া কোন যুবা ব্যক্তির শরীরে প্রবিষ্ট হই। তাহা হইলে কিয়ৎ কালের জন্যে অনায়াসে অভিলাষানুরূপ সংসারের সুখ সম্ভোগ সম্পাদন করিতে পারিব। কিন্তু সহসা এই দেহ ত্যাগ করিয়া দেহান্তরে প্রবেশ করিলে আমার এই অভিপ্রায়ের প্রকাশ সম্ভাবনা। অতএব প্রথমতঃ যোগাভ্যাসচ্ছলে পরিবারের নিকট বিদায় লইয়া বন প্রবেশ করি। পরে তথা হইতে আপন অভিপ্রায় সম্পন্ন করিব।

মনেং এইরূপ সংকল্প করিয়া পুত্র পৌত্র দুহিতৃ দৌহিত্র কলত্র আদি সমস্ত পরিবার একত্র করিয়া তাহাদের সম্মুখে কহিতে লাগিল আমি এতাবৎকাল পর্য্যন্ত সংসারাশ্রমে থাকিয়া বিষয় বাসনায় আসক্ত হইয়া বৃথা কাল যাপন করিলাম। এক দিন এক মুহূর্ত্তের নিমিত্তেও পরকালের হিত চিন্তা করি নাই। এক্ষণে আমার শেষদশা উপস্থিত। অতএব অভিলাষ অরণ্য প্রবেশ পূর্ব্বক যোগাভ্যাস দ্বারা তনুত্যাগ করি। ফলতঃ আমার আর এক ক্ষণের নিমিত্তেও এই মায়াময় অকিঞ্চিৎকর সংসারে থাকিতে বাসনা নাই। অতএব

তোমরা ঐকমত্য পূর্ব্বক অনুমতি কর। নির্ম্মম ও নিঃসঙ্গ হইয়া মোক্ষপথের পথিক হই।

এইরূপ কপটবাক্যে পরিবারের নিকট বিদায় লইয়া বন প্রস্থান করিল। পরে তথায় বৃদ্ধ দেহ পরিত্যাগ করিয়া অন্য কোন যুব-শরীরে প্রবেশ পূর্ব্বক বিষয়াভিলাষ পূর্ণ করিতে লাগিল। কিন্তু মহারাজ পূর্ব্ব দেহ পরিত্যাগের অব্যবহিত পূর্ব্বক্ষণে সে রোদন করিয়া পরদেহপ্রবেশ কালে বিকসিত আস্যে হাস্য করিয়াছিল।

অতএব জিজ্ঞাসা করি ইহার রোদন ও হাস্যের কারণ কি। রাজা বিক্রমাদিত্য কহিলেন শুন বেতাল পূর্ব্বকায় পরিত্যাগ করিলেই বহু কালের বহু যত্নের পরিবারের সহিত আর কোন সম্বন্ধ থাকিল না। অতএব তাহাদের মমতায় মুগ্ধ হইয়া রোদন করিয়াছিল। আর পরশরীরপ্রবেশ সম্পন্ন হওয়াতেই ভোগপথ অকণ্টক হইল। তাহাতেই আহ্লাদিত হইয়া হাস্য করিয়াছিল।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

ত্রয়োবিংশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

ধর্ম্মপুরে গোবিন্দ নামে এক ব্রাহ্মণ ছিলেন। তাহার তিন পুত্র। তন্মধ্যে এক জন ভোজনচতুর অর্থাৎ অন্ন ব্যঞ্জনে যদি কোন ব্যতিক্রম থাকিত। তাহা অত্যন্ত দুর্জ্ঞেয় হইলেও সে তৎক্ষণাৎ বুঝিতে পারিত। দ্বিতীয় স্ত্রীচতুর অর্থাৎ স্ত্রীলোকের কোন দুরবগম্য দোষ থাকিলেও তাহা সম্যক্ রূপে বুঝিতে পারিত। তৃতীয় শয্যাচতুর অর্থাৎ শয্যায় কোন প্রকারে কোন বিঘ্ন হইলে তাহাতে তাহার নিদ্রা হইত না। ফলতঃ এই তিন বিষয়ে তাহাদের অনন্যসাধারণ নৈপুণ্য ছিল।

এই লোকাতীত চতুরতা লোকপরম্পরায় তত্রত্য নরপতির কর্ণগোচর হইলে তিনি তাহাদের তত্তদ্গুণের পরীক্ষার্থে অত্যন্ত কৌতুকাবিষ্ট হইলেন। এবং তিন জনকেই নিজ রাজধানীতে আহ্বান করিয়া জিজ্ঞাসিলেন তোমরা কে কোন বিষয়ে চতুর।

অনন্তর তাহারা আপন২ পরিচয় প্রদান করিলে রাজা প্রথমতঃ ভোজনচতুরের পরীক্ষার্থে পাচক ব্রাহ্মণকে ডাকাইয়া নানাবিধ সুরস অন্ন ব্যঞ্জন প্রভৃতি ভক্ষ্য দ্রব্য প্রস্তুত করিতে আদেশ দিলেন। পাচক রাজাজ্ঞানুসারে অতিশয় যত্ন সহকারে চর্ব্ব্য চূষ্য লেহ্য পেয় প্রভৃতি সমস্ত দ্রব্য প্রস্তুত করিয়া ভূপতি সমীপে সংবাদ প্রদান করিল। রাজা ভোজনচতুরকে সেই সমস্ত ভক্ষ্য দ্রব্য ভক্ষণ করণের আদেশ করিলে সে ভোজনালয়ে উপস্থিত হইল। এবং আসনে

উপবেশন মাত্র অমনি গাত্রোত্থান করিয়া রাজসমীপে প্রত্যাগমন করিল।

রাজা জিজ্ঞাসা করিলেন কেমন পর্য্যাপ্ত ভোজন হইয়াছে। সে কহিল না মহারাজ আমার ভোজন করা হয় নাই। রাজা জিজ্ঞাসিলেন কেন। সে কহিল মহারাজ অন্নে শবগন্ধ নির্গত হইতেছে। বোধ করি শ্মশানসন্নিহিতক্ষেত্রজাত ধান্যের তণ্ডুল পাক করিয়াছিল। রাজা শুনিয়া উন্মত্তপ্রলাপবৎ অসঙ্গত বোধ করিয়া কিঞ্চিৎ হাস্য করিলেন। এবং এই ব্যাপার গোপনে রাখিয়া ভাণ্ডারিকে ডাকাইয়া সেই তণ্ডুলের বিষয়ে অনুসন্ধান করিতে আজ্ঞা দিলেন। ভাণ্ডারী সমস্ত বিষয়ের সবিশেষ অনুসন্ধান করিয়া নরপতিগোচরে আসিয়া নিবেদন করিল মহারাজ অমুক গ্রামের শ্মশানসন্নিহিত ক্ষেত্রজাত ধান্যে ঐ তণ্ডুল প্রস্তুত হইয়াছিল। রাজা শুনিয়া অত্যন্ত চমৎকৃত হইলেন। এবং ভোজনচত্তরের অশেষ প্রকার প্রশংসা করিয়া কহিলেন তুমি যথার্থ ভোজনচত্তর বট।

তৎপরে এক পরমসুন্দরী বারবিলাসিনী আনাইয়া স্ত্রীচত্তরকে কহিলেন তুমি অদ্য এই কামিনীর সহিত যামিনী যাপন কর। স্ত্রীচত্তর বারাঙ্গনার সঙ্গে শয়ন করিয়া তাহার অঙ্গবিনির্গত অজাগন্ধে অত্যন্ত অসুখী হইয়া নিশাযাপন করিল। পর দিন প্রভাতে রাজসভায় উপস্থিত হইলে রাজা জিজ্ঞাসিলেন কেমন কল্য সুখে নিশাযাপন হইয়াছে। স্ত্রীচত্তর কহিল না মহারাজ অতিক্লেশে নিশাযাপন করিয়াছি। ঐ বেশবনিতার গাত্রে অত্যন্ত ছাগগন্ধ। বোধ করি সে বাল্যকালে কেবল ছাগীদুগ্ধে প্রতিপালিত হইয়াছিল।

পরে নরপতি সবিশেষ অনুসন্ধান দ্বারা অবগত হইলেন ঐ বার-

যুবতীর বাল্যকালে মাতৃবিয়োগ হয়। তাহার মাতৃষ্বসা ছাগদুগ্ধ পান করাইয়া তাহাকে প্রতিপালন করিয়াছিল। তখন রাজা তাহাকে ধন্যবাদ দিয়া কহিলেন তুমি যথার্থ স্ত্রীচত্তর।

অনন্তর এক সুশোভিত শয়নাগারে পরম রমণীয় অতি কোমল শয্যা প্রস্তুত করাইয়া শয্যাচত্তরকে শয়ন করিতে আজ্ঞা দিলেন। সে কিয়ৎক্ষণ শয়ন করিয়া রাজার সমীপে আসিয়া নিবেদন করিল মহারাজ ঐ শয্যার সপ্তম তলে এক ক্ষুদ্র কেশ আছে। তাহা আমার অতিশয় ক্লেশকর হইতে লাগিল। অতএব শয়ন করিতে পারিলাম না। রাজা শুনিয়া অতিশয় চমৎকৃত হইলেন। এবং স্বয়ং শয়নাগারে প্রবেশ করিয়া অন্বেষিয়া দেখিলেন শয্যার সপ্তম তলে যথার্থই এক কেশ পতিত আছে। তখন তাহার প্রতি অত্যন্ত সন্তুষ্ট হইলেন। এবং বারম্বার প্রশংসা করিয়া কহিলেন তুমি যথার্থ শয্যাচত্তর বট। অনন্তর তাহাদিগের তিন জনকে যথোচিত পারিতোষিক প্রদান পূর্ব্বক বিদায় করিলেন।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ এই তিনের মধ্যে কোন জন অধিক প্রশংসনীয়। রাজা কহিলেন আমার মতে শয্যাচত্তর।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

চতুর্ব্বিংশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ

কলিঙ্গদেশে যজ্ঞশর্ম্মা নামে এক পরম ধার্ম্মিক ব্রাহ্মণ ছিলেন। তিনি অনেক দেবতার আরাধনা করিয়া বহুকালের পর এক পুত্র পাইলেন। ঐ পুত্র অল্প কাল মধ্যে অধ্যয়ন দ্বারা সর্ব্বশাস্ত্রে সুপণ্ডিত হইল। এবং অনন্যকর্ম্মা ও অনন্যধর্ম্মা হইয়া নিরন্তর পিতৃসেবা করিতে লাগিল। ঐ বালক পিতা মাতার দুরদৃষ্টক্রমে পঞ্চদশবর্ষ বয়ঃক্রম কালে কালগ্রাসে পতিত হইল। পরে তাহার পিতা মাতা প্রথমতঃ যৎপরোনাস্তি বিলাপ ও পরিতাপ করিলেন। পরিশেষে অগ্নিসংস্কারার্থে গ্রামোপান্তবর্ত্তি শ্মশানে লইয়া গিয়া চিতা রচনা করিতে লাগিলেন।

এক বৃদ্ধ যোগী বহুকালাবধি ঐ শ্মশানে যোগাভ্যাস করিতে ছিলেন। তিনি পঞ্চদশবর্ষীয় ব্রাহ্মণকুমারের মৃত দেহ পতিত দেখিয়া মনে২ বিবেচনা করিলেন আমার এই প্রাচীন দেহ জরায় জীর্ণ ও শীর্ণ হইয়া কার্য্যাক্ষম হইয়াছে। অতএব এক্ষণে এই যুবদেহে প্রবেশ করি। তাহা হইলে বহুকাল যোগাভ্যাস করিতে পারিব। এই বলিয়া জগদীশ্বরের নাম স্মরণ পূর্ব্বক সেই শরীরে প্রবেশ করিলেন।

ব্রাহ্মণকুমার তৎক্ষণাৎ জীবিত হইয়া উঠিল। যজ্ঞশর্ম্মা পুত্রকে প্রত্যাগতজীবিত দেখিয়া প্রথমতঃ প্রফুল্লবদনে হাস্য করিলেন। এবং এক নিমেষ পরেই পুনর্ব্বার পূর্ব্ববৎ বিষণ্ণবদনে রোদনে প্রবৃত্ত হইলেন।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসিল মহারাজ ব্রাহ্মণ পুত্রকে পুনর্জ্জীবিত দেখিয়া হৃষ্টমনে হাস্য করিয়া কি কারণে পরক্ষণেই রোদন করিলেন বল। রাজা কহিলেন ব্রাহ্মণ পুত্রকে পুনর্জ্জীবিত বোধ করিয়া প্রথমতঃ আহ্লাদ ও হাস্য করিলেন। কিন্তু পরশরীর প্রবেশনী বিদ্যা জানিতেন। তৎপ্রভাবে পর ক্ষণেই জানিতে পারিলেন পুত্র জীবিত হয় নাই। যোগির প্রবেশ দ্বারা এইরূপ হইয়াছে। অতএব রোদন করিলেন।

ইহা শুনিয়া বেতাল ইত্যাদি।

পঞ্চবিংশ উপাখ্যান।

বেতাল কহিল মহারাজ শ্রবণ কর।

দক্ষিণ দেশে ধর্ম্মপুর নামে এক নগর আছে। তথায় মহাবল নামে এক মহাবল পরাক্রান্ত নরপতি ছিলেন। তাঁহার এক প্রতিপক্ষ রাজা চতুরঙ্গিণী সেনা লইয়া রাজধানী অবরোধ করিলে পর রাজা মহাবল স্বীয় সমস্ত সৈন্য সামন্ত সহকারে সমরসাগরে অবতীর্ণ হইয়া অশেষ প্রকারে প্রতীকার চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু পরিশেষে স্বপক্ষ সৈন্য সমস্ত ক্ষয়প্রাপ্ত হইলে নিতান্ত নিরুপায় ভাবিয়া মহিষী ও তনয়াকে সমভিব্যাহারিণী করিয়া অরণ্য প্রয়াণ করিলেন। কিয়দ্দূর গমন করিয়া তিন জনেই অতিশয় ক্ষুধার্ত্ত হইলেন। তখন রাজা মহিষী ও তনয়াকে তরুতলে অবস্থিতি করিতে কহিয়া স্বয়ং ভক্ষ্য দ্রব্য আহরণার্থে অরণ্যের অনতিদূরবর্ত্তিএক নগরে প্রবিষ্ট হইলেন।

সায়ংকাল উপস্থিত হইল। তথাপি রাজা প্রত্যাগত হইলেন না। রাজমহিষী ও রাজকুমারী রাজার অনাগমনে অনিষ্ট আশঙ্কা করিয়া অত্যন্ত বিষণ্ণমনে নানাপ্রকার চিন্তা করিতে লাগিলেন।

সেই দিবসে কুণ্ডিনাধিপতি রাজা চন্দ্রসেন আপন জ্যেষ্ঠ পুত্রকে সঙ্গে লইয়া সেই কাননোদ্দেশে মৃগয়ায় আসিয়াছিলেন। তাঁহারা তাদৃশ নিবিড় অরণ্য মধ্যে অসম্ভাবিত নরচরণচিহ্ন দর্শন করিয়া বিস্ময়ান্বিত চিত্তে অশেষ প্রকার কল্পনা করিতে লাগিলেন। পরিশেষে পুংবিলক্ষণ লক্ষণাদি দ্বারা স্ত্রী লোকের পদচিহ্ন নিশ্চয় হইল।

রাজা কহিলেন চরণচিহ্ন দ্বারা অনুমান হইতেছে দুই রমণী অচিরে এই স্থান দিয়া গমন করিয়াছে। অতএব চল চারি দিকে অন্বেষণ করি। যদি অনুসন্ধান পাওয়া যায় বয়ঃকনিষ্ঠা আমার ও জ্যেষ্ঠা তোমার হইবেক।

এইরূপ প্রতিজ্ঞা করিয়া কিয়ৎক্ষণ ইতস্ততঃ ভ্রমণ করিতে২ সায়ং-কালে দেখিতে পাইলেন এক তরুমূলে দুই পরমসুন্দরী নারী অবিরল-বিগলিতজলধারাকুল লোচনে পরস্পর বদন নিরীক্ষণ করত যূথবিরহিত কুররীযুগলের ন্যায় প্রগাঢ় উৎকণ্ঠায় কাল যাপন করিতেছে। অনন্তর প্রণয়গর্ভ সম্ভাষণ পূর্ব্বক তৎকালোচিত সান্ত্বনা প্রদান করিয়া পূর্ব্বপ্রতিজ্ঞানুসারে রাজা রাজকন্যাকে লইলেন। এবং রাজকুমার রাজমহিষীকে গ্রহণ করিলেন।

ইহা কহিয়া বেতাল জিজ্ঞাসা করিল মহারাজ এই দুই স্ত্রীর পুত্র জন্মিলে তাহাদের পরস্পর কি সম্বন্ধ হইবেক। রাজা বিক্রমাদিত্য স্থিরচিত্তে বহুক্ষণ চিন্তা করিলেন। কিন্তু কিছুই স্থির করিতে না পারিয়া মৌনাবলম্বন করিয়া রহিলেন॥

উপসংহার।

অনন্তর বেতাল কহিল মহারাজ আমি তোমার অধ্যবসায় সাহস ও বীরত্ব দর্শনে অতিশয় সন্তুষ্ট হইয়াছি। এক্ষণে তোমাকে কিছু উপদেশ দিতেছি অবধান পূর্ব্বক শ্রবণ কর।

যে যোগী তোমাকে শবানয়নার্থে প্রেরণ করিয়াছে। সে কুম্ভকার-কুলোদ্ভব। তাহার নাম শান্তশীল। এবং এই যে শব দেখিতেছ ইহা ভোগবতীর অধিপতি রাজা চন্দ্রভানুর মৃত দেহ। শান্তশীল আপন যোগ সিদ্ধির নিমিত্ত অনেক কৌশলে চন্দ্রভানুর প্রাণ বধ করিয়া প্রায় কৃতকার্য্য হইয়া আছে। এক্ষণে তোমার প্রাণবধ করিতে পারিলেই উহার সম্পূর্ণরূপে প্রয়োজন সিদ্ধি হয়।

অতএব আমি তোমাকে সাবধান করিয়া দিতেছি। যোগী পূজা সমাপন করিয়া কহিবেক মহারাজ সাষ্টাঙ্গ প্রণিপাত কর। তদনুসারে তুমি প্রণত হইলে তৎক্ষণাৎ খড়্গ প্রহার করিবেক। অতএব তুমি প্রণাম না করিয়া কহিবে আমি সমস্ত পৃথিবীর সম্রাট্। কোন কালে কাহাকেও দণ্ডবৎ প্রণাম করি নাই। আপনি কৃপা করিয়া দেখাইয়া দিলে প্রণাম করিতে পারি। অনন্তর সে যেমন ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিবেক। তুমি তৎক্ষণাৎ খড়্গ প্রহার দ্বারা তাহার শিরশ্ছেদন করিবে। এবং চন্দ্রভানু ও শান্তশীল উভয়ের মৃত দেহ তৈলকটাহে নিক্ষেপ করিলে তাহার যোগাভ্যাসের সম্পূর্ণ ফল পাইয়া নিরুদ্বেগে অখণ্ড সাম্রাজ্য করিতে পারিবে। সে ব্যক্তি আততায়ী। আততায়ির প্রাণদণ্ড করিলে পাতক নাই।

এই বলিয়া বেতাল সেই মৃত শরীর হইতে বহির্গত হইয়া স্বস্থানে প্রস্থান করিল। রাজা সেই শব লইয়া সন্ন্যাসির সমীপে উপস্থিত হইলে তিনি অত্যন্ত সন্তুষ্ট হইয়া রাজার বহুপ্রকার প্রশংসা করিতে লাগিলেন। অনন্তর জীবনদান পূর্ব্বক সেই মৃত শরীর বলিপ্রদান করিলেন। এবং পূজার অন্যান্য অঙ্গ সমাপন করিয়া রাজাকে কহিলেন মহারাজ সাষ্টাঙ্গ প্রণাম কর তোমার প্রতাপবৃদ্ধি ও অষ্ট-সিদ্ধিলাভ হইবেক।

রাজা বেতালবাক্য স্মরণ করিয়া কৃতাঞ্জলি হইয়া অতিবিনয়ে নিবেদন করিলেন মহাশয় আমি উক্তপ্রকার প্রণাম করিতে জানিনা। আপনি গুরু কৃপা করিয়া শিখাইয়া দেউন। পরে যোগী রাজাকে প্রণাম শিখাইবার নিমিত্ত ভূমিষ্ঠ হইয়া দণ্ডবৎ পতিত হইলে রাজা বেতালের উপদেশানুসারে খড়্গাঘাত দ্বারা তাহার শিরশ্ছেদ করিলেন।

দেবতারা রাজার সাহস দর্শনে সন্তুষ্ট হইয়া দুন্দুভিধ্বনি ও পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন। দেবরাজ বিমান হইতে অবতরণ পূর্ব্বক রাজাকে দর্শন দিয়া কহিলেন মহারাজ আমি তোমার প্রতি প্রীত হইয়াছি বর প্রার্থনা কর। রাজা অনিমিষসহস্রনয়নোপলক্ষিত কলেবর দর্শনে দেবরাজ নিশ্চয় করিয়া আপনাকে কৃতার্থ বোধ করিলেন। এবং কহিলেন আপনকার প্রসাদে পৃথিবীতে আমার আর প্রার্থয়িতব্য নাই। তথাপি এই মাত্র প্রার্থনা করি যেন আমার এই বৃত্তান্ত সমস্ত সংসারে প্রসিদ্ধ হয়। ইন্দ্র কহিলেন মহারাজ যাবৎ চন্দ্র সূর্য্য পৃথিবী ও আকাশমণ্ডল অবস্থিতি করিবেক। তাবৎকাল পর্য্যন্ত তোমার এই বৃত্তান্ত নিঃসন্দেহ প্রসিদ্ধ থাকিবেক।

এইরূপে রাজাকে অন্যান্য অনেক বর প্রদান করিয়া দেবরাজ দেবলোক প্রস্থান করিলেন। অনন্তর রাজা মন্ত্রপ্রয়োগ পূর্ব্বক উভয়ের মৃত দেহ তৈলকটাহে নিক্ষেপ করিবামাত্র দুই বীরপুরুষ উপস্থিত হইল। এবং কৃতাঞ্জলি হইয়া নিবেদন করিল মহারাজ কি আজ্ঞা হয়। রাজা কহিলেন আমি যখন২ স্মরণ করিব তোমরা আমার নিকটে উপস্থিত হইবে। তাহারা যাহা আজ্ঞা মহারাজ বলিয়া প্রস্থান করিল। রাজা বিক্রমাদিত্যও কৃতার্থম্মন্যচিত্তে রাজধানী প্রত্যাগমন পূর্ব্বক নবরত্নমধ্যবর্ত্তী হইয়া পরম সুখে রাজ্য শাসন ও প্রজাপালন করিতে লাগিলেন। ইতি।

সম্পূর্ণ